
# क्लीन क्लमबंख

# নাটক। জন্ম ত্ৰু ত্ৰু ত



ন্দ্র বন্ধর বহুবাজারস্থ ১৮৫ নং ইটানহোপ্ যন্ত্রালয়ে মুক্রান্ধিত হইল।

मयद १८११।



# विकाशन।

কালে বল্লাল ভূপাল আবছমান প্রচ-াতি-মুর্যাদা মধ্যে স্বকপোল কণ্পিত ্যাদা প্রচার করিয়। যান তৎপ্রথায় বঙ্গন্তলী মেৰূপ চুরবস্থ, এস্ত হই-তদ্বিষয়ে কোন প্রস্তাব লিখিতৈ র্নিতার অভিলাষী ছিলাম্ তরিষিত্ত ব্রিতোপাখ্যানে'' প্রসঙ্গক্রমে কিঞ্চিৎ ক্রেম্করা গিয়াছে পরে রঙ্গপুরস্থ ভূমাধি-🎢 🖈 🗐 न 🖺 युक्त वातू का नौ हक्त ह वूर्ध्नु दीन শ্রানার ভাকরাদি পত্রে এক বিজ্ঞাপন প্রকাশ হার্ তাহার মর্ম এই যে 'বল্লাল সেনীয় বিদ্যাল প্রথা প্রচলিত থাকার কুলীন-কামিনী বিশ্ব একণে যেৰূপ ভূৰ্দণা ঘটিতেছে, ভদ্বি-🖍 🕊 তাব সম্বলিত ১ কুলীন কুলসর্বস্থ ' নামে শবীন নাটক যিনি রচনা করিয়া রচকগণ স্প্রেজিফ্টতা দর্শাইতে পারিবেন ু তাহাকে ৫০ টাকা পারিতোষিক "। পরে আমি তাহা রচনা করিয়া নিকট প্রেরণ করিয়া ছিলাম্ তাহাতে ক্লুগ্রাহি দেশহিতৈষি মহোদয় তদ্দুটো 🐩 পরিতৃফ হইয়া অঞ্চীকৃত ৫০ টাকা


আমাকে পাবিতোলিক দিয়াছেন এবং আ মান্য বদান তাশালী উক্ত মহানুত্ৰ 💐 মাব প্রার্থনানুসারে পুস্তকও আমারে অামি তাহা মুদ্রিত ও প্রচারিত করিলামী এই নাটক ষড্ভাগে বিভক্ত। প্রথমে, 🛊 পালক বন্দোপাধারের কন্যাগণের বিবা ন্তুর্থ। দ্বিতীবে, ঘটকেব কণ্ট বাৰ্ स्वतः दश्माजनक नामा अस्रोत। ट्रीए কলক। নিনী গণের আচাব ব্যবহার। **চত্তের** भक्क विकारित पारियामस्यायन। श्राप्तरम् नामः রহস্য ও বিরহি পঞ্চাননের বিদোগ পারি (पतन। यर्छः विवाध निर्देश अ अ ह नगा लि। ५३ तीि कार्य अहे ना छेक विष्ठ इंदेश ইহা নেবল রহস্য জনক ব্যাপারেই পা वटि, किंदु आएमाशान मगन शार्र की তাংপ্যা গ্রহণ করিলে ক্রতিম কৌলীনা প্র বঙ্গদেশের যে জুরবস্থ। ঘটিরাছে তাহা শ্র অবগত হওয়। যাইতে পারে। একণে

প্ন। সজ্জনগণ সম্বাপে ইছ। আদর্ণীয় ই তাছা ছইলেই অস সফল জ্ঞান করিব ই

# नाटिगालिथि वाङ्गिश्।

কুলপালক	প্রধান কুলীন ব্রাহ্মণ।
কুলধন · · · ·	কুলপালকের প্রতিবাদী।
छें जाठार्या	
ऋधीत	ঘটক ৷
অনৃতাচার্যা 🕽	*
গ্ৰহাচাৰ্য্য • • •	शृङ्किथा।
वा जनी ••••	कुंनशानक्तत्र द्वी।
क्राइवी	
अन्। इती भाष्ट्री अती कामिनी	কুলগালকের কন্যা।
क्रांगिमी	Lot all alotas deall
িম্কশেরী	
িরসকা	নাপিত দ্রী।
दनवल	পূজক ব্ৰাহ্মণ !
মোহিনী প্রভৃতি ১১	প্রতিবাদি কুলীন কামিনীগুণ।
ভোলা	কুলপালকের ক্যাণ ভূত্য,নীয় জাতি
धर्मानील	পুরে†হিত।
उक्वाशीम	ধর্মাণীলের ছাত্র।
অধর্মকটি • • • } বিবাহ বণিক • }	বৈদেশিক কুলীন ব্ৰাহ্মণ।
উত্তम	বিবাহ বণিকের ক্ষেত্রজ পুত্র।
উদর পরায়ণ · · ·	देविष्क द्वाक्रम।
স্থমতি · · · · · ·	উদর পরায়ণের স্ত্রী।
শিশু	উদর পরায়ণের পুত্র।
नाशानकात	অধ্যাপক।
माधवी	স্থশিক্ষিতা কুলীন কন্যা।
মহিলা	कुलीन कन्गी।
বিরহি পঞানন ••	মূত পত্নীক বংশজ।
বিবাহ বাতুল · · · ·	অকৃত বিবাহ বংশজ।
অভবা চন্দ্র •••••	বৈদৈশিক ব্যক্তি।

# Bangia Sahitya Parishad Mandir



# कूलीन कूलमेर्बंख नाएक।

### नाननी \*

শিশু শশি শোভে ভালে বপু বিভূষিত কালে গলে কালকুটের কালিনা।
রক্ষক ভূষর শোভা ভক্তজন মনোলোভা একপের দিতে নাহি সীমা॥
বাম উরুপরে বসি, অকলঙ্ক উমা শশী
পুলকে প্রফুল কলেবর।
নিতান্ত কিঙ্করজনে, ক্ল বিল্ফু বিতরণে,
ত্রাণ কর ওহে ক্লোধর॥

অপর

কুলময়ী কুলারাধ্যা কুলভক্ত জন বাধ্যা জগদাদ্যা কুলকুগুলিনী।

নাটকের প্রথমে ব্রাক্ষণাদির আশীর্ষাদ বাক্য।
 আশার্ষদন সংযুক্তা স্তৃতির্যাৎপ্রবর্ততে। দেবদিজন্প:দানা তক্ষাদ্বাদীতি সাক্ষ্তা দর্গনঃ।

অমূল কণ্পিত কুল, সমূলে করি নির্মূল,
সতাকুল রিদ্ধি বিধায়িনী॥
কুলকাণ্ডে মনোমত, নিদ্রা যাও আর কত,
জাগো মাগো জগত সংসারে।
তোমা বিনা গতি নাই, কুলকাণ্ডে ডাকি তাই,
পড়ে আমি অকুল পাথারে॥

(কোন ব্রাহ্মণ এই নান্দী পাঠ করিয়া প্রস্থার্ণ করিলেন, অনস্তর স্থৃত্রধারের প্রবেশ)

স্ত্রধার। আর বাছল্যে প্রয়োজন নাই একবাব সহা
দর্মন করি, (চতুর্দ্দিক অবলোকন করিয়া) আহা কি
অপুর্দ্ধ সভা, এ সভার শোভা ক্ষণকাল নিরীক্ষণ করিলে
কাহার না অন্তরাকা নিতান্ত সন্তোদ সাগরে সন্তরণ করে।
এই সভা অগণা পাস্তীর্যোটাদার্যা বৈর্যাদিশুণ নভিত
পতিত জনে আকীর্ণ, এবং প্রভূততম বদানা দাক্ষিণা
প্রভৃতি গুণসম্পন্ন অসামানা ধনিগণে পরিপূর্ণ, সত্রব এস্থানে আমার অজ্ঞ-পরিশ্রম-শিক্ষিত সঙ্গীত শাস্তের
পরীক্ষা প্রদান একান্ত সমুচিত হইয়াছে, যেহেতু সক্ষন
সমাজ মধ্যে অপরীক্ষিত বিদ্যা, অন্ত্রি পরিশোধিত স্থবর্ণ
জাতির ন্যায়, নিতান্ত বিশ্বসনীয়া হয় না ত্রি দি তিবিষয়ে
বন্ধ করা অত্যন্ত আবিশ্যক, কিন্তু এই রস্ত্রমণ্ট্র-তালাভিনয়তাণ্ডব-পণ্ডিত-মণ্ডলী, এতন্মধ্যে কোন্ এস্তাবাধিকার করিয়া স্থকীয় সংকল্প সিদ্ধ করি? (কিঞ্চিৎ চিন্তিতের ন্যায় উর্দ্ধবিলোকন করিয়া) হাঁ, স্মৃতিপথারু হইন্য়াছে, পুরতিন প্রবন্ধ বিষয়ক সঙ্গীত সামাজিকের অন্তঃকরণ আকর্ষণ করিতে পারে না। অতএব বর্ত্তমান কালীন বঙ্গদেশোৎসঙ্গবর্ত্তি স্থরঙ্গ রঙ্গপুরস্থ কুণ্ডীনিকাসি যশোরাশি শ্রীল শ্রীমুক্ত কালীচন্দ্র চতূর্দ্ধুরীণ মহোদয় মতামুসারি শ্রীরামনারায়ণ শর্মা কর্তৃক স্থমপুর সাধু ভাষায় রচিত যে "কুলীন কুল সর্ক্ষস্থ" নামক রহস্তাজনক অপূর্ব্ব নাটক-প্রবন্ধ তৎপ্রস্তাব ব্যাখ্যানে সমীহিত সিদ্ধ করিব, এক্ষণে প্রেয়সীকে আহ্বান করিয়া রঙ্গ প্রসঙ্গে প্রবৃত্ত হই।

# (নেপথ্যের\* অভিমুখে অবলোকন করিয়া নটীর প্রতি)

প্রিয়ে যদি তোমার বেশ বিন্যাস হইয়া থাকে, ত্বরায় আইস।

### নটার প্রবেশ।

নটী। আর্য্যপুত্র ওই আমি আসিলাম, আজ্ঞা করুন্ কি করিব ?

স্ত্রধার। কান্তে এই স্কৃচির-সম্ভোগ-স্থ-নিধান মদন-সামন্ত ঋতুরাজ বসন্ত সময় সমাগত, এমত্ পরম মহোৎসব সময়ে নিরুৎস্কা হইয়া কোথা ছিলে, সজ্জন সমাজে সঙ্গীত আরম্ভ কর।

<sup>\*</sup> বেশ বিন্যাস গৃহ।

<sup>†</sup> নাটকে স্থামিসছোধন

নটী। যে আজ্ঞা। (গীতারম্ভ করিল)

"চুত মুকুল কুল, সঞ্চল দলি কুল,
গুণহ রঞ্জন গানে।

মদকল কোকিল, কলরব সংকুল,
রঞ্জিত বাদন তানে॥
রতিপতি নর্ত্তন, বিরস বিকর্ত্তন,
শুভ ঋতুরাজ সমাজে।

নবহ কুস্থমিত, বিরসি স্থবাসিত,
ধীর সমীর বিরাজে"।

স্থার। প্রিয়ে সাধুই, উত্তম সংগীত করিয়ছি, তোমার এই স্থকণ্ঠ নির্মালিক রাগ রাগিনী সংকলিত, রসভাব
সম্ভারিত, মধুরতর স্থাসন্থীত প্রবণে সমস্ত সামাজিক লোক
চিত্রপুত্তলিকার ন্যায় একতানাতঃকরণে রহিয়াছেন :
ইংারা প্রথমত তোমার লোকাতীত রূপলাবণ্য নিরীক্ষণেই মুগ্ধপ্রায় ছিলেন, এক্ষণে তোমার অসামান্য সঙ্গীত
নৈপুণ্য যে কিপর্যন্ত ইঁহাদিগকে আহ্লাদিত করিল
তাহা বাক্পথাতীত।।

একেত কমল কলি, প্রফুল হইলে অলি,

ৰূপ হেরি হরষিত হয়।

আবার যথন তায়, মকরন্দ গল্প পায়,
আনন্দের সীমা নাহি রয়॥

প্রেয়সি, দেখদেখ এই সভাসদ্গণের চিত্তচকোর তোমার শ্রীমুখচন্দ্র গলিত চন্দ্রিকারপ মধুর গান স্থা। পান করিয়াও পূর্বাপেকা সমধিক পিপাসা প্রকাশ করিতেছে এসময়ে বিবাহ ব্যাপার ঘটিত "কুলীন কুল সর্বাস্থ" নামক স্থতন নাটক প্রদর্শনামৃত দানে উহাকে তুট করা কর্ত্ব্য।

নটী। (বিবাহ শব্দ শ্রেবণে স্থুদীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিয়া) হায়, পুরুষের কি নিষ্ঠুর স্বভাব! স্নেহ কাহাকে বলে ইহারা কথনই জানে না, কেবল আপন স্থথেই সদা স্থথী। আমরা অবলা জাতি, অতি সরলা, আমার অন্তঃকরণ চিরদিনই চিন্তিত আছে যেহেতু আমার একটা মাত্র কুমারী, সে অতি স্কুমারী, বিশেষত বয়েস্ হইরাছে। নাথ, দেখদেখি তুমি কি নিষ্ঠুর, তাহার বিবাহের কথাও একবার উল্লেখ কর না, কেবল আমোদপ্রমোদেই মগ্ল আছ, অতএব তোমারি রঙ্গরসের সময়, তুমিই নাটক লইয়া থাক।

স্ত্রধার। (ঈষদ্ধাস্যমুখে) স্ত্রী জাতি অতি অবোধ। প্রিয়ে, চিরদিন চিন্তাকে সহচরী করিয়া স্থমমুখাব-লোকনে বিরত হইলে কি হইবে? শুভাদৃষ্ট ব্যতীত কদাচ কোন অভীউই সিদ্ধ হয় না, বিশেষত বিবাহ কার্য্য, আনি তরিমিত্ত তৎপ্রতি প্রেতীক্ষায় রহিয়াছি, দেখি অদৃত্তে কি হয়।

নটী। নাথ, তুমি কি আমাকে ভুলাইবার নিমিত্ত মিথ্যা প্রবোধ দিতেছ? স্ত্রধার। না না প্রিয়ে এমত্ কদাচ মনে করে। না । আমি যথার্থ কহিতেছি

# প্রেয়সি তোমাকে নাহি করি প্রতারণা। বিবাহ নির্বাহ বিধি বিধির ঘটনা॥

(নেপথান্থিত কুলপালক বন্দোপাধায় ইহা এবন করিয়া) সাধু ভরতপুত্র\* সাধু, প্রজাপতি নির্মন্ধ ব্যতীত কথন বিবাহবাপার সমাধা হয় না।

নটী। নাথ কি বলিলে, অদুটো যাহা হয় বলিয়া চেটা না করা কি পুরুষের কর্ম ?ছি!ছি! তুমি বিজ হইয়া কি কহিতেছ?

সূত্রধার। প্রিয়ে, তুমি অতিবুদ্ধিমতী, যথার্থ বলিয়াছ, এক্ষণে সঙ্গীত পরিত্যাগ করিয়া ছহিতার হিতকার্ফো বিহিত মন্ত্রণা করা উচিত। কিন্তু তাহা নিভূতস্থানে কর্ত্তব্য যেহেতু মন্ত্রণা ষট্কর্ণে প্রবিষ্ট হইলে ইন্টাসিদ্ধি হয় না। ঐ দেখ! কে এস্থানে আসিতেছে, অতএব চল নির্দ্ধনে গিয়া মন্ত্রণা করি।

উভয়ের প্রস্থান। ইতি প্রস্তাবনা†

### \* AB I

<sup>†</sup> প্রকৃত বিষয়ের উত্থাপিক। নটা সূত্রধারাদির উক্তি প্রত্যুক্তি।
নটা বিদ্যকোবাপি পারিপাথি কিএব বা। সূত্রধারেন সহিতাঃ
সংলাপং যত্র কুর্বতে। চিত্রৈবাক্তিঃ স্বকার্য্যোজ্যৈ প্রস্তুতান্দেপিভির্মিথঃ আমুখংতভু বিজ্ঞেয়ং নামা প্রস্তাবনাপি সা।
দর্পনঃ

[অনন্তর কুলপালক বন্দ্যোপাধ্যায়ের প্রবেশ] কুলপালক। (স্বগত\*) "বিবাহ নির্কাহবিধি বিধিরঘটনা" সত্যকথা, যথার্থ, মিথা। নয়, সংগত বটে। আমি বন্দ্য ঘটায় কেশব চক্রবর্ত্তির সন্তান, প্রধান কুলীন, আমার কন্সা দিগের বিবাহ হয় নাই, অদ্যাবধি বিধি তাহাদিগের প্রতি প্রতিকুল থাকায় সমযোগা পাত্র প্রাপ্ত হইতেছি না, তাহাতেই নিতান্ত চিন্তিত আছি। দেখ, আমার সংসার রাজ-সংসার বলিলেও বলা যায়, কিছুই অন্টন নাই, কাহারও দারস্থ হইতে হয় না, কিন্তু দেখদেখি কি দৈব বিড়মনা কিছুতেই মনস্থাটি হইতেছে না; কন্যা ভারপ্রস্ত হইয়া চিন্তা-নিমীলিত নয়নে বিনিজাবস্থায় যামিনী যা-পন করি। হায় কি ক্লেশ! পণ্ডিতেরা কহিয়া থাকেন " হুস্বগৃহাঃ স্থলপটা যব গোধৃম শালিনঃ। প্রলয়েহপিন শীদন্তি যদি কন্যা ন জায়তে " অর্থাৎ অত্মচগৃহ, ভূল বস্ত্র, যব-গোধূনশালি গৃহির গৃহে যদি কন্যা না হয় ভবে প্রলয়েও অবসাদ হয় না, ইহা যুক্তিসিদ্ধ বটে, কনা। জন্মই গৃহস্থাশ্রমির অশেষ ক্লেশ দায়ক। বিশেষত অস্মাদৃশকুলীনসন্তান দিগের। প্রত্যুত দেখ বিধাতার কি বিড়ম্বনা! আমার গৃহে কন্যাচতুঊয় অবতীর্ণ হইয়াছেন! এক কন্যাই কুলীনদিগের বিপৎ পরম্পরা সম্পাদন করে, অধিকের কথা কি বলিব ? (প্রকাশে) আঃ পোড়া দেশীয়-দিগের কি ত্বরন্ত প্রথা! অতিমন্দ?, এমন্ দেখিনাই।

<sup>\*</sup> আপনা আপনি বলা। অশ্রাব্যং খলুমন্বস্তুতদিহ স্বগতং মতং দর্পনঃ।

## [कूलधन भूरथाशाधादात अरवन]

কুলধন। কে হে বৈদ্ধুনাকি, এ রোদ্ধরের বেলা মেলাকি বক্চো হে, কেন এত রাগত কেন?

কুলপালক। বলি, তাই বলি ভাই তোমার দেশের খুরে দণ্ডবৎ, এমন্ দেশ কোথাও দেখি না।

কুলধন। যথার্থ ভাই, এদেশে খাদ্য কিছুই পাওয়া যায় না; হাট নাই, বাজার নাই, তরকারির মধ্যে পুঁইশাগ, গবোর মধ্যে তেতুল, দেশে থাকাই ছঃসাধ্য।

কুলপালক। না, তা না হে।

কুলধন। তবে, দেশের প্রতি এত ত্যাক্ত কেন?

কুলপালক। আমার মেয়েদের বিবাহ হইতে কিছু বিলম্ব হইয়াছে, তা এমন কি কারু হয় না, সংসার করিতে হইলে সকলেরি কি সকল কর্ম্ম সময়ে হইয়া থাকে, কিছুতেই কি বিলম্ব হয় না। তা বিলম্বই বা কি, বৈদিক ব্রাহ্মণের নাায় কি গর্ভেং বিবাহ দিব? দেশের লোকেরা তাহা বিবেচনা করে না, নিরপরাধে আমাকে নিন্দাবাদ প্রদান করিতেছে, তাই তুমি বিবেচনা করদেখি সম-যোগ্য পাত্র না পাইলে কেমনে বিবাহ দি? কি এখন যারতারসঙ্গে বিবাহ দিয়া চিরস্তন কুলে জলাঞ্জলি দিব?

কুলধন। হাঁঃ রেখেদেও তুমি দেশের কথা, এদেশে কেবল দ্বেষ বৈ নেই, কেন তোমার মেয়ের। তো বড়, বড় হয় নাই তাদের কতো বয়েস্ হয়েছে?

কুলপালক। বয়দের কথা কি বলিব ভাই, বয়স্ কোথা?

বড়কন্যার অদ্যাবধি সকল দন্ত পতিত হয় নাই; মধ্যমটীর সকল কেশও পক্ষ হয় নাই; তৃতীয় কন্যাও প্রায় মধ্যম-টীর মত; আর আমার যে কনিষ্ঠা কন্যা সে অতি শিশু, বোধ হয় গাত্রে স্থৃতিকা গদ্ধও থাকিলে থাকিতে পারে, বাছা এই গত পৌষ মাসে সবে প্রিশ বৎসরে পড়িয়াছে।

কুলধন। বিলক্ষণ, এত অল্প বয়েসে তুমি তাদের বে দিও না, দেশেলোকের কথায় কি করে; আমারে অমনি নিন্দে কর্চে; আমার একটা মেয়ে, তার বে হয়নি বলে কতো কথাই বল্চে, বলুক্, বেটারা কি কর্বে।

কুলপালক। তোমার মেয়ের বয়স কত তাই ?

কুলধন। বয়েস্ বড় অধিক নয়, সে দিন চিকুজি খুলিয়া দেখিলাম বলি দেখিদেখি মেয়েটার বয়েস্কত, তা ভাই বুঝিতে পারিলাম না, চিকুজি খানা জীর্ণ হএছে আঁকর বোঝা যায় না, তা নাই গেলো, সে এই বড়-পিসীর বইসী।

কুলপালক। তা ভাই আমি তথাপি দেশীয় দিগের দেষে ও ব্রাহ্মণীর আদেশে স্বয়ং পাত্রান্বেষণ করিতেছি এবং অনৃতাচার্য্য ও শুভাচার্য্য নামক ছই ঘটককে ঐ উদ্দেশে দেশেং প্রেরণ করিয়াছি; তাঁহারা উপযুক্ত পাত্রন বরপাত্র পরীক্ষায় বিলক্ষণ পারগ; কিন্তু আমার ছরদ্য দোষে অদ্যাবধি তাঁহারাও প্রত্যাগত হইতেছেন না, অদ্য প্রত্যুষে গাল্রোখান করিয়া তাঁহাদিগের অন্বেষণে পর্যাটন করিতেছি। আঃ কি ক্লেশ? সংসারাশ্রম সাদৃশব্যক্তির কেবল অবিশ্রোম ছঃথেরি স্থান। এই সং

সার কালরাত্রিতে কতই ছঃখছুদ্দিন কিন্তু স্থখদ্যোত অতি অল্প। আমি অদ্য প্রাতঃকালাবধি ভ্রমণ করিয়া কি সামান্য পরিপ্রান্ত ও আতপক্লান্ত হইয়াছি?

কুলধন। চল ভাই এখন ঘরে যাওয়াযাউক, অনেক বেলা হয়েছে।

কুলপালক। (উদ্ধবিলোকন করিয়া,) একি মধ্যাহ্নকাল উপস্থিত, সহস্রকিরণ স্থর্য্য পুচুর কিরণ পুদানে আপনার সহস্রকিরণ নামই কি সার্থক করিতে উদ্যত হইয়াছেন? একণ অনবরত পথপরিশ্রান্ত ও দিনকর কিরণে নিতান্ত ক্লান্ত পান্থ লোকেরা সন্তাপ শান্তি নিমিত ছায়া পুদান পাদপ তলে পল্লবশয্যায় শয়ান হইয়া সংবেশস্থ অনুভব করিতেছে। মহীরহ্চয় একান্ত প্রন-পাত-বিরহে সজ্জন-মানসের ন্যায় চাপল্য পরিত্যাগ করিয়া স্থিরভাবে অব-ञ्चान कतिराउछ। वतारशंग পानुनशस्त्र मकीय निनीन করিয়া রহিয়াছে। কুররীকুল তরুমূলে শয়ন করিয়া আমী-লিত নয়নে রোমস্থ করিতেছে। তিক্ষোপজীবি জীবিরা সাতিশয় বুভুক্ষায় ক্ষীণকায় ও ব্যগ্র হইয়া গৃহ হইতে গৃহান্তরে সঞ্চারণ করিতেছে। গৃহিগণ স্বস্ব ব্যাপারে নিবৃত্ত হইয়া ক্ষুধা নিবারণোপায়ে পুবৃত্ত হইতেছে। কুলবধূরা স্থমধুর শাকস্থপাপুপাদি নানাবিধ ভোজনীয় বস্তু পুস্তত করণে অন্তঃকরণ অর্পণ করিতেছে। অপু-বাসিরা ভোজনাবসানে স্থাসনে সমাসীন হইয়া কর্থুর-পুর-স্কুবাসিত তাষ্ল পুরিত মুখে স্থে পরিজন সহ আলাপন করিতেছে। প্রবাসিরা জঠরজালায় ব্যাকুল হইয়া দেহধারণমাত্রোপযোগি দ্রব্যের সংযোগ করি-তেছে। সম্পন্ন ব্যক্তিরা মনোরমা হর্ম্মা মধ্যে পয়ঃফেননিভ পর্যাক্ষোপরি পরিচারিকা করকলিত তালবুন্তে বীজ্যমান হপুত আমীলিত লোচনে ঐশ্বর্যাস্থ্য আস্থাদন করি-তেছে। অতএব এতাদৃশ সময়েও আমি পরিশ্রম স্বীকার করিতেছি! গৃহে গমন করিয়া মাধ্যাহ্লিক কর্ম্ম সম্পন্ন করি অথবা এই ক্লেশ নিতান্ত অসহ্য নহে যেহেতু।

তপতু তপনএষ ক্লেশলেশোপি নাম্মাদ্দহতু চরণদেশে ভূমিরস্মাচ্চ কিয়া। বিষমবিষয় চিন্তাত্যন্তমাপিতানাং প্রচুরমপিহি ছংখং বাহামণ্পং বিভাতি।

স্থারে আতপে আর পৃথিবীর তাপে।
নাহিক ক্লেশের লেশ আছি মনস্তাপে।
আন্তরিক চিন্তা সদা গ্রাস করে যারে।
বাহৃত্বংথ তার আর কি করিতে পারে।
ভিতয়ের প্রস্থান।

প্রথম অঙ্ক।

### [শুভাচার্য্য ও স্থধীরের প্রবেশ ]

স্রধীর। তার পর মহাশয়?

শুভাচার্য। নিজাভীষ্ট নিষ্ণাত চেতা বিনেতা পুরাসী-মহীপো মহানাদিশূরঃ। প্রতীচীদিশঃ পঞ্চ বিপ্রান্ স্র্থী-রান্ সমানীতবান্ যঃ স্বয়ং যজ্ঞযোগ্যান্।

দেই আপন অভীট দেবাভিনিবিটমনা আদিশূর রাজা কান্যকুব্ধ হইতে সাগ্নিক বেদৰিজ্ঞ পঞ্চবিপ্রকে নিজ রাজধানীতে আনয়ন করেন। তাঁহারা সদার-ভৃত্য হইয়া সমাগমন পূর্বক বিজ্ঞবর যজ্ঞশীল মহারাজ আদিশূরের আজ্ঞান্মশারে এই গৌড়ভূমিতে বসতি করিয়াছিলেন, পরে তাঁহাদিগের বংশ পরম্পরা বিস্তৃত হইলে বল্লাল ভূপাল তন্মধ্যে এই অভিনব কুলপ্রথা প্রচার করেন, যথা " শান্তিল্য গোত্রে ভউনারায়ণ বংশ-জাত আদিবরাহ বন্দ্য; কাশ্যপগোত্রে দক্ষবংশ প্রস্তুত স্থলোচন ভট্ট; ভরদ্বাজ গোত্রে শ্রীহর্ষ বংশোৎপন্ন ধুরন্ধার মুখয়টী; সাবর্ণ গোত্রে বেদগর্ভ বংশোদ্ভব বীর-ব্রত গাঙ্গলী ও সুধীর কুন্দ; বাৎস্তাগোত্রে ছান্দড়বংশ সমূত স্থরভি ঘোষবাল, কবি কাঞ্জিলাল, ও রবিপুতি তও। এই অফবিধ মুখ্যকুলীন এবং ঐ সকল গোত্রজাত ও ভটনারায়ণ প্রভৃতি ঐ সকল ব্যক্তির বংশ সম্ভূত গৌণ চতুর্দ্দশ প্রকার শ্রোতিয়, এই দাবিংশতি প্রকার কুলীন: আর অন্যান্য কতিপয় গ্রোত্রিয় প্রথমত বল্লাল ভূপাল কর্তৃক বিভক্ত হয়, পরে লক্ষ্মণসেন পূর্ব্বোক্ত মুখ্য অফবিধ কুলীনদিগের উনবিংশতি পুত্রের সমীকরণ

করেন, অনন্তর দেবীবর ফ্লিয়া, খড়দহ, বল্লবী, সর্কানন্দী পুভৃতি ষট্ ত্রিংশৎ মেল করিয়াছেন"।

# [অনৃতাচার্য্যের প্রবেশ]

অনৃ। আঃ কে হা ও—এত বকে কেন? মাথা ধরিল যে।

স্থার। ঘটক মহাশয়, পলায়ন করা উচিত, ঐ যে আসিতেছে!

শুভ। কে ও আমিতেছে?

স্থার। আয়াতি জাতিকুলবিপুবধূনকেতুঃ সেতুর্বি-বাহঘটনায়ৃধিপারহেতুঃ। অর্থানিযার্থমনপেক্ষিত ধর্ম-কর্মা চূড়ামণির্বিতথবাগনৃতার্য্যশন্মা।

আসিল পরের জাতি কুল নাশ হেতু।
বিবাহ নির্বাহ বিধি জলধির সেতু॥
অনর্থ অর্থের লাগি ত্যক্ত ধর্মকর্মা।
চূড়ামনি মিথ্যাবাদী অনৃতার্য্য শর্মা॥

শুভ। আসিলই বা, তায় ক্ষতি কি?

অনৃ। আঃ গোবিন্দং, কি কন্ট, এই সাতিশম্ আতপতাপে তাপিতও পথিপরিশ্রান্ত হইয়া নিজ নিকে-তনে প্রত্যাবর্ত্তন পূর্বক আহারাবসানে শম্নমাত্রেই অতিমাত্র-পরিশ্রম-জনিত নিদ্রা আমার লোচন গ্রাহিনী হইয়াছে ইতিমধ্যে কাহার এই কর্ণকুহর-ভেদি কোলা- হল রব ? আমার অপক নিদ্রা পরিত্যক্ত হইল ! কস্তুং কে হে তুমি ?

শুভ। আমি শুভাচার্য শর্মা, রাঢ়দেশীয় ত্রিপু-রাপুরে নিবাস, কলিকাতার ঘোষাল, স্লগৃহীত নাম আর্য্য কুলাচার্য্যের পুত্র, পশোর সন্তান। আপনি কে? অনু। অহং ঘটক; অনুতাচার্য্য চডামণি। তোমার

অন্। অহং ঘটক ; অনৃতাচার্য্য চূড়ামণি। তোমার পিতামহের নাম কি হে ?

শুভ। মহাশয় আপনি ঘটক চূড়ামণি, আপনার অবিদিত কিছুই নাই, আপনিই বলুন।

অনৃ। (ঈষৎ হাস্তা করিয়া) শুনিবে?—বাপুছে তো-মার বংশাবলিতো আমার নয়নপথে রহিয়াছে, আমরা তেমন ঘটক নই, ফাকিজুকি নাই। চণ্ডীপুরে কিমুরাম ঘোষাল বাস করিতেন, কেমন সত্য কি না?

**७७। रत्**न नाः ७ना राउँक।

অনৃ। সেই কিন্তুরামের পুত্র হরিনাথ, হরির পুত্র
মহেশ্চল্র, মহেশের পুত্র নিমাইচরণ, নিমাইর পুত্র
বলরাম ও রামরাম, বলরাম নিঃসন্তান; রামরামের
পুত্র গোকুলচক্র, তাঁহার পুত্র কেশব, শঙ্করের পুত্র
গাসাম্বন্দর, তাহার পুত্র বৈদ্যনাথ, তিনিও নিঃসন্তান;
অতএব গঙ্গাধর ও শঙ্করের বংশ নাই। কেশবের
পুত্র হরিহর ও কবিবর, কবিবর মাতামহ সম্পর্কে গৌহাটীতে বাটী করিয়াছিলেন, হরিহরের পুত্র মাধবচক্র
তিনি ত্রিপুরাপুরে উঠিয়া যান, সেই নাধবের পাঁচ পুত্র—

শক্ষরাচার্য্য, ব্যাসাচার্য্য, জ্ঞানাচার্য্য, ধর্মাচার্য্য, ও কুশ-লাচার্য্যই তোমার পিতামহ, কেমন হইয়াছে কি না ' পঞ্চ গোত্র ছাপ্লাম গাঁই ইহা ছাড়া বামণ নাই '' আমার অবিদিত কোন্ ঘর আছে?

শুত। আপনকার পিতৃ ঠাকুরের নাম শুনিতে ইচ্ছা কবি।

অনৃ। আঁ, কি বল্যেহে? কালি রাত্রে নিদ্রা হয় নাই, বড গ্রীষ্ম।

ভত। মহাশয়ের পিতার নাম কি?

অনু। বড় মশা।

শুভা (উচ্চৈঃস্বরে) বলি আপনি কার পুত্র

অনৃ। অধিক দিন হইল আমার পিতৃ ঠাকুরের পর-লোক হইয়াছে।

শুভ। (সহাস্থা মুখে) আমি পরলোক ও ইহলো-কের কথা জিজ্ঞাসা করি নাই, পিতার নাম জিজ্ঞাসা করিয়াছি, ইহাতে পরলোক ইহলোকের কথা কেন?

অনৃ। বিলম্ব কর, অধিক দিন তাঁহার কাল হইয়াছে, নাম প্রায় এক প্রকার বিস্মৃত হওয়া গিয়াছে, স্মরণ করি তবেতো বলিব, তাড়াতাড়ি করিলে কি হইবে?

শুভ। কে আছহে—শুনিলে? ইনি এমনি ঘটক নিজ পিতৃ নামও বিস্মৃত হন! কিন্তু অন্যের পিতৃ পিতামহের নাম হঁহার মুখাগ্রবর্ভি, সেসময়ে একটাও ঠেকেনা!

অনু। পরের পিতার নাম কহিতে বিবেচনা কি? যাহা

আইনে একটা বলিলেই হয়। ভাল সেকথা থাকুক—তুমি কোন ব্যবসায়ী?

শুভ। আমিও ঘটকতা করিয়া থাকি।

অনৃ। (সগর্কো) হূঁ, তুমিও ঘটক! ভাল ভাল, বল দেখি ঘটকের লক্ষণ কি?

শুভ। আটক কি? আপনকার নিকটে পরিচিত হওয়া উচিত বটে, তবে শুকুন।

ধাৰকোভাৰকশৈচৰ যোজকশ্চাংশকস্তথা। দূৰকঃ স্তাৰকশৈচৰ ষড়েতে ঘটকাঃ স্মৃতাঃ।

অনৃ। হাঃ হাঃ হাঃ হাঃ (শব্দে হাসিল)।

শুভ। মহাশয় পরিহাস করিবেন না, আর এক লক্ষণ কহিতেছি শুরুন।

কে নো বিদন্তি পুরুষাঃ পুরুষানুপূর্বীমুর্বীতল তলে কুলভূতাং কুলবর্ত্তনংবা।
অত্যন্তস্থান্দাপি যে কুলতারতম্যং জানন্তি
তে হি ঘটকা নতু যোজকাদ্যাঃ।

জন্। (কর্ণে অঙ্গুলি দিয়া) একি, আঁ, গোবিন্দং, কি বল? কতগুলা বকিলেই কি হয়? এতো হাড়িঝীচণ্ডীর পুজার মন্ত্র।

শুত। (সবিধাদে) চূড়ামণি মহাশয়, কুলদীপিকাতে যাহা লিখিত আছে আমি কহিলাম আপনি অগ্রাহ্ম করি লেন, তাল আপনিই বলুন ঘটকের লক্ষণ কি? অনৃ। হাঁ, বাপুহে পথে আইস, আমার নিকটে শু-নিবে? শুন।

প্রবঞ্চনা পরায়ণ, মুখে প্রিয় আলাপন,
ধর্মাধর্মে নাই বিচারণ।
নাপাইলে বলে কটু, স্বোদর পূরণে পটু,
দৃষ্টিমাত্র করে সম্ভাষণ।
বাচাল আচার ভ্রম্ট, জাতি কুল করে নফ্ট,
ফুট্টমতি মূর্থের প্রবর।
বিবাদে নারদসন, মূর্ত্তিমান্ যেন তম,
হয় নয় বল স্থধীবর।

বেলিক পুরাণে মাত্লামি খণ্ডে ঘটকের এই লক্ষণ লিখিত আছে, তা বাপুহে, এসকল জান্তে হয়, এসকল শিক্তে হয়, পেটে থেকে পড়িয়াই ঘটক হইলে হয় না। আমি এসকল শিথিয়া ও এসকল গুণে ভূষিত হইয়াই ''ঘটক চূড়ামণি" নামে খাত আছি। আমার গুণের কথা কতো কহিব—আমি দাবর্ণ গৃহে কতশত কৈবর্ত্তকন্যা চালাএছে; শুদ্ধ শোতিয় বরে ক্ষত্রিয় কন্যা, বিষ্ণু ঠাকুরের বংশে বৈষণৰ কন্যা, শিবচক্রবর্ত্তির সন্তানে পদ্মনাজ ছহিতা ঘটাএছি; আর কাণা, খোঁড়া, অন্ধ, আতুর, এসমস্ততো আমার শরীরের আভরণ। এই ১৪ই মাঘে খাড়ীবাটার কচিরাম চক্রবর্ত্তির কন্যাকে এক উন্মাদ দিগম্বর বর প্রদান করিয়া দক্ষিণ হস্তের কিথিজক্ষিণ

পাইয়া মাসাবধি শ্যাগত ছিলাম, কিন্তু আমার এরপ অপরপ চাতুর্য্য যে এতাদৃশ ব্যবহারেও আমি কখন কোথায় অপমানিত হই নাই, তুমি আমাকে কি ঘট-কালি দেখাও। ভাল আর একটা কথা জিজ্ঞাসা করি, তুমিও মন্দ নও, বল দেখি কুলীন কাহাকে বলে?

শুভ। যাঁহার কুল আছে তাঁহাকেই কুলীন কহে, কুলের লক্ষণ শুরুন

# আচারো বিনয়ো বিদ্যা প্রতিষ্ঠা তীর্থদর্শনং। নিষ্ঠারভিস্তপোদানং নবধা কুল লক্ষণং।।

অনৃ। আঃ কি আপদ্; না বাপু, আর তোমার বিদ্যা প্রকাশে কায় নাই, বুঝিয়াছি; তুমি কাহার নিকটে পড়ি-য়াছ ? হা রাম, এতো বয়দ্ হইল কিছুই কর নাই! গো-বিন্দ্র, একি ? বরং এটাও এক দিন বলিলে বলিতে পার হথা

# বলদো লাঙ্গলং যৌলঃ কর্দ্দ মং মইকর্ষণং। ছঁ্যাচা ক্ষেত্রং কোদালঞ্চ নবধা কান্তে লক্ষণং।

ইহা কথঞ্জিৎ হইলেও হইতে পারে, ফলতঃ কুলের লক্ষণ জাতিভেদে বিভিন্ন, তন্মধ্যে বর্ত্তমান রাঢ়ীয় ব্রাক্ষণ দিগের কুলের প্রায়িক লক্ষণ এই।

দাঁড়িয়া প্রস্রাব করে, নিবাস শ্বশুর ঘরে, মাদকেতে আমোদ বিস্তর। সন্ধ্যার নাহিক গন্ধ, গায়ত্রীর আট্ক্যা বন্ধ্য সদানন্দ পূর্ণ কলেবর ॥ মুখে সদা বেরিগুড, তুড়িদিয়া বলে হুট, হাস্য আস্যে দোষে সাধুজনে। বড় ভক্তি পাঁচালিতে,কে আঁটিবে বাচালিতে, এই নয় গুণ লও গণে॥

ওহে সূতন ঘটক শুনিলে, বুঝিয়াছ ? না আমার বাগ্
যুদ্ধে তোমার বুদ্ধির ভূতশুদ্ধি হইয়াছে, কেবল নিষ্ঠাবৃত্তি
শিখিলেই অভীফ সিদ্ধ হয় না। এক্ষণ যাও, ভাল
লোকের নিকট কিছুকাল মনোযোগ পূর্লক পাঠ করিয়া
পরে ঘটকালি করো।

শুভ। (জনান্তিকে)\* ওহে তাই স্থার, একি? উঃ, বেটা কি দান্তিক! বোধ হয় দন্তই শরীরী হইয়া উপস্থিত হইয়াছে, কিন্তু ইহার উদরে ক অক্ষর মহামাংস, শুদ্ধ অশুদ্ধ
কথাই অনুর্গল কহিতেছে! প্রাচীনেরা কহিয়া থাকেন
" বৈয়াকরণকিরাতাদপশন্দস্গাঃ ক গছেযুঃ। যদি
ঘটক চিকিৎসক বৈতালিক বদন কন্দরা ন স্তাঃ"। অর্থাৎ
যদি ঘটক, ভিষক, ও শুতি পাঠকের মুখস্বরূপ গুহা না
থাকিত তাহা হইলে বৈয়াকরণব্যাধ হইতে অশুদ্ধবাক্যস্বরূপ মৃগেরা কোথায় আর পলায়ন করিত? ফলতঃ ইহারাই সর্বাদা অশুদ্ধ কহিয়া থাকে। এই হস্তিমূর্থ, ইহার

ঋলাপ্য জনের পরোক্ষে অন্য কোন ব্যক্তির সহিত সংলাপ।
 ঋন্যোন্যামক্ষণ্যভূজনান্তেতজ্ঞনান্তিক মিত্যালস্কারিকাঃ ॥

কিছুই অকার্য্য নাই, ইহার মতের অন্যথা কহিলে উত্তম মধ্যম হইবারও সম্পূর্ণ সম্ভাবনা।

রোষাদিদোষবসতেরসতঃ প্রচণ্ড সত্ত্বস্য সর্ব্ব বিনয়ায়ুমরুস্থলস্য। মূর্থস্য ছৃঃথকরদর্শনভাষ-ণস্যক্রাল্পনো ২ত্র ভুবনে কিমকার্য্যমস্তি॥

বিনয় জলের মরু হুঃথ দানে কম্প তরু, অসত অশেষ দোষ যার। প্রচণ্ড স্বভাব ধারী, কুর মূর্থ বলে তারি, অকার্য্য কি আছে বল তার।।

অতএব এস্থান হইতে প্রস্থান করাই যুক্তিযুক্ত। (প্রকাশে) যে আজ্ঞা মহাশয়, এক্ষণ আনি আর কিঞ্চিৎ পাঠ ক-রিতে যাই।

# [স্থবীর ও শুভাচার্য্যের প্রস্থান।

অনৃ। আঃ রাম বল আপদ্ গেল—নিষ্কণীক ইইলাম অথবা আমি যে স্থানে থাকি সে স্থানে কি অন্ত্যের আর প্রভুত্ব থাটে? এক্ষণ স্বকার্য্য সাধনে যত্ন করি। (পুরো-ভাগে অবলোকন করিয়া) হাঁ এই যে চিন্তিভান্তঃকরণে বন্দ্যোপাধ্যায় আসিতেছেন।

### [কুলপালকের প্রবেশ]

কুল। (স্বগত) হা বিধে! আমার কি পূর্ব্ব জন্মার্জিত পুঞ্জং মহাপাতক ছিল? কি ক্লেশ! কত দিনে এদীনের প্রতি मीननाथ मग्ना कतिरंतन? करन आमारक **रि**खानिशीनकित-বেন ? শাস্ত্রে কথিত আছে "চিতাচিন্তাদ্য়োর্সধ্যে চিন্তা नाम गत्रीयमी। िंछा দহতি निर्जीदः ि छ। দহতি জीविनः"। অর্থাৎ চিতা ও চিন্তার মধ্যে চিন্তাই প্রধান যেহেতু চিতা জोवशैन मृত व्यक्तिक पक्ष करत्र किन्छ िन्छ। मङ्गीवरक पक्ष করিয়া থাকে। আর মন্ত্র্যা দিগের চিন্তাই জ্বর, চিন্তাপেকা ক্লেশদায়ক কেহই নয়। আমি কন্যাভার গ্রস্ত হইয়া রাহু গ্রস্ত দিনকরের ন্যায় চিন্তায় ক্ষীণকায় হইতেছি, কুলকুগুলিনী কবে আমাকে কুলে আনিবেন? কবে কুলরক্ষা করিবেন? আমি, বহু দিন হইল, যে অঘটন-ঘটনা-পটু ঘটক দয়কে ঐ উদ্দেশে পাঠাইয়া ছিলাম, তাঁহারাও অদ্যাবধি প্রত্যা-গত হইলেন না, কি করি ? (সম্মুখে দেখিয়া প্রফুল্ল মুখে প্রকাশে) এই যে ঘটক চূড়ামণি মহাশয়—আসিতে আজ্ঞা মহাত্যব্যক্তির শরীর সর্মদা স্বোপার্জিত পুণ্যে পবিত্র, তাহাতে আধিব্যাধির বাধা কদাচ সম্ভবে না বটে, তথাপি অনিন্দিত শিফাচারামুসারে আপনকার শরীরের কুশল প্রশ্নে আত্মাকে পুনরুক্ত নিযুক্ত করিতেছি—মহাশ-য়ের শরীরের কুশল ?

অনৃ। হাঁ, তুমি মহাকুল-প্রস্থত, তোমার দর্শনেই দর্মাজীন মঞ্চল।

কুল। আপনকার যে অসাধারণ স্নেহ আছে তাহাতেই বোধ হইতেছে আপনি আমার বিষয় বিস্মৃত না হইয়া থাকিবেন।

অনৃ। (স্বগত) আগে ঘটকালি বিদায়ের বাছল্য স্বীকার করাই, কি আগেই সে সংবাদ দি? না, আগে ঘটকালিই চুকাই। (প্রকাশে) না, বিস্মৃত হইনাই, কন্তাদিগের হুরদূষ্ট দোষই বিল্লজনক হইয়াছে। তো-মার নিদেশান্ত্রসারে অশেষ দেশ ভ্রমণ করিয়াছি, কিছুই করিতে পারিতেছি না, দেখি কি হয়।

কুল। (সবিধাদ মনে) তবে এক্ষণে উপায় কি? কন্যা-দিগের কি বিবাহ হইবে না?

অনৃ। জগদীশরের মনে থাকে অবশ্যই হইবে।
আমি তোমার অন্থরোধে অনেক ক্লেশ স্থীকার করিয়াছি,
বিস্তর পর্যাটনে এক পাত্র পাইয়াছিলাম, সে সর্বস্তণাক্রান্ত বটে, তা হইলে কি হইবে? সে আর বিবাহ করিতে ইচ্ছা করে না। আমি অশেষ প্রকার প্রবোধে সশুখীন করিয়াছি কিন্তু সে বড় কঠিন কর্ম্ম, ব্যয় বাছল্য
করিতে হয়। আর আমারও সাতিশয় আয়াস, অতএব
তাহা কি প্রকারে হইতে পারে? দেখা যাউক যাহা হয়।
কুল। কুলাচার্য্য মহাশয়, আমি আপনাকে একশত
মুদ্রা পূরস্কার দিব, আর বৈবাহিক ব্যাপারে কুপণতা
করিব না। পাত্র কেমন, কৌলীন্য-মান্য কিপ্রকার,

অনৃ। (সগর্ব্বে) কি? আমি যাহা ন্ত্রির করি তাহাতে আবার দোষের আশঙ্কা? বিক্ষু ঠাকুরের বংশোৎপন্ন, পরম পবিত্র পাত্র, ফুলের মুখটী, বর্ত্তমান কুলীনদিগের প্রায়িক যে সমস্ত গুণ আছে তাহার চতুর্গুণ গুণে ভূষিত,

रज्ञून्?

কিন্তু আমি একটা কথা এ সময়ে কহিয়া রাখি নতুবা শিববিবাহ নির্মাহ কারক নারদ ঠাকুরের ন্যায় যেন পরে আমি অন্মযোজ্য না হই।

कूल। आंखा करून्?

অনৃ। বরের কিঞ্জিৎ বয়েধিকা, আর এমন অধিক বয়সই বা কি? সেই ষষ্ঠীর বৎস এই ষষ্টিবৎসরে পদা-প্রণ করিয়াছে। যাহা হউক, তোমার কি অদৃই, শিবের জামাই শিব ঘটিয়াছে। অতএব তুমি সেই সর্বা গুণালস্কৃত কুলীন-মহারথি-কুমারে কুমারী প্রদান করিয়া চরিতার্থ হও।

কুল। যে আজ্ঞা মহাশয়, দিনাবধারণ করুন্।

অনু। আগানি দিবসীয় যামিনীতে বিবাহ হইবে।

কুল। এক ব্যক্তি গ্রহাচার্য্যকে আহ্বান করিলে ভাল হয় না?

অনৃ। ক্ষতি কি ? ভাল (নেপথ্যাভিমুখে) আচার্য্য ঠাকুর কোথা, গৃহে আছ ?

# [গ্রহাচার্য্যের প্রবেশ]

গ্রহ। ওঁনমঃ শ্রীস্থ্যায়। অচন্ত্যাব্যক্তরূপায় নিগুণায় গুণাল্বনে। সমস্তজগদাধারসাক্ষিণে ব্রহ্মণে নমঃ।।
অদ্য ও রা বৈশাখ, শনিবার, পঞ্চনী, অন্তরাধা নক্ষত্র,
যাত্রা নাস্তি। কে গো আমায় ডাকিলে?

কুল। আমি, আমার কন্যাদিগের বিবাহ, একটি উত্তম দিন দেখিয়া দেও। গ্রহ। (পঞ্জিকা দেখিয়া) মহাশয়, ২৯ সে বৈশাখ উত্তম দিন আছে।

অনৃ। (স্বগত) এ কি আপদ্ হইল, কুলীন কন্যার বিবাহ তাহার আবার দিন? বিলম্ব হইলে বরের গুণ সকল প্রকাশ পাইবে, তাহা হইলে বিবাহ হওয়া ছুদ্ধর, অথবা অন্য ঘটক আসিলেও ঘটকালি বিদায়ের সঙ্কোচ হইবে। অতএব কপটতা প্রকাশ পূর্মক গ্রহাচার্য্যকে প্রতারিত করি। (প্রকাশে) কি হে গ্রহাচার্য্য, কি বলিতেছ? ২৯ সে বৈশাখ কবে?

গ্রহ। বর্ত্তমান এই বৈশাখ মাসের সংক্রান্তির পূর্ব্ব দিবস।

অনৃ। সব্ অশুদ্ধ। এ বংসরে সংক্রান্তিই নাই কেবল পৌষমাসে এক পিষ্টক সংক্রান্তি আছে এতীব-মাত্র, আর শ্রীরামপুরের পঞ্জিকামতে ভাদ্রে অরন্ধন সংক্রান্তির সম্ভাবনা হইলেও হইতে পারে, ভদ্তিম অন্য সংক্রান্তিতো দেখিতে পাই না, তুমি সংক্রান্তি আবার কোথা পাইলে? সে দিনে কি আপনিই সংক্রান্তি হইবে?

গ্রহ। মহাশয় আপনি কি আমাকে উপহাস করিতেছেন?

অমৃ। না না, তুমি কি উপহাসের যোগ্য পাত্র? ভাল, যাহা কহিয়াছ বিস্মৃতিক্রমেই হইয়া থাকিবে, ওকথায় আর প্রয়োজন নাই। বল দেখি আজি কি বার? গ্রহ। অদ্য শনিবার।

অনৃ। (ঈষৎক্রোধে) আঃ শনিবার তো সকলি জানে, শনিবার কতক্ষণ আছে ?

গ্রহ। একি, ভাল লোকের নিকটে আসিয়াছি! শনি-বার আবার কতক্ষণ থাকে?

অন্। দূর বেটা গণ্ডমূর্য, পাষণ্ড, পাঁজি দেখিতে জানিস্না। অদ্য শনিবার ১ দণ্ড ২৬ পল ছিল, পরে মঙ্গল বার হইয়াছে।

গ্রহ। আপনি কি অনবধানতায় কহিতেছেন?

অন্। (সক্রোধে) কি বেটা, আমার অনবধানতা? আমি সর্কা শাস্ত্র এককালে উদ্যাপন করিয়াছি, শাস্ত্রে কহে "শনি মঙ্গলবার, দিনেই সার," দেখদেখি শনি মঙ্গলবারের যোগ আছে কি না? তুই বেটা জানিস্আর কেইই জ্যোতিষ শাস্ত্র জানে না? গণ্ডাই খনার বচন আমার কণ্ঠায় কণ্ঠায় রহিয়াছে, ছই চাটে ছাড়িবো, শুন্বি? "শনি রবি মঙ্গলের গুঁড়া, কিকর বসিয়া শুশুর খুড়া। দশ তিন তেরো এক, পেটের ছেলে গুণে দেখ। সাত ছয় এগার, তিন নয় তের"।। এ সকল ছাড়া কাকচরিত্র গ্রন্থে আমার ব্যুৎপত্তি অছে কি না শুন্বি, শোন? "কাগাতো কাগা, মড়ার মুণ্ডে দিয়া পা, ডেকে বল্চে কেলে মা"। শুন্লি? যা বেটা তোর সহিত বিচারে প্রয়োজন নাই, কালি রাত্রিতে বিবাহ হইতে পারে কি না তুই তাহাই বলে যা।

গ্রহ। (সমীচীন রূপে পঞ্জিকা দেখিয়া) না মহাশয়, কল্য দিন হইবে না। অনৃ। (বিবৃত মুখে) কল্য কি স্থর্যোদয় হইবে না? দিন হইবেনা কেন? এ বেটা বাতুল নাকি?

গ্রহ। (ঈষৎ ক্রোধে) আমি 'বিবাহের দিন হইবে না' বলিয়াছি।

অনৃ। আঃ কি আপদ্ ওরে মূর্থ বিবাহ কি দিবসে হয়?

গ্রহ। না না, তা নয়, কল্য বিবাহের নক্ষত্র নাই, তাহাতেই বলিয়াছি 'কল্য নিশ্বাতে বিবাহ হইতে পারে না ।

অনৃ। এবেটা রাইত্কাণা না কি? এ কৃষ্ণ পঞ্চের রাত্রি, কল্য তুই আমার নিকটে আসিস্, তোকে আকাশে কত নক্ষত্র দেখাইয়া দিব, খুঁজিয়া দেখিস্ একটাও কি বিবাহের হইবে না?

গ্রহ। কলা সপ্তশলাক, কেমন করিয়া বিবাহ হইবে?

অনৃ। (স্বগত) শুনিয়াছি সপ্তশলাকে বিবাহ হইলে স্ত্রী বিধবা হয়, কিন্তু কুলীন কুমারীরাতো সর্ব্বদাই বৈধবা বেদনা সহ্য করে, স্থতরাং বিধবার আর বৈধবার আশক্ষা কি? অতথব ইহাকে বাক্ছলে প্রতারিত করিয়া স্কার্য্য সাধনে চেন্টা করি। (প্রকাশে) আঃ, কি অশুদ্ধ কহিলি? সপ্তশলাক কিরে মূর্থ? সপ্তশ্লাঘা বল, তাহা বন্দ্যোপাধ্যায় যে কর্ম্মে প্রবৃত্ত হইয়াছেন ইহাতে সহত্র শ্লাঘা আছে, তুই কি সপ্তশ্লাঘা দেখাইতেছিদ্?

এই। কল্য দশযোগ ভঙ্গ।

अन्। अनिज्ञिन महागर । এই मान्निक कर्म

অনেক যোগাযোগে ঘটিতেছে, কিন্তু এ বেটা অনঙ্গুলে। গোগতঙ্গের অনুসন্ধান করে।

গ্ৰহ। কলা যুতবেধ।

অনৃ। আঃ, কি পাপ! এতে। যুতরি কর্ম্ম্য — তুই দূর হ, আর দিন দেখিতে হইবেনা।

#### ্র্যহাচার্য্যের প্রস্থান।

বন্দ্যোপাধ্যায় মহাশয়, আপনি এই অজ্ঞ দৈবজের কথায় বিশ্বাস করিবেন না, আমরা ঘটক বটে, তথাপি নানা শাস্ত্রে দৃষ্টি রাখি, বিশেষতঃ নবদীপ নিবাসি পণ্ডিতরো কহিয়াছেন "কল্য উত্তম দিন, এবং শতসহস্র্র বিবাহ কল্য ইইবে," আর আপনিই বিবেচনা করুন্ যদি কল্য উত্তম দিন না হইত তাহা হইলে এতদেশীয় রাজা অমরনাথ বাহাছর নিজ পিতৃ শ্রাদ্ধের আয়োজন করিতেন না। অতএব যেদিনে রাজা রাজ্ডারা কর্ম্ম করে কেই দিন 'মন্দ'যে কহে সে অতি মুর্থ। তাহার কথা কথন গ্রাহ্য নয়।

কুল। মহাশয়, ভাল দিনের কথা দূরে থাকু, একণ দ্রব্যাসাদন ব্যতিরেকে কি প্রকারে এত শীঘ্র কর্ম্ম সম্পন্ন হইবে, তাহার উপায় কি?

অনৃ। আয়োজনেরই এত বাছল্য কি?

কুল। বর্ষাত্র, কন্যাযাত্র, ও পুরোহিত প্রভৃতি এ সকলকে ভোজনওতো করাইতে হইবে?

অনৃ। অবশ্য হইবে, বরষাত্র আমি, কন্যায়ত্তি ভূমি, আর পোরোহিত্য এভৃতি যে সমস্ত কর্ত্তব্য কর্ম তাহা আমাদারাই সম্পন্ন হইবে।

কুল। (সহাস্য বদনে) তবে নাপিতের কর্মাও কি আপনি করিবেন?

অনৃ। আপনি এক্ষণে পরিহাস রাখুন, বিবাহের উদেয়াগ দেখুন? "শ্রেমাংসি বছবিত্মানি" মঙ্গল কার্য্যে অনেক বিত্ম, যদ্যপি সে বর হাতছাড়া হয় তাহা হইলে বড় বিভ্রাট, তাহা ঘটিবারও বিলক্ষণ সম্ভাবনা, এক ঘটক ঐ সন্ধানে ফিরিতেছে।

কুল। (সভয়ে) যে আজা মহাশয়, আমি আয়ো-জনে রহিলাম, আপনি কলা পাত্র লইয়া সত্তর আসিবেন, এক্ষণে বাটীতে যাই বেলা নাই, সন্ধ্যা হইল, দেখন

আগেয়পিওইব চণ্ডকরে প্রতীচীপাথো নিখেঃ পততি পাথিসি পুষ্করান্তাৎ। তুর্গং ততন্তিমিরসন্ততিরুপিতেব ধূমাবলী ত্রিভুবনং কবলীকরোতি॥

গগন হইতে রবি, অনল সদৃশ ছবি,
পড়িল পশ্চিম জলধিতে।
তাহা হতে ধুমাকার, অতিগাঢ় অন্ধকার,
উঠিতেছে ত্রিলোক গ্রাসিতে॥
অতএব এক্ষণে আপনিও নিজ নিকেতনে গমন করুন্।
[উভয়ের প্রস্থান।।

দ্বিতীয় অঙ্ক।।

#### [ ব্রাহ্মণীর প্রবেশ ]

ব্রাহ্মণী। (অপক্ষনিদ্রা ক্যায়িত লোচন উভয়করে মার্জন করিতেই)

আজি কি আনন্দ দিন মেয়েদের বিয়ে। শরীর জুড়াবে মোর জামাই দেখিয়ে॥ চিরকাল যত সাধ ছিল মোর মনে। সে সাধ পুরাব আজি জামাতার সনে।। জামাই এসেছে শুনি আসি প্রতিবাসি। নানা রঙ্গ রস কথা কবে মৃত্র হাসি॥ কার্য্যের ছলনা করি থাকিয়া সে খানে। শুনিব জামাই বেটা কতো কথা জানে ॥ যথন জামাই এসে বসিবে বাহিরে। ধিরে ধিরে যাব আর চাব ফিরে ফিরে ॥ স্নেহ করে নানা দ্রব্য জুটায়ে আনিব। যদি সব্ নাথায় মাথার দিবা দিব॥ শাশুড়ী হইয়া বসি ঘোমটা টানিব। ছিট। ফোঁটা তন্ত্ৰ মন্ত্ৰ কতই ছাড়িব॥ ভেড়া করে সে বেটারে রাথিব বাটীতে। যেন আর নাহি চায় ঘরেতে যাইতে॥

## এসবেতে যবে বশ হইবে জামাই। আর কি থাকিবে তবে স্থথের কামাই॥

(চক্ষুরুন্মীলন করিয়া) এ কি, এতো বেলা হয়েছে, ও না, কি হলো? আজি আমার নানান্ কন্ম। আজি কি এতো বেলা পয়ন্ত ঘুমবার সময়? কিন্তু ঘুমেরও দোয নাই, সমস্ত রাত উয়াগ সংযুগ কত্তে জেগে ছিলান, যেমন্ ভোর বেলা পড়িচি অমনি মরে ঘুমিইচি, তাই-তেই অনেক বেলা হয়েচে; তা এখন আমি কি করি? অনেক কন্ম। আগে কি অধিবাসের বরগুলা সাজাব, কি পাড়ার মেয়েদ্দের মিনন্তন্ন কত্তে যাব? কি অন্য কোন কন্ম কর্ব্যো? (কিঞ্চিন্তাবিয়া) না এসব পরে হবে আগে মেয়েদ্দের ডেকে এসম্বাদ বলি, তাদ্দের 'বে,' তারাও এখন টের পায়নি। লোকে বলে " ওঠ ছুঁড়ি ভোর বে" আমার মেয়েদ্দের কপালে তাই ঘটেছে। (উচ্ছৈঃ-স্বরে) কোথা গো মেয়েরা সকল?

## জাহুবি শান্তবি আর কামিনি কিশরি। এস২ কন্যাগণ সভে ত্বরা করি॥

জাহ্নবী। যাই।
শান্তবী। কেন মা?
কামিনী। ওমা এই যে আমি এইচি, কি মা?
ব্রাহ্মণী। ওগো, শুন্সে গো ভোরা শুন্স।

## | बाङ्गवी भाखवी ७ कामिनीत প্রবেশ ]

জাহ্নবী। ওমা, কি?

শাস্ত্রবী। ওমা কেন ডাক্লি?

কামিনী। ও মা, কেন্হ, বাবা কি ভাক্তে?

वाक्रगी। (পরমাহলাদে)

এতকালে প্রজাপতি হলে। অনুকূল। ফুটিল তোদের বুঝি বিবাহের ফুল॥

জাহ্নবী। ওমা, কি বলি?

শাস্ত্রী। ও মা, বুজ্দে পালাম না!

কামিনী। ও মা, কি বল্না মা, আবার বল, বল বল।

ব্রাহ্মণী। ওগো, তোদের 'বে' হবে গো, 'বে' হবে?

জाइती। (मिवियादम)

জাক্লবী যাইয়া বুঝি জাক্লবীর ঘাট। পাইবে স্থন্দর বর স্থন্দরের কাট॥ বর যাত্র তাহে মাত্র যমরাজ দূত। বাসর শয়নসূখ হবে অনুভূত॥

শাস্ত্রী। (আশ্চর্যান্থিতা)

শাস্তবীর 'বে' এযে অসম্ভব কথা। কুলীন কুমারী মোরা 'ঘর' পাব কোথা। বল্লাল বিহিত কুল অকূল সলিলে। পড়েছে যে নারী তার পতি কোথা মিলে॥

কামিনী। (সেংস্কা)

কি বল্লি কি বল্লি মা গো সত্য করি বল।
শুনিয়া এশুভ কথা হয়েছি চঞ্চল ॥
কোথা বর বাসা কোথা এসেছে কি বর।
কবে হবে আজি নাকি বল গো সত্মর॥
বরের বয়স কতো দেখিতে কেমন।
যাহৌক্ হলেই হয় এই আকিঞ্চন॥

ব্রাহ্মণী। হবে গো হবে, আজি হবে, আমি মিছা কথা কৈনে।

জাহ্নবী। ও মা, আমার আর 'বে' হলে কি হবে মা? আমিতো যৌবনে জলাঞ্জলি দিচি, আর কত কালই বাঁচ্বো, কেন আর বুড়ো বয়েসে ধেড়ে রোগ?

ব্রাহ্মণী। বাছা, এমন্কথা বল্তে আচে ? কিসের বয়েস্? কচিছেলে, যেটের বাছা, যন্তীর দাস।

শাস্ক্রবী। মা, আমাদের 'বে' হবে তা বল্লাল তোটের পাবে না?

ব্রাহ্মণী। টের পেলে কি হবে?

শাস্ত্রী। (সজ্জভঙ্গে) টের পেলে সে টের পাওয়াবে, সে এমন নয়, যেমন মোলা বলে "হেঁছর পরব্ নাই" ভেম্নি বল্লাল বলে " কুলীন বামণের মেয়ের কপালে বে নাই," তা দেখিম্, সাবধানং।

ব্রাহ্মণী। বাছা, এখন কি বল্লাল আছে? সে যে অনেক দিন মরেচে।

শাস্ত্রবী। সে মলে কি হবে মা? তাচ্চেয়ে তার চেলা বড়, তারা মেলা বেড়াচ্চে, দেখিস্।

ব্রাহ্মণী। তোদের ভয় কি মা? আমি কুল রক্ষা কর্ব্যো কুলীন বর এসেচে।

শাম্ভবী। (সবিষাদে) ওমা তুই কি কুল রক্ষা কর্ব্যি, তবে জাত রক্ষা কে কর্ব্যে মা?

ব্রাহ্মণী। (অধােমুখে দীর্ঘনিশ্বাস ত্যাগ করিয়া) ওমা
শাস্তবি তারে এ কথার উত্তর কি দিব? তার নিমিত্তে
আমি বলে ছিলাম গাে, বলে ছিলাম, সেই মিসেরে,
বলি 'হেদে, ভাল বর দেখে নেয়ে গুলাের বে দিস্'' তা
বাছা, আমি বলাে কি হবে? সে 'কুল' খোঁজে, বলে
'কুল থাক্লেই সব থাকে'। আরাে দেক্, মেয়েদের জাতরক্ষা প্রথমে, মা বাপ করে; মা বাপ না করিলে, রাজা;
রাজাও যদি জাত রক্ষা না করে, তবে বিধাতা আপনিই
রক্ষা করেন্। তা বাছা, তােদের তারা কুলের গজে অন্ধ
রহিয়াছে! এখনকার যে রাজা তিনি আবার প্রজার
ধন্মে হাত দেন না, অভাগিা আরকি! পুরে এক রাজা
ছিল তার নাম 'বলাল' সে মিন্সে সকলের জাত
নই্ট কতেই এই কাল কুলের স্টে করেচে, আর
আমাদের জাত যায় বিধাতারও এ ইছে, সেইতা

ঐ জন্যে বল্লালে মিন্সেকে রাজ্য দেয়, তবে মা বাপ, রাজা, ও বিধাতা, এরা সকলে যখন জাতনই কত্যে বসেচে তখন জাতরক্ষা আর কে কর্ব্যে মা? শাস্তবি, ক্ষামা কর, 'জাতরক্ষায় কাম নাই, কুলরক্ষায় সম্মত হ'। আবার কেন নিশ্বাস কেলে অধোমুখে রহিলি? কি কর্ব্যো, মনোত্রংখ করিস্নি। বাছা কামিনি, তুই যে কোনকথা কচ্চিস্নে?

কামিনী। না মা, তোর কথায় আর বিশ্বেস নেই, তুই এমন করে আমায় কতোবার ভূলিয়েচিস্।

ওমা আর ভুলাইলে কি হবে তা বল। কাপড ঢাকাতে কোথা থাকেগো অনল॥ যৌবন তুঃসহ ভার সহিতে না পারি। একেত অবলা বালা তাহে কুলনারী॥ কিফল বিফলে গেল যৌবন বহিয়ে। কত পাপে হইয়াছি কুলীনের মেয়ে॥ লাজ আসে একথা কহিতে তোর কাছে। काछ वित्न क्मरन वमरछ প्रान वारह ॥ বসন্ত অশান্ত বড় ছুরন্ত নিতান্ত। বিরহি বধিতে বুঝি হইল ক্নতান্ত॥ ক্রটিল বিরহিমন ফ্টিল বকুল। क्ठिन मधुशावनि इहेशा वााकून।

ছুটिল कन्मर्भ वान कूটिल গমन। ঘটিল বিপদ বড় লুটিল ভূবন॥ জরজর হলো তন্তু কোকিলের রবে। কেমনে এমন কালে জাতি কুল রবে ॥ আমূল মুকুল স্থাৈভিত সহকার। সহকার হয় আসি মদন রাজার 🗄 কামির হৃদয় রাজ্য করি অধিকার। অধিকার বাঞ্ছাকরে শান্তি নাই তার॥ এমন ছুরন্ত কা**লে স্থলি কামানলে**। তিনকুলে কেহ নাই ছুটো কথা বলে। সহিতে না পারি আর কর গো উপায়। কতকাল ভুলাইয়া রাখিবি আমায়॥

ব্রাহ্মণী। না মা, এবার মিছা নয়, সত্যি গো সত্যি।
কামিনী। ও মা, সত্যি যদি তবে বর কি এসেছে?
বাসা দিছিস্ কোথায় মা? চুপি২ দেক্তে গেলে হয় না,
ক্ষেতি কি মা?

বাহ্মনী। না বাছা, শুভ দৃষ্টি হয় নেই, এখন কি দেক্তে আচে? পরে দেক্বি, এত উথলা হইস্ নে, তোদের ছোটো বোন্ আদরিণী কিশরী কোথায় রে?
কামিনী। সে রক্ষিণী সক্ষিনীগণ সঙ্গে প্রপাড়ায় থেলতে গেচে এখনো আসে নাই।

ব্রাহ্মণী। একবার ডাক দেখি বাছা তাকে।
কামিনী। (পূর্বমুখেন) ওওও কিশরীইইই, কিশরীরেএএএ। না মা, সে ডাক্ শুন্লেনা, তার এখন
কার্যনি আমারই আগে হোক্, তার পর তবে তার হবে।
ব্রাহ্মণী। আঃ বাছা, ডাক আর একবার, ছোটো
ভগ্নী হয়।

কামিনী। (পুনর্মার চীৎকার রবে) ওওও কিশরী-ইইই, কিশরীরেএএএ পোড়ারমুখী, শীল্রি আয়।

#### [কিশোরীর প্রবেশ]

কিশোরী। (সোৎস্কুকা)

প্রকুল বকুল কুল, গন্ধে অন্ধ অলিকুল,
অনুকুল মলয় পবন।
প্রবোধ না মানে মন, সদা করে আকিঞ্চন,
বল্লালির দিতে বিসর্জন।
কুলে কালি দিয়ে কালী, বলে চলে যাব কালি,
ঘটকালী কি করিবে আর।
যৌবন অমূল্য ধন, করিব গে বিভরণ,
নাহিভয় থাকিবে কাহার॥

কেরে আমায় ডাক্লে?
কামিনী। মা ডাক্চে।

কিশোরী। কেন মা আমায় ডাক্লি?

ব্রাহ্মণী। তুই কালিঅবধি কোথায় রে? দেকতে পাইনে কেন?

কিশোরী। ও মা ও মা, আমি ও পাড়াতে ঘোষেদের বাড়ী লুকোচুরি খেল্তে গিছিলাম।

ব্রাহ্মণী। না বাছা, আর এমন্ যেয়োনা, ডাগোর ডো-গোর নেয়ে, যেতে আছে? লোকে যে নিন্দে কর্ব্যে, ছি!

কিশোরী। ও মা কেন নিন্দে কর্ব্যেমা? কর্ব্যেনা, হে মা আবার আমি যাই।

ব্রাহ্মণী। না বাছা, আর যেয়োনা, আজি এক কন্ম আচে।

কিশোরী। কি কন্ম মা?

ব্রাহ্মণী। বাছা, আজি আমাদের বাড়িতে এক শুভ-কম্ম হবে।

কিশোরী। ও মা, কি শুভ কন্ম, বল্না মা? হে মা বল, কি শুভ কন্ম। বল্বিনে২?

ব্রাহ্মণী। কেন গো, বল্বোনা কেন? আজি ভোদের 'বে' হবে।

কিশোরী। (সবিস্ময়ে) ও মা, 'বে' কাকে বলে মা? ব্রাহ্মণী। 'বে' কাকে বলে তাও জানিস্ নে বাছা?

প্রধান সংস্কার'।

কিশোরী। ও মা, তাকি আমি খাব?

ব্রাহ্মণী। বাছা 'বে ' কি থেতে হয় ? রাঙাবর আস্বে তোদের 'বে 'কর্ব্যে, কতো ঘটাঘাটি হবে, দেকি বাছা কিছুই জানিস্নে?

্কিশোরী। হাঁথ, সেই 'বে?' তা আদি জানি। তা কার হবে মা?

্রাহ্মণী। তোমার হবে, তোমার আর তিন বোনের হবে।

কিশোরী। ও মা, তবে তোর হবে না?

ব্রাহ্মণী। (হাস্থা করিয়া) বাছা ভুই অবোধ্য তার জ্ঞান হয় নেই, তাকি বল্তে আছে? আমি মা হই।

কিশোরী। হাঁ হাঁ, হুঁ, বুঝিচি, তোর হয়ে গেছে, ও মা কার সঙ্গে হয়েচে, বল্না মা ?

ব্রাক্ষণী। (সজোধে) দূর হ, আশায় ব্যস্ত করিম্নে । মদিটে নানান্ জালা, তোরা সকলে এখন বাড়িতে

[কন্যাগণের প্রস্থান।

আমি যাই, আর দাঁড়াব না, পাড়ার মেয়েদের বল্তে হবে, বেলা হলো; আমি যা না কর্ব্যে তা হবে না।

[ব্রাহ্মণীর প্রস্থান।

### রিসিকার প্রবেশ]

রুসিকা। (স্থগত)।

বাড়ি মোর বংশীপুরে, দেখা যায় কিছু দূরে. যেরাঘোরা যর ছই খানি। নবীন যুবতী আমি, মরেছে আমার স্বামী, তবু কভু ছঃখ নাহি জানি॥ জাতিতে নাপিত বটে, আছে নানা গুণ ঘটে, আলতাকামান মোর কর্ম। করি নাই কোন পুণ্য, তথাপি পাতক খূন্য. অতিথি না ফেরে এই ধর্মা॥ তৃষিত পথিক গণ, এসে করে আকিঞ্চন, যদি পায় মোর ঘরে বাস।। নাই যার অন্য স্থান, করে সবে অবস্থান, এমন আমার ভালবাসা॥ কিছু নাই অন্য জ্বালা, এক মাত্র পেট টালা, দিবসেতে পাড়ায় কামাই। ভাল বাসে সবে অতি, আমি শুদ্ধমতি সতী, রজনীতে নাহিক কামাই॥ এবয়ুসের পতিনাই, তাইতো পাড়ায় যাই, পোড়া পেট পুরাবার আশে। বসিয়া না পাই থেতে সেই হেতু হয় যেতে সে থাকিলে কেটা আর আদে॥ क्ट नारे পরিজন, একাকী ना एँएक मन মনের মানুষ যদি পাই। খুলে সব বলি তায়, যদি দয়া করে তায়, তবে তার সঙ্গে চলে যাই॥

(গাত্রভঙ্গ করিয়া) যাই আবার ওবাড়িতে।

#### [দেবলের প্রবেশ]

দেবল। কে ও, নাপ্তেনৌ নাকি? রসিকা। হাঁ ঠাকুরপো, আমিই বটে।

দেবল। তবে এখন দেক্তে পাইনে কেন?

রসিকা। আর ভাই দেক্তে পারনা তা দেক্তে পাবে কি দৈক্তে পাত্তে, তবে অবিশ্যিই দেক্তে পেতে। দেবল। (সহাস্থ্য মুখে) নাপ্তেবৌ, তোমারে দে-

দেবল। (সহাস্থ্য মুখে) নাপ্তেবো, তোমারে দে-ক্তে পারেনা এমন লোক কে?

রসিকা। সেকি ভাই, কি বল্যে সকলে কি সকলকে দেবতে পারে?

কমল কোমল ফুল, মধুদানে অনুকূল,
দশদিক করে আমোদিত।
পরাগে পরম শোভা, মধুকর মনোলোভা,
হেরি যাহে চক্ষু চমকিত॥
দোষাকর নিশাকর, লোকে কহে স্থাকর,
তৃংথাকর বলি আমি তাকে।
কুমুদে আমোদ মানে, গুণ দোষ নাহি জানে,
সেপত্মতে শত্রু ভাব রাথে॥

শুন্লে ঠাকুরপো? দেবল। হাঁ শুন্লেম্বটে, কিন্তু চন্দ্র তো পদ্মিনীকে কখন দেখে নাই; যদি একবার দেক্তে পেতো তবে বল্তে পাতে।

রসিকা। ভাল ভাই, চন্দ্র পদ্মিনীকে দেখে নাই বটে, যা বল্যে, একটা কথা জিজ্ঞাসা করি "রত্ন কি আ-পনিই লোকের নিকটে আসে, না লোক যত্ন করে রত্নের অবেষণ করে?"

দেবল। "লোকই অন্বেষণ করে, রত্ন আবার কোথা কাকে তত্ত্ব করে থাকে?"

রসিকা। তবে ভাই, দেখদেখি "যদি চক্র যত্ন করে তবে কি পদ্মিনীকে দেখতে পায় না? অবিশ্রি পায়, তা না করাতে তারি দোষ প্রকাশ"।

দেবল। ফল বটে, যথার্থ, তাইতো লোকে চন্দ্রকে কলস্কী কহে।

্রসিকা। হা ঠাকুরপো, এখন পথে এসো, বল্তে পারি কি না?

দেবল। (হাস্ত মুখে) নাপ্তেবৌ, তোমায় কথায় পারা ভার।

রসিকা। (হাস্ত মুখে) ঐ 'তার' বলে তো কেহ কথা কয় না।

দেবল। এখন আছতো ভাল?

রসিকা। আর ভাই আছি, ভাল না থেকেই বা করিকি? দেবল। তাই বলি, প্রামাণিক দাদা নাই, ভোমার চলে কিসে?

রসিকা। চলবার ভাবনা কি ভাই, আমার যে 'এক

চুপড়ি আছে তাতেই চালাই, আপনি না চালালে কে চালাবে বল?

দেবল। এখন কোথা যাচ্চ?

র্দিক। এই সব কামাতে যাচ্চি ভাই।

দেবল। (পরিহাস পূর্বক) তুমি কি 'সব' কামিয়া-থাক?

রসিকা। (হাস্য মুখে) না ভাই তা নয়, আজি বাজুযোর বাজিতে 'বে,' পাড়ার নেয়েরা জলসৈতে বাবে, তা কামিয়েজুমিয়ে না দিলে কি হবে?

দেবল। উওর পাড়ার হয়েছে?

রসিকা। হাঁ, তাদের কামিয়ে এই আশ্চি।

দেবল। তারা এখন কি কচ্চে, পূজার উদেয়াগ কচে কি?

রসিকা। আজি পূজো মাথার উপর থাকু, পূজোর যো করবে কি সে যো নাই, তারা যে ব্যস্ত।

(मवन। वास कार)

রুসিকা। জলসৈতে যাবে, সাজগোজ কচ্চে।

দেবল! সাজ গোজ আবার কেমন্?

রসিকা। তা শুন্বে?

কুলপালকের গৃহে বিবাহ উৎসবে।
প্রতিবাসি রামাগণ নিমন্ত্রিত সবে॥
মনোমত সজ্জাকরে বিভবানুসারে।
এই প্রথা সর্বকালে সকলি সংসারে॥

মনের আমোদে মত্ত কোন কুলবালা কর্ণমূলে পরিল স্থবর্ণ কাণবালা। কেহ কেরাপাত পরে কেহবা চৌদানী। नाष्ट्रिल পূর্ব্বেতে ইহা হয়েছে ইদানী॥ শ্রবণযুগলে দোলে কাহার কুগুল। হেরি শোভা চমকিত যুবক মণ্ডল। ভালেতে শোভিছে ভালকারো স্বর্ণস্মিতি। যাহা হেরি যুবজন গণের বিশ্মৃতি॥ মুক্তাফলে শোভা পায় যাহার নাসিকা॥ বোধ হয় সেই নারী নিতান্ত রসিকা। কেহ করে পরে দিব্য স্থবর্ণ বলয়। তড়িতে জড়িত যেন নব কিসলয়॥ বাহুতে ধারণ করে কেহবা কেয়ুর। হেরি সৌদামিনী বোধে হর্ষিত ময়ুর॥ কেহ কঠে পরে ডায়মোন্ কাটা চিক্। দেখিতে অপূর্বা যাহ। করে চিক্চিক্॥ পরিল গলেতে কেহ মণিময় হার। অম্বরে সমৃত তবু বাহিরে বাহার॥ রত্নের অঙ্গরী কেই যত্ন করে পরে। আপন সম্পদ কিছু দেখাইতে পরে॥

কোন নারী নিতমে ধরিল চন্দ্রহার।
বিরহি যুবার মন করিতে সংহার॥
কাহার চরণে ঢেয়ুতরক্ষের মল।
রক্ষত নির্দ্মিত যাহা অতি স্থানির্দ্মল॥
কেহবা খোপার মাঝে গুঁজিয়া গোলাপ।
কোকিল কুঠিত কঠে করিছে আলাপ॥
করিয়া স্থসজ্জা সবে আনন্দিত মন।
বিবাহবাটীতে দেখ করিছে গমন॥

ঠাকুরপো আমি এখন যাই বাকিজুকি এই সময় চুকাই গে।

দেবল। হাঁ, আমিও ঘরে যাই, এখন পূজা কর্ত্তে যাওয়া হলোনা।

[উভয়ের প্রস্থান।

#### [কামিনীগণের প্রবেশ]

মোহিনী। এই তো বে বাড়ি, কৈ কে কোথা গো? কাকেও বে দেক্তে পাইনে। ওমা সেএ কি গো? ঐ যে কথায় বলে " যার বে তার মনে নাই, কাট্না কামাই পাড়া পড়সীর"।

ভামিনী। মরণ, ও কি হলো? মিলো কৈ লো? মোহিনী। আর ভাই, মেলে কৈ? ভামিনী। গুণ থাকলেই মেলে, "যার বে তার মনে নাই, পাড়াপড়্দীর ঘুম নাই?'। দেক্দেকি মিলো কিনা?

মোহিনী। ভাল ভাই, তাই যেন মিল্লো, এখন বে বাড়ির কাকে ও যে মেলে না, তার কি বল্না?

যমুনা। বলে মন্দ নয়, বে বাড়ি, অচ্চ কিছুই দেক্তে পাই নে। বাদ্যি নেই, বাজনা নেই, কিছুই নেই; দে কি, আঁ, ওমা আমি কোথা যাব, ওমা আমি কোথায় যাব!

হেমলতা। এই যে ভাই এক্টা কলাগাচ রয়েচে। যমুনা। অমন কত গাচ কত দিকে আচে, আসল কৈ লো? ৰাড়িল্লোক কৈ ?

## [ बान्तगीत श्रादिण]

ব্রাহ্মণী। (প্রফুল মুখে) এই যে মা সকল, দিদি সকল, বাছা সকল, এসেচো এসং, আদ্বে বৈ কি; তোমাদের কম্ম, কর্ব্যে কম্মাবে, খাবে খাওয়াবে, নেবে খোবে; তোমরা না কল্যে কে কর্ব্যে? জ্ঞাতিবল, গোত্র বল, সকলি আমার তোমরা।

হেমলতা। ওলো ঠান্দিদি, বলি একি লো? সেয়ে-দের বে দিতে বসেছিস্ তা সব ফাকিজুকি, ঘটাঘাটি কৈ, কিছুই যে দেখিনে?

ব্রাহ্মণী। আর ভাই 'ঘটা,' কুলীনের মেয়ের 'বে 'ঘটাই ভার, আবার 'ঘটা 'পাবো কোথা বোন্ ? তবে তোরা এমেছিদ্ এই ঘটাই 'ঘটা'। কামিনী। ওলো হেমলতা, জানিস্নে বড় গিন্নির সব্ ফাকি, নিথরচায় জামাই পাবে, ছাড়বে কেন?

ব্রাহ্মণী। দূর ছুঁড়ি, ওকথা কি বল্তে আচে ? জা-মাই আর ছেলে ভিন্ন কি ? যা, তোরা সকলে মিলেজুলে জলসৈতে যা দেখি ?

চপলা। যে তোর মেয়েদের বর এসেচে।

### विगि मधा बाक्षनीत श्रञ्जान]

তার জন্যে জলসৈতে হবে না, তাকে 'জল সৈ' কলিই ভাল হয়———শুনে গেলিনে মাগি?

চঞ্চলা। ওলো কুলবালা কুলোনে লো মাথে করি। জল সহিবারে সবে বল 'হরি হরি'।

স্থলোচনা। মরণ্ ও কি লো ? শুভ কম্মে অনজুলে কথা ?

চঞ্চলা। না ভাই, যে 'বর 'এসেচে তারপক্ষে এ অমঙ্গুলে নয়।

স্থলোচনা। কেন ? কেমন বর বল্না শুনি ?
চঞ্চলা। শোন্না ভাই এদের মুখে, তবেই বিশ্বেষ
হবে।

স্থলোচনা। ওলো চপলা, বল্নালো কেমন বর? চপলা। (সবিষাদে)

আহা মরি আই২, সথি একি শুন্তে পাই, বর নাকি বায়াতুরে বুড়ো।

## কপাল নিতান্ত পোড়া,কোথা হতে এলো মড়া, ঘটাইল ঘটক আঁটকুড়ো॥

স্ত্রোচনা। বুড়োবর ইএতো ভাল, মন্দ কিই আমার যেমন কপাল ভাতো নয় ই

চঞ্চলা। তোর আবার কপাল মন্দ কেমন লো, বল্ন। কুলোচনা। তবে শোন

কি জানিবি ওলো ধনি, এ বর মাথার মণি,
মোর পতি দেখে বুক ফাটে।
বয়স থতালে পর, নাতি ভেবে এসে জ্বরু
কোলশোভা হয়ে রাত কাটে॥
এপতি মাথার চূড়া, বুড়াতো রসের গুঁড়া,
কাছে থাকে তবু শোভা হয়।
সে যে অতি শিশু ছেলে, কেঁদে উঠে ভয় পেলে,
শাস্ত করে রাখি তবে রয়॥

চন্দ্রমুখী। (সবিধাদে) তবে আমিও বলি, লোকের কাচে বল্যেও কতক নিবিত্তি হয়। ভাই সে ভো তোর মন্দ্রনয়, কখন কাষে লাগ্রে, আমার শুন্বি?

> পতির রমণী গণ কিছু কম একপন তবু বিয়া করে পেলে চাকি।

যৌবন বিফলে যায়, বারেক না দেখি তায়,
জীয়ন্তে মরার কিবা বাকি॥
আসিবেক করি আশ, তাহার বিবাহ চাস,
মাসমাস ফেরে নানা দেশ।
ব্যবহার দিতে নারি, তাই মোরে বিভা করি,
স্থপনেও নাকরে উদ্দেশ॥

যন্ত্ৰা (ঈষৎ ক্ৰোধে)

আমি কি বলিব বাণী, প্রাচীনা সভার মানি,
অভিমানি কথায়ং।
বয়স হইল ষাট, বিবাহের নাই পাট,
আছে কাট শেষের উপায়॥
বাপের প্রধান ঘর, নাই মেলে যোগ্য বর,
কুলের বড়ই আঁটাআঁটি।
মনে সদা এই চাই, বাহির হইয়া যাই,
পড়ে কুলে কালি পরিপাটি॥
আইবুড়ো থেকে মোর, বয়স হইল ভোর,
নুড়ো দিই মুখে বল্লালের।
বছ শিব পূজা গুণে, জন্মগেল মনাগুণে,
কপালে আগুণ সে হরের॥

হেমলতা। (হাস্যসুখে) ভাই আমারও সেই রূপ।

যৌবন জুঃসহ ভার, সহিতে নাপারি আর,

এশরীরে কতো জালা সয়।
বয়স্ হইল বিশা, ইচ্ছা হয় খাই বিষ,
মনে মনে কতো রীষ হয়॥
বিয়ার নাহি প্রসঙ্গ, অনঙ্গেতে জরে অঞ্চ,
রঙ্গ দেখি লোকে ব্যঙ্গ করে।
মনেতে ভেবেছি সার, ভ্ধিব বল্লালি ধার,
কুলে জলাঞ্জলি দিয়া পরে॥

যশোদা। ওলো "তোদের ছখ শুনে মোর বুক কাটে, তোরা থাসি ভাঁড়ে জল আমি থাই ঘাটে"। তোরা ছেলে মান্তুয়, তোদের কাচে বলা নয়, যদি বল্লি, তবে শোন, আমার কথা শুন্লেই তোদের ছঃখ দূর হবে।

ভগিনী আমার ছয় আমারে নে সাত হয়,
সবার বিবাহ এক দিনে।
কি কব বরের কথা, মনে হলে মর্ম্ম ব্যথা,
এইহেতু কহিতে পারিনে॥
তার বয়সের সম, পাহাড় পর্বত কম,
আছে কিনা ভুবন ভিতরে।
উহার চরম কালে, বন্ধুরা না ফেলে খালে,
গঙ্গাতীরে আনিল সত্বরে॥

পাইয়া স্বযোগ্য ঘর, বরি মোরা সেই বর, অতঃপর সেপার পঞ্জ। তথনি বৈধব্য দশা প্রাপ্ত হই সপ্তস্থসা কিবা কব কুলের মহত্ত্ব। বল্লাল হইয়া কাল, দিয়াছে কুলের শাল, সামাল্থ ডাক ছাডি। নাহলো বাসনা পূর্ণ, কেবল বৈধব্য তর্ণ, মন্ত্রের প্রভাবে উদ্ম রাঁড়ি। কোথার মঙ্গলধুনি, করিবেক যত ধনী, र्तिधृनि र्रेन उथाय। শব্ম বাদ্য যেথা থাটে, তথা মহাশত্ম ফাটে, বুকফাটে মরি হায় ॥ পতির করিয়া গতি, পরে নিকেতনে গতি, ছুৰ্গতির নাহি হলো শেষ। কোথা ছিল একাদশী, আসিয়া পাইল বসি, সর্বনাশী নাহি ছাড়ে দেশ।

তা বলে আর কি হবে? আনি সে সকল পাকে পুতি-ছি, সে কথায় আর কাষ নাই, দূরহৌগ্গে, যা তোরা যাজ্জন্যে এনেছিদ্ যা, জলসৈতে যা।

বিজয়া। বড়দিদি, তুই যাবি নে?

যশোদা। ভাই আমি গে কি কর্ব্যো? রাঁড় মান্ত্র্যু ছোঁব না, নেপ্রো না।

বিজয়া। আচ্ছা চল্লো তবে আমর।ই নাই।
চপলা। (উলুং শব্দ করিয়া) বাজানালো, শাঁক্টা
বাজা।

চঞ্চলা। (শঙ্খবাদ্য করিয়া) বরগুলা কোথা লো?
কামিনী। চাইতে গিছিলাম্ তা বড়গিনী বল্যে "এখন
বেলা হয় নি, দিচ্চি এই সাজিয়ে গুজিয়ে, দাঁড়া এউু"
মোহিনী। ওলো, বড়গিনী আপনার বেলা বুজ্তে
পারে, মেয়েদের বেলা তার বেলা হয় না, না হোগ্গে।
হেমলতা। এই নে লো, 'গ্রী'নে।

ভাষিনী। (করতালি দিয়া) ওমা-আমি-কোথা যাব! এই কি 'ঞ্জী'।

চপলা। নে বেনে, যেমন বরের ' ী।' তেমনি ীরও ' শী,' সকল বিশী-কাও, তবে শীর কি স্থানী হবে ? চল্ চল্, আবার ঘরকমা আছে শীঘ্রিং জলসৈয়ে আসিগে।

#### কামিনী গণের জল সহিতে প্রস্থান।

যশোদা। (দীর্ঘ নিশ্বাস কেলিয়া, স্থগত) এই যে সকলেই গেল। যাবে না কেন? ঈশ্বর যেতে দিচ্চেন তাই যাচ্চ্যে! আমি যে আহ্লাদ-আমোদ কর্বো তারতো যে। নেই। যাই ঘরে যাই, এখানে দাঁড়িয়ে আর কি কর্ব্যো! (কিঞিং গিয়া) এই যে ফুলকুমারী আশ্চে, যাবে বৃষি জলসৈতে।

ফুলকুমারী (কিঞ্চিদূর হইতে)। দাড়া গো, ঠান্দিদি দাড়া।

# [ফুল কুমারীর প্রবেশ]

যশোদা। কি লো, নাত্নি? সব মেয়েরা জলসৈতে গৈছে তোর এতো বেলা কেন্লো? কালি বুঝি নাজ্জামাই এসেছিল তাই বেলা পর্যান্ত ঘুমিয়ে ছিলি—এই যে ছই সোক নালকরে ব্যেছিস, সেকি লো? বড় খিদে হলে কি ছহাতে খেতে হয়?

कुलकुगांती (मिरियादन)

বোলোনা ঠান্দিদি আর সেকথাবোলোনা।
 জলন্ত অনলে মোর আহুতি দিয়োনা॥
 কালামুখো বিধি ভাল মিলাইল ভালে।
 এসে ছিল বটে সেটা কালি সন্ধ্যাকালে॥

দিদি মে কথা আর বলিস্নে। জ্বলে পুড়ে মজি, আবার তুই কেন জ্বলাস্? গেড়েচ্চাঙ কি স্বর্গ দেখে? তেমন কপাল হলে কি কাল কুলীনের হাতে পড়িতাম্! আমাদের যেমন কপাল তেমনি মিলেছে! তা ওকথায় আর কায় নাই।

যশোদা ৷ (মুখ ফিরাইয়া) মরুগ্গে বল্লিইবা খেতি কি আমিতো ওরসে বঞ্চিত, তা পরের কথা শুল্তেও কি নেই ? নেই২ বল্লিনে, নাই বল ! (অভিমান) ফুল। না ঠান্দিদি, তা না তোকে বলিনে কেন, বলি বলিই তোর ছঃখ হবে, নাত্নীং করিস।

যশোদা। আমাদের যখন যে ছঃখ হয় সম্পন্ধ বুঝে বলে থাকি—বল্লিই ভাল, যত মনে রাক্বি ততই মন্দ, বলে ফেল্যে মন খোলসা পায়—তা বলিস্তো বল্ কি রকম এলো, কি কল্যে?

ফুল। তবে শোন্ঠান্দিদি।

কাপোড় কাচিতে গিয়া সমাচার পাই। লোকে বলে আসিতেছে ওদের জামাই। সে কথা শুনিয়া ভাষি স্থথের সাগরে। পথ না দেখিতে পাই আনন্দের ভরে॥ থাকিল কাপড় কাচা সত্ত্বর বাড়িতে। আসি পথে কত ভাব ভাবিতেই॥ বহুদিন পরে নাথ আসিল ভবনে। সাধিব মনের সাধ যত আছে মনে॥ ভবনে সে পূর্ণ শশি দেখিয়া উদিত। নয়ন চকোর মোর হবে হর্ষিত॥ উথলিবে প্রেম সিন্ধু স্কুথের সঞ্চার। দূরে যাবে ছঃখনর মহা অন্ধকার॥ मानम कुमून कुटि इटेटव अकाम। নিৰ্ম্মল হইবে তবে হৃদয় আকাশ ॥

বিরহ ব্রতের আজি উদ্যাপন করে। যৌবন দক্ষিণা দিব গিয়া তার করে॥ মনোমত বেশ করি নিকটে যাইব। প্রথমে বাড়াতে মান মান প্রকাশিব॥ কাদাব ধরাব পায়ে নাহি অনুরোধ। পেয়েছি যতেক ছুঃখ তার পরিশোধ॥ পরেতো কহিব কথা বদন তুলিয়া। একেবারে ভুলাইব নয়ন ঠেরিয়া। বড় যত্নে শিথিয়াছি যতো কাব্যরস। কহিলে তাহার কাছে হইবে স্বরস॥ মন্মথেরে মনোমত শিখাব তখন। কোথা পালাইবে মোরে করে স্থালাতন তুরন্ত বসন্ত সংগ সামন্ত সহিত। নিতান্ত প্রাণান্ত সম করেছে অহিত॥ বিহিত করিব তার করিয়াছি মনে। কি করিবে আর মোরে মলয় পবনে॥ কোথায় থাকিবে সেই কাল পিকবর। কোথাবা রহিবে তুফ ভ্রমরী ভ্রমর॥ এই ৰূপ অহঙ্কার মনে২ করে। গৌরবে গর্বিণী বড় আসিলাম ঘরে॥

গই তারপর তার রঙ্গ দেখে 'হরিভক্তি উড়ে গেল'! বশোদা। কেন্লো, কি হলো বল্ দেখি শুনি ? ফুল। (সাক্ষেপে)

শ্বসব্যস্ত হলে। সবে জামাই দেখিয়া। বাহিরে বসিতে দিল গালিচা পাতিয়া॥ ধনুর্ভঙ্গ পণে কহে সবা বিদ্যমানে। 'ব্যাভার পাইলে তবে পাধোবো এখানে '॥ শুনিয়া জননী মোর বড়ই ছুঃখিনী। খাড়ু বাঁধা দিয়া কিছু আনিল আপনি॥ টাকা হাতে করি কাকা গিয়ে তাকে দিল। এমনি কুলের ধর্ম তবে পা ধুয়িল। অপ্প হলো বলে তরু মুখ যুরাইয়া। কহিল ভুৰ্বাক্য কতো বাটালি কাটিয়া॥ জলপান সহ পান সাজায়ে পাঠাই। সে এমন তার মন তবু পেতে নাই ॥ জামারের আগমনে জননী তৎপর। থাদ্যদ্রব্য আয়োজন করিলা বিস্তর ॥ যতন করিয়া দিদি বাড়িলেন ভাত। দাদা গিয়া আনিলেন ধরে তার হাত॥

পেতে দিল বড় পিঁড়ি তাহায় বসিয়া। ইহা থায় উহা ফেলে নবাবি করিয়া॥ অতঃপর বলিতে আমার বুক ফাটে। সেপারে বলিতে যেবা দড় আটেকাটে॥ যামিনীতে একাকিনী শয়ন করিয়া। পতির ধ্যানেতে আছি নয়ন মুদিয়া॥ কতক্ষণে প্রাণনাথ আসিবেন কাছে। কহিব সকল তুঃখ যত মনে আছে॥ মনেহ এই ৰূপ বাসনা করিয়া। কপট নিদ্রায় আছি নয়ন মুদিয়া॥ কিছু পরে আসিলেন মোর প্রাণ কান্ত। তা হেরে অমনি হই মানিনী নিতান্ত॥ দেখিয়া নিদ্রিতা মোরে পাষ্ও পামর। অনায়াদে ঢ্যাকামেরে জাগায় সত্তর॥ ইথে অভিমান আর ক্রোধ উপজিল। তবু সে বেহায়া মিন্ষে কহিতে লাগিল। শীঘু করি অর্থ মোর হাতে দেও আনি। नञ्जा अनर्थ इत्त जुका अनुगानि॥ একথায় যদি মানভরে আমি থাকি। ভাবিলাম চলে যাবে দিয়া মোরে ফাকি॥

কত স্তব বিনয় করিয়া ধরি কর। তবু সে ছুর্বাক্যবিষে করে জরজর॥ শপথ করিনু কতো স্বপথে আনিতে। কুপথিক কোথা পায় স্থপথ দেখিতে॥ অবশেষে এই যুক্তি মনে করে স্থির। কাট্নাকাট। কজ়ি যত করিনু বাহির॥ যা ছিল আমার পুঁজি দিলাম সকল। তথাপি অধিক দেও কহিল পাগল॥ তাতে কহিলাম নাথ তুমি জ্ঞানবান। কেন কর অধীনীরে এত অপমান॥ কহ দেখি কোথা আছে বিধান এমন। পত্নীর নিকটে পতি লইবে বেতন। ইহা শুনি গুণমণি ক্রোধেতে মহেশ। নারী হয়ে মোরে তুমি দেও উপদেশ॥ এত বলি ক্রোধভরে উঠিয়া চলিল। বাবার টোলেতে গিয়া বিটোল শুইল॥ দর্মা পাতিয়া তথা করিল শয়ন। মশাতে চাসাকে শিক্ষা দিল বিলক্ষণ॥ প্রভাতে চলিয়া গেল করে অতি রোষ। অমৃতে উঠিল বিষ কপালেরি দোষ॥

যত আশা মনে ছিল সব গেল দূর।
দর্পচূর্ণ করি মোর গেল সে নিষ্ঠুর॥
মম সম অভাগিনী আছে কোন দেশে।
হাতে দিয়ে নিধি বিধি হরে নিল শেষে॥
একাকিনী বিরহিণী যামিনী জাগিয়া।
নয়ন করেছি রাঙা কাঁদিয়া লাঁদিয়া॥

যশোদা। নাত্নি আর বলিস্ নে—বলিস্নে, বুক্ ফেটে যায়!!! (সজল নয়নে) হাঁরে বল্লাল, তুই কাল হয়ে এসেছিলি? কে তোকে কুলের স্থাটি কত্যে বলে ছিল? কুলতো নয় এ কুলের আঁটি—বড় কঠিন! যার কুল আছে তার কি দয়া নেই? ধয় নেই? কয় নেই? আহা! আহা! কিছঃখুং! নাত্নি তুই আর কাঁদিস্নে। যালমেয়েদের সঙ্গে যা; আবার আস্বে, ভাব্না কি? রাগ করে গেচে কি কর্মি? এবার শুদ্ধো এই অব্দি কাট্নাটান্মাট্নাটা কেটে কিছু হাতে করে রাখ্।

——তবু কাঁদে লাগ্লি? আহা ছেলে মান্ত্ৰ! বোন্ কি কৰ্ষি তা বল? এই দেক্দেখি আমরা কি কচ্চি, তো-তো আছে আমাব যে নেই—তা কি কৰ্মো?

ফুল। (চক্ষুর জল মুছিয়া) ঠান্দিদি, এ থাকাচেয়ে নাথাকা ভাল! না থাক্লে ননে প্রবোদ্দেওয়া যায়, এ থেকে নেই! একি সামান্তি ছঃখু? ঐ যে কথায় বলে ''ছুই গরু থাকাচেয়ে শূণুগোল ভাল'। যশোদা। (হাস্যমুখে) ওকথা বল্তে আছে? খাড়ু-গাচ্টা হাতে আছে তবু ভাল। আর সে নাজ্জামাই শালাও আবার এই ফিরে আসে, রাগ্ করে কদিন থাব্তে পাব্যে? (পথে একটা কুকুর দেখিয়া পরিহাসে) ঐলো নাত্নি, ঐ, আবার ফিরে আশ্চে।

কুল। (হাস্তা মুখে) ঠান্দিনি, তোও নেই, তা লোকে বলে "নাপেতে নাজ্ঞামাই ভাতার" তা তুই নেধা।

যশোলা। না ভাই, আমাত্রো নেই বটে, আমি ও-রুমে বঞ্চিত, ভবে "পরেদ্ধনে ধোপার নাটে" কাষ কি?

ফুল। ঠান্দিদি তোর আবার হয় এই, ও পাড়ায় শুন্লেম্ রাঁড়ের 'বে ' নাকি চল্তি হবে ? তবেই তোর ডাঙ্জলে পল্যো।

ফশোদা। (সবিষাদে) আর াই, হবে হবেই শুঞ্চি, হয় কৈ ? আমি থাক্তে আর হবে? আমার তেমন অদেইট নয়, নাহৌগ্লে, আর কামও নেই। এখন ঘরে যাই ভাই, বেলা হয়েচে।

ফুল। আমিও আসতেম্না, বড়গিনীর অন্তরোধেই এলেম্; আমি বল্যেম জলসৈতে যেতৈ পারবোনা, তা সে বল্যে "না যাস্না যাবি তুই ঝালিঝাড়া বাট্নে" তা যাই, নাগেলে ভাল হয়না।

[উভয়ের প্রস্থান।

তৃতীয় অঙ্ক।

#### [ভোলার প্রবেশ]

ভোলা। (স্বগত)

মোগার কোপালে ছক নেকেচে গোঁসাই। থাটিং মরি এটু বটি পাই নাই॥ বসি ঘরে প্যাটভরে থাতি নাই পাই। চাকুরি ঝক্মারি কাম করি মুই তাই॥

ঐ ওত্তরের বাড়িয় মুই খ্যানাকাটি গেহালাম, এ-স্তে এস্তেই বড়মোশাই বল্যে "ওরে ভোলা, তুই যা, পুরুঠ্ঠাকুরের ডাকি আন," তা এই মুই অনুরে থাকি আলাম্, তামুক খাতিও পালাম্না, এট জিরুতিও পা-লান্না, তাইতো মোদের বৌ বলেহালো, বলে "চাকুরি না কুকুরি" তা খাতিপত্তি পাইনে না করে কি কর্ব্যো? মুনিব ঝা বলে তা না কল্যে মেইনে দেবে কেন? খ্যা-দায়ে দেবে যে, তাই যাচ্চি, আদি তবে তামুক খাব। (কিঞ্চিৎ গমন করিয়া) ঐ ঝাঃ কেচেেথানা ভুলি আলাম, দাদাঠাকুর বল্যে " এদ্বের বেলা এটা থোঁড়ের গাচ আনিস্" তা কিদি কাট্বো? আবার ফিরি যাব? (চিন্তা করিয়া) না বেনে, পতেদ্ধারে মোর বীয়ের ঘর, দেইস্থে-ই স্থাবো। (কিয়দ্র গিয়া) এই মোর ঝীয়ের ঘর, এ-খন ঝী মোর হেতা নেই তা বীন্কে ডাকি। (প্রকাশে) ও বীন্, বীইন্, একবার তোগার কেচ্চে খান দিবি? (আ-কালে কর্ণ দিয়া) আঁ, কি বল্যি ? হেরিয়ে গেচে? ঝাক্গে, আবার মোরে ফিরি আটে হলো; যাই তবে (অধিক দূর গিয়া স্থগত) ঐ পুরুঠাকুরের বাড়ি দেক্তি পাচ্চি, শালার বামুণ কদ্বে ঘর বেনিয়েচে! (নিকটে গিয়া প্রকাশে) ও পুরুঠ কুর, ঘরে গো?—না গো, আর পুরুঠাকুর বল্বোনা, সেবার বলে হেলাম্ তা সে বামুণ্ কুধ্যু করে। (উচ্চৈঃ স্বরে) ও বাবাঠাকুর, বাবাঠাকুর ঘরে গো? কৈ ওত্তর দেয় না ঝে? কোথা বুঝি ছরাদ কত্তি গেচে। বামুণ্দের কি? বড় মান্ষির বাড়িই ছায়ায় বিদি, গোলবালিশে ঠ্যাশ মারি গুড়ক তামুক খায়, গঞ্চিকরে, তাই বুঝি গেচে। ওও মাঠাক্রণ্, মাঠাকরণ, তোমার বাবাঠাকুর কোতা গো?

### [धर्मभौत्मत अत्वर्भ]

ধর্ম। (সক্রোধে) আঃ কেরেও? রাম্ব্য প্রস্রাব করিতে বসিছি এতো চীৎকার কর্ম্ভেছে কেন?

ভোলা। মুই, বেড়্যোর বাড়ির মেন্দের—ভোলা?

ধর্ম। (সহাস্তা মুখে) কিরে ভোলা!

ভোলা। এজে হাঁ বাবাঠাকুর, পেগাম।

ধর্ম। কিরে, কেন এসেছিস্? ভালতো সকল ?

ভোলা। এজে, বড়মোশাই তোমারে এস্তে বল্যে তার মেয়েগার ব্যা।

थर्मा। 'विवार!' कि अनारे हरेत?

ভোলা। हाँ वावाठीकूत, আজি मञ्जिवाना वा। हत।

তিনি আমায় বল্যে "তোলা, তুই আজি নাত্তিরে ঘয্যা-স্নে, তোর দিদি ঠাগ্রুণীদের ব্যা"।

ধর্ম। হাঁ, হাঁ, শুভাচার্য্যের মুখে শুনিতে ছিলাম্ বটে, তাঁর চারিটা কন্মারি কি বিবাহ একবারে হবে ?

ভোলা। এক্তে মোশাই।

ধর্ম। (স্বগত) এবারকার দক্ষিণার টাকায় ব্রাহ্ম-ণীর নত গড়ান হবে। (প্রকাশে) তবে তুই যা> আনি পুঁথি লইয়া যাইতেছি।

ভোলা। যেএজ্ঞে—মুই তবে যাই।

[ভোলার প্রস্থান।

ধর্ম। একাকী যাওয়াটা ভাল হয় না, ছাত্রেরা কো-থায়?

### [তর্কবাগীশের প্রবেশ]

এই যে তর্কবাগীশ বাফা, ওহে একবার আমার সহিত যাইতে পারিবে?

তৰ্ক। কোথায় যাইব?

ধর্ম। আমার যজমানের বাটীতে বিবাহ, তুমি গেলে চাইল কলা সব আসে, যাও তবে এস।

তর্ক। যে আজ্ঞা, চলুন্ তবে; (পথে গমন) মহাশয় আজিতো বিবাহের দিন নাই!

ধর্ম। বাপু হে, সে কথা আর কি জিজ্ঞাসা করিতেছ? আমার যজ্ঞান কুলপালক বাড়ুয্যে, তিনি বল্লালকৃত

কুলকলোলে পতিত; তাহাঁর চারিটা কন্তা অমূচাবস্থায় প্রায় যৌবন যাপন করিয়াছে। তিনি এতাবদ্ধিবস সম-োগ্য কুলীন বর প্রাপ্ত হন নাই, কুলভঙ্গ ভয়ে কন্যা-গণের বিবাহ দিতেও পারেন নাই। (কিঞ্চিন্নয়ন মুদ্রিত করিয়া) আহা ! হা ! হা ! কি মহাপাতক—রাম ! রাম ! রাম! বিষ্ণুমাতিতে কথিত আছে "যাবত্ত কল্ঠামৃতবং স্পৃশন্তি তুল্যৈঃ সকামামপি যাচ্যমানাং। তাবন্তি ভূ-তানি হতানি তাভ্যাং মাতাপিতৃভ্যামিতি ধর্মবাদং"।। অবিবাহিতাবস্থায় কন্সার যত রজোযোগ হয় তাহার পিতামাতা তত প্রাণি হতাার পাপে পাপী হয়, এবং পৈঠীনসি কহিয়াছেন '' যাবশ্বোদ্ভিদ্যেতে স্তর্নো তাবদেব অথ ঋতুমতী ভবতি তদা দাতা প্রতিগ্রহী-তা চ নরকমাপুোতি পিতৃপিতামহপ্রপিতামহাশচ বি-ষ্ঠায়াৎ জায়ন্তে তম্মান্নগ্নিকা দাতব্যেতি "। यूभन-गुकूनिত ना इरेटिंर विवाह मिर्ट এर विधि किन्छ যদি অমূঢ়াবস্থায় ঋতুমতী হয় তবে কন্সাদাতা, বর, উভয়ে নরকে গমন করে, আর তাহার পিতা, পিতামহ, প্রভৃতি। সকলে বিষ্ঠার হুদে কীটভাব লাভ করে। অত-এব ঋতৃ হইবার পূর্ব্বেই কন্মার বিবাহ দিবে এই শাস্ত্র, কিন্তু এক্ষণে বল্লালকৃত কুল-গৌরব দৌরভ-লোভে কুল-পালক এই সকল যুক্তিসিদ্ধ বিশুদ্ধ শাস্ত্রকে অশ্রদ্ধা করিয়া কতশত পাতক না স্বীকার করিয়াছে? এতদিনের পর কোথা হইতে অশেষ দোষাকর কুলীন এক পাত্র পাইয়া অদ্য অদিনে, অক্ষণে, তাহাকে কন্সা চতুষ্টয়

প্রদান করিবে? করুক্, যাহার যাহা অভিমত,—দক্ষিণা প্রাপ্তি হইলেই আমার অভিমত সিদ্ধ হয়, দিনের কথায় কায কি?

তর্ক। ভটাচার্য্য মহাশয়, ভাল, এক কথা জিজ্ঞাসা করি "যাহার কন্যা দে কুলীনপাত্র নাপাইলে কুল-ভঙ্গ ভয়ে বিবাহ দিতে পারে না স্মৃতরাং তাহাতে পাপ স্বীকার করিতে হয়, কিন্তু রজোযোগ হইলে দে কন্যাকে কে গ্রহণ করিয়া এমত্ পাপে লিপ্ত হয়?"

ধর্ম। সেও ঐ কুলীন মহান্তারা; তাঁহারা ধর্মাধ-র্মের প্রতি নেত্রপাত করেন্ না, অর্থ পাইলে পরমার্থ বোধে সকল ছক্ষ্মিয়াই করিয়া থাকেন্। তাঁহাদিগের বয়ো-বিবেচনা, গুণ-পর্যালোচনা, সৌন্দর্য্যাভিলাফ, জা-তি-বিনাশ শঙ্কা, লোকাপবাদ ভয়, কিছুই নাই;—অর্থ-লোভে এক ব্যক্তি একশত পর্যন্ত পরিণয়ে প্রণয়বদ্ধ করেন্, কাহার বা বিবাহব্যাপারে আলস্ক্য নাই!

## [অধর্মরুচির প্রবেশ]

অধর্ম। কে হে তুমি 'বে' তে আলিস্থার কথা বল্চো? বে কর্জে কি আলিস্থা হয়? গেলেম্—বে কল্লেম্—বং-কিঞ্চিং কাঞ্চনমূল্য পেলেম্—চল্যেম্—আর কি? "বে অরুচির রুচি, যদি পাই রূপার কুটি, তবে মুটিকেও করি শুচি, তাতে কি আলিস্থা আছে?"

ধর্ম। (জনান্তিক) তর্কবাগীশ, এই দেখ এক মহা-পুরুষ! (প্রকাশে) না তাহা নয়, আমি একটা কথার কথা কহিতে ছিলাম্;—আপনার নিবাস কোথা মহাশয়? অধর্ম্ম। শ্বশুরবাডি।

ধর্ম। শ্বশুরবাদী নিবাস ইহা কেমন কছিলেন্? অধর্ম। যেখানে থাভে হয় সেই নিবাস।

ধর্ম। আপনি কি ধর্মশাস্ত্র ব্যবসায় করেন্?

অথর্ম। (সক্রোধে) আঃ আনি কি ডোম,যে ধন্ম শাস্ত্র শিখে ধন্মপণ্ডিত হব ?

ধর্ম। আপনি জোধ করিবেন না, জিজ্ঞানার এমন রীতি আছে—লোকে করে থাকে, তায় ক্ষতি কি ? বলুন্না কেন কি ব্যবসায় করেন্?

অধর্ম। আমার বিবাহ ব্যবসা আর কি ব্যবসা ? ধর্ম। বিবাহ ব্যবসায়ে কি দেহ যাত্রা নির্কাহ হয় ?

অধর্ম। হাঁ, হয়ে থাকে। মহারাজাবিরাজ বল্লাল সেন আমাদিগকে যে নিন্ধর তালুক দিয়া গেছেন তার হাজাশুকো নাই—তাতেই ,আমরা স্থে আছি। আ-মরা "রাজারও রেয়েত নই, দেধেরও খাতক নই," আ-পনি কি কুলীনেচ্ছেলের বিষয় জানেন্না?

ধর্মা। হাঁ জানি, বিশেষ জানি না, আপনারা শ্বশুর বাটীতে কিরূপ থাকেন?

অধর্ম। স্বশুরবাড়ির স্থথের কথা একমুখে কত কর?

বরফী তুলিয়া হাতে দাঁতদিয়া কাটি। পায়স আঙুলে করে বসেবসে চাটি॥ ভোজনে ওজন বুঝে ঘন ছধবাটি।
শারনে কেমন স্থা পরিপাটি পাটি॥
আলাপে শীলতা বড় কথা কাটাকাটি।
সম্বল কিছুই নাই মুখে মালসাটি॥
বিসিয়া মজাগি করি কখন না খাটি।
অহঙ্কারভরে মোরা নামাড়াই মাটি॥

ধর্ম। হাঁ, হইতে পারে, আহারাদির ক্লেশ ঘটে না বটে, কিন্তু সংসারি মানব মাত্রেরই অর্থ প্রয়োজনীয়। যদি কোন ারণে ধনের প্রয়োজন হয়, কি করেন?

অধর্ম। তাহাও দে থায় পাওয়া যায়,—দক্ষিণ হস্তে
দক্ষিণে নাপেলে কি সেথা থাকি? কেন থাক্বো? বরং
অতিত হয়ে অন্যের বাড়িই সিদ্ধপক করি—তা ভাল, মশা
তাড়াই—সেও আচ্ছা, তবু কুলমর্য্যাদা নাপেলে কদাচ
সেথায় থাকিনে;—আমরা এমন গুরুর শিষ্য নই।

ধর্ম। শ্বশুরালয়ে অধিক দিন থাকিলে আদর ও গৌরবের কিছু হানি হয় না?

ভাষর্ম। (ঈষদ্ধাস্থ্য মুখে) না মহাশয়, কুলীনের ছেলে যত অধিক কাল শ্বশুরবাড়িয় থাকে তত অধিক আদর বাড়ে,—তা থাক্তে পাই কৈ? 'বছরে তিন শ ষাটি দিন' বৈত নয়?

ধর্ম। (উচ্চ হাস্তা মুখে) আপনি কত সংসার করি-য়াছেন? অধর্ম। আমাদ্দের কুলীনেচ্ছেলে অনেক 'বে' করে থাকে, কিন্তু আমি ধর্মভীত অধন্মরুচি মুখুব্যে, আমি অধিক করি নাই।

ধর্ম। তবু কত, শুনিতে পাই না?

অধর্ম। শুন্তে গানেন্ না কেন? আমি সাড়ে আ-ঠার গণ্ডা বৈ আর 'বে' করি নাই;—কত গুলে। 'বে' কর্লে কি হবে? আমাদ্দাদা নহাশয় চারি কুড়ি পোনের টা 'বে' করেছেন, এখন তিনি অন্তদন্ত হীন হয়েছেন তবু পেলে ছাড়েন না।

ধর্ম। (সহাস্থা মুখে) তাপনি এত অল্প বিবাহ করি-রাছেন? ভাল একটা কথা জিজ্ঞাসা করি " আপনি আ-পন বিবাহিত ৭৪টা স্ত্রীর প্রত্যেকের কি ধর্ম রক্ষা করিতে পারেন?

অধর্ম। ধন্মই ধন্ম রক্ষা করেন্ আমরা ধন্মাধ-ন্মের ধার ধারি নে, অথবা যার ধন্ম সেই রক্ষা করে; আমাধুন্ম এই যে "আমরা কুলীনের ছেলে, ধন্মেং কিছু পেলে ছাড়িনে" সে কথায় কায কি? নমস্কার মহাশয়, আমি পিতার তত্ত্বে এসেছি, দেখি তিনি কোথায়।

### [ইতস্ততঃ অস্বেষণ করিয়া অধর্মরুচির প্রস্থান।

ধর্ম। শুনিলে তর্কবাগীশ?

তর্ক। আজ্ঞা, শুনিলাম, কি চমৎকারং! কি ভয়ানক ব্যাপার! বল্লালসেন গৌড়রাজ্যে ধর্ম নির্ম্মূলনার্থ ধূম-কেতু স্বরূপ উদিত হইয়াছিল, যথার্থই বটে!

थर्मा। वाशु रह, वनिव कि? शृर्ख कुनीन भरक नव-গুণ বিশিষ্ট ব্যক্তি বুঝাইত, এইক্ষণ আর তাহা নাই কুকার্য্যে যে লীন তাহাকেই 'কুলীন' কহে, হা বিধাতঃ! তোমার স্থানৃষ্ঠা বিশ্বরাজ্য পরিণামে কিপর্যান্ত ভয়াবহ হইয়া উঠিল! হে বস্তম্বারে, বিবাহ করিয়া পত্নীর ভরণ-পোষণ ও ধর্মারকা করিতে হয় ইহা যাহাদিগের কর্ণকুছ-রেও কদাচ স্থান পায় না-সর্ব্বদাই বিবাহ বাণিজ্যে দীক্ষিত থাকে তাহাদের পাপ ভরেই তুমি ভারাক্রান্তা রহিয়াছ! স্ত্রীজাতির কাম পুরুষাপেক্ষা অইগুণ শাস্ত্রে কথিত আছে, কিন্তু এই সকল বল্লাল-দত্ত-কৌলীন্য-চিহ্নধারি কুলীন মহার্থিরা ইহা বিবেচনা নাকরিয়া শতাধিক বিবাহ করেন্ ইহাতে ঐ বিবাহিত কুলকামিনী-গণের প্রত্যেকের কি ধর্মা রক্ষা হয়? বিবাহের পর জীবনকাল মধ্যে কোন শ্বশুরালয়ে ইঁহারা দিবার, কো-থায় ত্রিবার, পদার্পণ করিয়া থাকেন, তাহাতে তাহাদি-গের পাতিব্রভা ধর্ম্ম কি রূপে রক্ষিত হইবে? বর্ত্ত্যান কালে স্ত্রীজাতির বিদ্যাশিক্ষার সম্যক্ প্রথা নাই, স্থ তরাং তাহারা অন্তঃকরণকে বিষয় বিশেষে ব্যাপুত ক-রিতে পায়না, চিরকাল পিত্রালয়ে অবস্থান করে, তুঃসহ যৌবন যাতনা উপস্থিত হইলে নিতান্তই হিতাহিত বিবে-চনা বিহীনা হইয়া স্বস্ব সমীহিত সাধনে বত্নবতী হয়, তাহাতে জাতিপাত ও জনাপ্ৰাদ প্ৰভৃতি বিবিধ ব্যা-পার তাহাদের জভঙ্গের আত্মঙ্গিক ফল হইয়া উঠে। মন্থ কহিয়াছেন।

"বাল্যে পিতুর্বশে তিষ্ঠেৎ পাণিগ্রাহস্ম যৌবনে। পুত্রাণাং ভর্ত্তরি প্রেতে ন ভজেৎ দ্রী স্বতন্ত্রতাং"। বাল্য
কালে পিতা, যৌবনে পরিণেতা, এবং পতির লোকান্তর
হইলে পুত্রগণ, স্ত্রী,জাতির আবরক হয় এবং

"পানং ছুর্জ্জনসংসর্গঃ পত্যা চ বিরহোহ টনং। স্বপ্লোহ স্থাগেহবাসশ্চ নারীসংদ্যণানি ষট্"।

মন্ত্র এই শ্লোকে স্ত্রীজাতির যট্প্রকার দূষণ গণনাতে পতির সহিত চিরবিরহেরও পাতিব্রতা নাশকতা কহি-য়াছেন। কিন্তু বল্লালি প্রথায় কুলীন কন্যা ও কুলীন কর্তৃক বিবাহিত বনিতাদিগের প্রায় অহরহই বিরহ-বে-দনা সহ্য করিতে হয়, ও চিরদিনই পিত্রালয়ে থাকিতে হয় স্থতরাং তাহারা কি রূপে সতীত্ব রক্ষা করিবে? ব্যভিচার দৌষে অবশ্রাই লিপ্ত হয়।

তর্ক। যথার্থ মহাশয়।

ধর্ম। আমরাও সেই সকল ব্যক্তির যাজনকার্য্যে ভূরিভূরি মহাপাতক স্বীকার করিতেছি! কি করি, কাল ধর্ম সহকারে সকলি করিতে হয়!

# [নিজপিতা বিবাহবণিকের সহিত অবর্ম-রুচির পুনঃ প্রবেশ]

বিবাহ। তার পর বাপু, কি হলো? অধর্ম। তার পর মাধবপুরে যাচ্ছিলাম এই আপ-নার সঙ্গে সাক্ষাৎ; ভাল হল, তবে একটা মন্ত্রণা জিজ্ঞাসা कति कि कर्त्वा वनून (मिथे?

বিবাহ। কি বল? ——কেন এত বিষঃ মুখে রহিলে?

অধর্ম। (দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিয়া) জৈত্রপুরের দোকানে বসে আমি মৌতাত্ কচ্ছিলাম এমন সময়ে এক বেটা নাপ্তে নকুলপুর থেকে একথানা পত্র এনে দি-লেক।

বিবাহ। নকুলপুরে তুমি কি বে করে ছিলে? অধর্ম। আপনি কি করে জানিলেন্?

বিবাহ। বলি এ আর জান্তে কি? কুলীনের ছেলের তিনকুলে কে আছে যে চিঠা লিখিবে? তা পত্রে কি লেখা আছে?

অধর্ম। আমিতো লেখাপড়া শিখি নি, সেই দো-কানি তা পড়িল।

বিবাহ। কি বৃত্তান্ত?——কেন বাপু অধোমুথে নিরুত্তর হইলে? কোন অমঙ্গল সম্বাদ না কি? বল বাবা, কি হয়েছে?

অধর্ম। (অধােমুখে) হাঁ—এক প্রকার অমঙ্গলই বটে, "সেথায় আমার একটা দেয়ে হয়েচে, তার অনপ্রা-শন নিমিত্তে আমার সম্বন্ধী আমাকে সেথায় যেতে লি-খেচে," দোকানি বেটা তো এই বল্লা।

বিবাহ। আ—হা! কন্যা হলো! পুত্র সন্তান হলে ভাল হতো! ঈশ্বরের ইচ্ছা এতো অন্যের সাধ্য নয়, তা কি কর্ব্যে; তবে কিনা আমাদ্দের কন্যাগত কুল, তাহার

বিবাহ সময়ে কুলকর্দ্ম কর্ডে হবে, না পারিলে কুলভ-ঙ্গের সম্ভাবনা বটে, তা কি কর্ব্যে বাপু? যাও, অন্মপ্রাশন দেয় গে।

অধর্ম। বাবা, তার নিমিত্তে বল্চি না।

বিবাহ। তবে কি নিমিত্ত?

অধর্ম। কি বল্কো বাবা, লজ্জা হয়; সেদেশে প্রায় তিন বছর যাই নাই, তাই বলি 'মেয়েটা হলো!'

বিবাহ। (উচ্চহাস্থ্য করিয়া) বাপুহে, তাতে ক্ষতি কি? আমি "তোমার জননীকে বিবাহ করিয়া তথায় এক-বারও যাই নাই, একেবারে তোমার সঙ্গে সাক্ষাৎ হয়!" তা বাপু আমরা কুলীনের ছেলে, আমাদের ওরকম হয়ে থাকে, তাতে ক্ষতি কি? যাও বাপু, তারা আমোদ করে লিখেছে যাও, লক্ষা কি?

# [অধোমুখেই অধর্মরুচির প্রস্থান।

বিবাহ। (স্বগত) আমার কিছু টাকা চাই, কোথা যাই, বেলাও অনেক্টা হয়েছে, নিকটে কি কোন শশুর-বাড়ি নাই? (চিন্তাকরিয়া) হাঁ, যেন মনে হচ্চে, এখান হইতে এক ক্রোশ হইবে বিমলাপুর, সেখানে বুঝি এক বার বে হয়ে ছিল (পুনশ্চিন্তা করিয়া) আমিই সেথায় বে করেছি না পুজ্রের বে দিছি? ভাল মনে হচ্চে না—পুজ্রকে ডেকে জিজ্ঞাসা করিব? (কিঞ্চিন্টাবিয়া) না, আমার কাছতো কর্দ্ধ আছে তাই দেখি না কেন? (কর্দ্ধ খুলিয়া)

হাঁ, এই যে "১২৫২ দালে, ৩ রা মাঘ, বিমলাপুরের কমল স্যায়ালস্কারের কন্সাকে আমিই বে করেছি" হুঁ, দেখেছ? লেখাপড়া রাখা ভাল, মনে করে কতো রাখা যায়? লেখাছিল এইতো মনে হলো, নৈলে কি হতো? যাই, এখন দেখানেই যাই; কিন্তু সে বামণ বামণ-পণ্ডিত, কিছু দিতে পারে এমন বােধ হয় না। ভাল, ব্রাহ্মণীর কাটনা কাটাও কি কিছু নেই? দেখে আসিনে কেন? কিন্তু যদি বাবাজীর মত আমারও কন্সা হয়ে থাকে, তবেইতো বিভাট। (কিঞ্চিদামন করিয়া) কোন পথটা দে যাব, কাহাকেও যে দেখিতে পাইনা, জিজ্ঞানা করি কাকে?

# [উত্তম মুখোপাধ্যায়ের প্রবেশ]

(প্রকাশে) ওহে, কে হাঁ তুমি, বিমলাপুরে কোন পথে যাব, বলিতে পার ?

উত্তম। বিমলাপুরে যাবেন্? আমার সঙ্গে আস্তন্। আপনি বিমলাপুরে কার বাড়িতে যাবেন্?

বিবাহ। কমল স্থায়ালস্কারের বাড়ি।

উত্তম। তথায় কি প্রয়োজন?

বিবাহ। আমি তাঁহার কন্সাকে বিবাহ করিয়াছি, তাই একবার তত্ত্ব বুভান্ত করিতে যাই।

উত্তম। মহাশয়ের নাম कि ?

বিবাহ। আমার নাম শ্রী বিবাহবণিক মুখো-পাধ্যায়। উত্তম। তবে আমি প্রণাম করি (প্রণিপাত)
বিবাহ। বাপু তুমি কে? আমাকে প্রণাম করিতেছ।
উত্তম। আমি মহাশয়ের পুত্র, আমার নাম উত্তম
মুখোপাধ্যায়।

বিবাহ। পুত্র! সে কি? তুমি কাছার দৌহিত্র?
উত্তম। আমি বিমলাপুরের শ্রীযুক্ত কমল ন্যায়ালক্ষার মহাশয়ের দৌহিত্র।

ি বিবাহ। তবে যথাৰ্থইতো বটে, এসং বাছা এস, (মস্তকে হস্তাৰ্পণ )

উত্তম। আমি আজি কৃতার্থ হইলাম—'জন্মাবধি পিতৃ দর্শন পাই নাই'।

বিবাহ। (স্বগত) তুমি দর্শন পাবে কি তোমার মাও আমাকে কখন দেখে নাই—সেই শুভ দৃষ্টি মাত্রই থা-হউক। কৈ, অধর্মারুচি বাফা এখন কোথায়,—কন্যা-হয়েছে বলে বড় ভয় পেয়েছিলেন, দেখুন্ এসে, আমার এক কালে কুড়ি বংসরের ছেলে হয়েছে! (প্রকাশে) হাঁ, আমারও আজি প্রম আহলাদ—'পুজের সহিত সাক্ষাং হইল'।

উত্তম। মহাশয়ের শরীর ভাল আছে? বিবাহ। হাঁ বাপু। তোমাদের সকল মঙ্গল?

উত্তম। আজ্ঞা, জ্রীচরণ প্রসাদাৎ সকলই মঙ্গল।

বিবাহ। (স্বগত) দূর হউক, আর সেথায় যাব না, (প্রকাশে) উত্তন,—বাপু তোমার সঙ্গে দেখা হয়ে ভাল হলো, সেথাকার সংবাদ পাইলাম, তবে আর যাইরার আবশ্যুকতা কি? তুমি যাও, আমার একটু বিশেষ প্রয়োজন আছে, তথায় যাই।

উত্তম। না মহাশয়, আপনাকে যেতে ছবে, চলুন্। বিবাহ। কেন আর মিছে কর্ম ভোগ? সংবাদ তো পেলাম।

উত্তম। না না, তা হবে না, যেতেই হবে।

বিবাহ। কেন, তুমি এতো আকিঞ্চন করিতেছ কেন ? উত্তম। আজ্ঞে, আমি আকিঞ্চন করিতেছি তাহার কাবন আছে।

বিবাহ। কি নিমিত্ত বল, শুন।

উত্তম। মহাশয়, আজি তিন বৎসর হইল আমরা
মহাশয়ের শরীরের অমঞ্চল সংবাদ পেয়েছিলাম, এখন
বুঝিলাম সে সমাদ মিথাা; কিন্তু তাহাতেই আমার
মাতৃঠাকুরাণী বিধবা হইয়াছেন। অদ্য আপনকার
সহিত আমার সাক্ষাৎ হইল, পরম সৌভাগ্যের বিষয়,
আমি এই সমাদ বাটীর সকলকে জানাইলে তাঁহারা
বিশ্বাস করিবেন না, তাই মহাশয়কে এতো আকিঞ্চন
ভরিয়া লইয়া ঘাইতেছি;—তাঁহারাও তুই হইবেন, মাতৃ
ঠাকুরাণীরও বৈধবাদ্র হইবে।

বিবাহ। (হাস্ট্যমুখে স্বগত) স্বামী স্ত্রীর সকলই দেখিতে পায়, কিন্তু বৈধব্যদশা কদাচ দর্শন করিতে পায় না, দেখ আমি কি ভাগ্যবান্ ভাহাও স্বচক্ষে দে-খিব,—হা অদুষ্ট! (প্রকাশে) চল বাপু তবে যাই।

উভয়ের প্রস্থান।

## [গর্ভবতীর প্রবেশ]

গর্ভ। (রোদন করিতে২)

मः मादत्व हिल माध, जाद्य इटला विमः वाध, বিধাতা সাধিল বাধ, সাধনা পুরাল না। বাঁচিয়া নাহিক স্থা, কেবল সতত চুখ, **प्रिथार्टेट** कालाग्र्य, जात नाहि वामना॥ একোটা এক প্রকার, দেখে হই চমৎকার, গুণকথা কহি কার, কেহ ভাল বাসে ना। শारुषी वाधिनी आय, ननमी नाशिनी जाय, যদি কোন ছল পায়, তবে রক্ষা থাকে না॥ প্রতিবাদী যদি আসি, হয় মোরে মিউভাষী, অমনি সে সর্বনাশী, প্রকাশিতে ছাড়ে না। শাশুড়ী তা শুরেপেলে, ভূতছাড়া করে গেলে, দিতে এসে মুড়ো জ্বেলে, বিবেচনা করে না॥ পেলে অপরাধ তিল, তালের সমান কীল, বুকে পিঠে লাগে খিল, নাহি থাকে চেতনা। ভাতারের মুথে ছাই, মরণতো তার নাই, তা হলে নিকুলে যাই ঘুচে সব যাতনা। यति मना यनखार्भ, कि म्हर्थ मिरश्र वार्भ,

থাকু তাকে কাল সাপে যে করেছে ঘটনা।
মরণ হইলে হয় পোড়া প্রাণে কত সয়,
যম গেছ যমালয়, একবার ডাক না॥

আমিতো আর সহিতে পারিনে, বিধাতা যদি দিন দেয় তবেই দিন পাব! যাই দেখি পুরুতের বাড়ি (পথি-মধ্যে) এই যে পুরুত ঠাকুর, এই দিকেই আংশ্চন। (নিকটে গিয়া প্রণাম করিয়া রোদনারম্ভ করিল)

ধর্ম। কেও ? হরির মা? কেন মা রোদন করিতেছ। বালকেরা তো ভাল আছে?——কেন মা? নে ২? বড় রোদন করিতে লাগিলে, কিজস্থে? চক্রবর্তি বাফা কি কিছু বলিয়াছেন?

গর্ভ। আমার আর কেউ নেই আপনি রক্ষা করু নৃ (চরণ ধারণ)

ধশ্ম। কেন্ মা? ছাড়্ই, আমাকে যাহা বলিবে তা-হাই করিব;—বল কি করিতে হইবে?

া গর্ভ। "এবার যেন আনার এটী মেয়ে হয়" এই সংকল্প করে কালি কিছু স্বস্ত্যেন করিবেন বলুন্। নৈলে আনি তোমার কাছে স্ত্রীহত্যা হব!

ধর্ম। অবশ্য করিব, এই বৈতো নয়, তাহার নিমিত্ত আর চরণ ধারণ কেন? ছাড়।

গভা (চরণ ত্যাগ করিয়া) তবে আমি উযুগে, ক-রি গে? ধর্ম। হাঁ, যাও, একটা কন্সা কি ইছা করিয়াছ ? (হাস্প্রমুখে) হাঁ, হাঁ, অভিলায হইতে পারে, কন্সা সভ্ ন্তানটা বড় স্নেহ পাত্র বটে, বিশেষত "দশপুত্র সমা কন্সা যদি পাত্রে প্রদীয়তে" কন্সা যদি সংপাত্রে প্রদান করা হয় তবে সে কন্সা দশপুত্র তুল্যা। আর কন্সা দানের ফলও বড়—ক্রিয়া যোগসারে কথিত আছে "ক-স্থাদানক্তো নাস্তি স্বর্গাদাগমনং পুনঃ"। যে ব্যক্তি কন্সাদান করে তাহার অক্ষয় স্বর্গ হয়। এই সসাগরা ধরা দান করিলে যে পুণ্য হয় সেই পুণ্যে কন্সাদাতার অধি-কার, ইহার প্রনাণ বচনটা তর্কবাগীশ স্বরণ হয় হে?

তর্ক। আজ্ঞা, বড় মনে হইতেছে না।

ধর্ম। নাই হলো, ভারতেও লিখেছেন "দৌহিত্রস্তা মুখং দৃষ্ট্যী কিমর্থমন্ত্রশাচতি। এবং, তেন দৌহিত্রজান্ লোকান্ প্রাপ্নুয়ামিতি মে মতিঃ"। কন্যা সন্তান দারা দৌহিত্র-মুখ দর্শন হয় তাহাতেই 'দৌহিত্রজ' নামে স্বর্গ লাভ হয়, স্মৃত্রাং এই সকল কার্য্য অমুসন্ধান করিলে কন্যা সন্তান প্রসবে অভিলাষ হয় বটে।

গর্ভ। তার্জ্জন্মে বড় নয়।

ধর্ম। তবে কি নিমিত্ত কন্সার প্রার্থনা?

গর্ভ। সেই পোড়ারত্ত্বকো মিন্ষে আমাকে মেরেছে। (উচ্চৈঃস্বরে রোদন)

ধর্ম। রাম রাম! স্ত্রীলোকের নিগ্রহ, একি! ''স্ত্রিন্ য়ঃ সমস্তাঃ সকলা জগৎস্থ'। দেবতারা কহিয়াছেন ''পূ-থিবীস্থ সমস্ত স্ত্রীলোকই ভগবতীর অংশু'' তৎপ্রতি দশু একি! বিশেষত মন্ত্র কহিয়াছেন " শোচন্তি জাময়োষত্র বিনশ্যত্যাশু তৎকুলং। ন শোচন্তি হি যতৈতা
বর্দ্ধতে তদ্ধি সর্মদা"। যে কুলে কুলকামিনীরা রোদন
করে সে কুল শীঘ্রই বিনাশ পায় আর যে কুলে তাহারা
আহ্লাদিত থাকে সে কুল সর্মদা বর্দ্ধনশীল হয়, অতএব
চক্রবর্তী কেন ধর্মাতিবর্তী হইয়া তোমাকে নিগ্রহ করিলেন? বাছা তুমি কি কোন অপরাধ করিয়াছ?

গর্ভ। এমন্ কিছু করি নাই কেবল পুত্র প্রসব করেছিলাম্।

ধর্ম। তাহাতে অপরাধ কি? সৌভাগ্যবতী নারীই পুত্র প্রসব করে, বিশেষত "পুত্রার্থে ক্রিয়তে ভার্যা। পুত্রঃ পিগুপ্রয়োজনঃ"। পুত্রের নিমিত্তই দার গ্রহণ করিতে হয় নতুবা ভার্যার প্রয়োজন কি? বিষ্ণুসংহিতাতে লিখিত আছে "পুন্নাম্মানরকাদ্যমাৎ পিতরং ত্রায়তে স্কৃতঃ। তমাৎ পুত্রইতি প্রোক্তঃ স্বয়মেব স্বয়স্তুবা"।। যে ব্যক্তি 'পুন্নাম' নরক হইতে নিষ্কৃতি করে সেই পুত্র, যাহার ছ্রদৃষ্ট দোষবশে পুত্রমুখ নিরীক্ষিত না হয় তাহাকে পুন্নাম নরক ভোগ স্থীকার করিতে হয়। অতএব পুত্র প্রসব করিয়া তাঁহাকে কৃতার্থ করিয়াছ, তাহাতে অপরাধ কি?

গর্ভ। না, এক পুত্র না, অনেক পুত্র প্রসব করেছি। ধর্ম। তাহাতো অতি উত্তম "এইব্যা বহবঃ পুত্রা যদ্যপ্যেকো গরাং ব্রজেং"। সংসারিরা বহু পুত্র ইচ্ছা করিকে যেহেতু অনেক পুত্র মধ্যে যদি কেহু গরাধামে গমন করে, তাহা হইলেই চতুর্দ্দশ পুরুষ পর্যান্ত অনায়াসে উদ্ধার হইতে পারে। আর এক পুত্রে বংশ
রক্ষার ও সন্দেহ, ভারতে কথিত আছে " একপুত্রো
হুপুত্রোমে মতঃ কৌরবনন্দন। একচক্ষুর্যথা চক্ষুর্নাশে
তস্যান্ধএবসঃ"। যেমন কাণ ব্যক্তির বর্ত্তমান যে এক
চক্ষু তাহে আন্থা নাই, তনাশ হইলে অন্ধ হইতে হয়
সেইরূপ এক পুত্রির সে পুত্র বিনাশ হইলে তাহার বংশ
নির্মূলিত হইয়া যায়। বিশেষত নিমিত্তনিদানে কর্নী
থিত আছে "বছপুত্রবতী নারী স্থপসোভাগ্য শালিনী"। যে স্ত্রী বছপুত্র প্রসবিনী সে লক্ষণাক্রান্তা, অতএব হরির মা, বাছা তুমি অনেক পুত্র প্রসব করিয়া
সোভাগ্যশালিনী হইয়াছ ইহাতে তোমার অপরাধ
আমি কিছুই বুঝিতে পারিলাম না।

গর্ভ। তবে আপনি শুন্থন্, আনাদের বংশে সকলেই মেয়ে ব্যাচে, আমার বড় ভাস্থর পাঁচ্টা মেয়ে বেচে কোটা করেছেন্, আরো এখনো ছটো আছে। আমার চারিটাই ছেলে, মেয়ে হয় নি তাই আমাদের সেই মিন্যে আমারে সক্ষদা তাড়না করে, বলে 'এমন্ হতভাগিনী ভুই একটাও মেয়ে বিউতে পালিনে'। এবার আবার সেই অলক্ষণে পেট উপস্থিত হয়েছে, আজি কোথা থেকে এসেই আমাকে নিগ্রহ কল্যে, আর বল্যে 'এবার যদি না মেয়ে হয় দূর করে দেবাে' তাই আপনি দয়া করে কিছু স্বস্ত্যেন করুন্যেন এবার মেয়ে হয়—আর আমি জ্বালা সৈতে পারিনে। (উট্চঃস্বরে রোদন)

ধর্ম। (কর্ণে কর দিয়া) আঁ একি শুনি ? রামও! না-<u> बाग्नुन्धः कन्। विक्रमः । यादा ध्वरत्य भाभ स्मर्मः।</u> এতাদৃশ ব্যাপারেও প্রাণিদিগের অভিরুচি! হা ভগ-বন্ এ কি ? পদ্মপুরাণে কথিত আছে " কনা বিক্র-য়িণোনাস্তি নরকানিষ্কৃতিঃ পুনঃ "। যে ব্যক্তি কন্যা বি-ক্রম করে তাহার নরক হইতে নিস্তার নাই, সে চির-काल नित्रशामी इरेशा थाटक। এবং ক্রিয়াযোগদারে কথিত আছে "যঃ কন্যা বিক্রয়ং মূঢ়ো মোহাৎ প্রকু-রুতে দিজ। স গচ্ছেন্নকং তোরং পুরীষহ্দসংকুলং "। य राक्ति निर्वास धन शृधु हो। अयुक्त अयुक्त कना। वि-ক্রয়ন্ত্রপ ছঃসহ পাতক স্বীকার করে তাহাকে বিপ্তা হদ নরকে গমন করিতে হয় । এবং " কন্যা বিক্রয়িণঃ পুংসোমুখং পশোন্ন শাস্ত্রবিং। পশোদজানতোবাপি कुर्याह्यास्त्रतमर्भनः ॥ य राक्ति अञ्चान कनाविक्रावित মুখাবলোকন করে দেও সূর্য্য দর্শন স্থাপ প্রায়শ্চিত্ত করিবেক। "যং কিঞ্জিৎ ক্রিয়তে কর্ম্ম কন্য। বিক্রয়িণঃ পুনঃ। শুভং তৎ সকলং বিপ্র গচ্ছেদিফলতাং প্রতি"। কন্যাবিক্রেতা যদি কোন সংকর্ম করে তাহাও তাহার বিফল হয়। আর অধিক কি বলিব " তর্দ্দেশং পতিতং মন্যে যত্রান্তে শুক্রবিক্রয়ী"। কন্যাপুত্র বিক্রেতা যে স্থানে বাস করে সে দেশ পর্যান্ত পতিত হয়। অপর কুল-সর্বস্থ গ্রন্থে লিখিত আছে "নকুর্যাদর্থসমুদ্ধ কন্যা-দানে কদাচন"। কন্যাদাতা কন্মাগ্রহীতার সহিতক माठ अर्थ मश्च कतित्व मां, कतित्व कन्या-विक्य प्राप्त

লিপ্ত হয়, এই শাস্তান্ত্রসারে অদ্যাবিধি সজ্জনগণ কদাচ বরপ্জের দ্রব্যসামগ্রীও গ্রহণ করেন্না এবং দেছিত্র মুখ নিরীক্ষণের পূর্বেজামাতৃ গৃহে অভ্যবহারেও বিমুখ থাকেন। শাস্ত্রে এই রূপ শুক্রবিক্রয়র অশেষ প্রকার নরক লেখে, কিন্তু কি আশ্চর্য্য, পামর প্রকৃতি প্রাণিণগণ সেই সমস্ত ছুর্দ্বর্য পাপপুঞ্জ স্বীকারে বস্তুমতীকে দূষিত করিতেছে! বাছা হরির মান তুমি এক্ষণে গৃহে যাও, আমি আশীর্কাদ করিলাম ভোমার কন্যা হইবে, আর স্বস্তায়ন করিতে হইবে না।

## [গর্ভবতীর প্রস্থান।

তর্কবাগীশ শুনিলে কি কদর্য্য ব্যবহার ! কন্সা বিক্রয় কি আশ্চর্য্য ?!!

তর্ক। সম্পন্ন ব্যক্তিরা কি করে? যাহারা দরিদ্র তা-হারা কি করিবে, সংসার্যাতা নির্ম্বাহ নিমিভই এই স-কল পাপ স্বীকার করিয়া থাকে।

ধর্ম। রেখে দেওহে সংসার যাতা। বৃক্ষে কি পত্র
নাই?—নদীতে কি জল নাই?—অরণ্য ভূমিতে কি স্থান
নাই?—পল্লবে কি শয়া রচনা হয় না?—বামবাছ কি
উপধান হইতে পারে না?—বলকল কি পরিধেয় নহে?
এই পৃথিবীতলে জগদীশরদত্ত অযত্ন স্থলভ কি না আছে?
কি না পাওয়া যায়? সকলই প্রাপ্ত হওয়া যায়—সকলই
মিলে—তবে কি নিমিত্ত এই মহাপাতক?

তর্ক। মহাশয়, বর্ত্তমান কালীন সানবগণমধ্যে শাস্ত্রে প্রনা অত্যল্প লোকের আছে, অলোকিক যে পাপপদার্থ তাহা কত লোকে বিবেচনা করে? স্থতরাং তাহাতেই এই ছম্কার্য্যের প্রচার আছে।

ধর্ম। তা শাস্ত্রই যেন না মানিলেক, কন্যা বিক্রয়ের দুউদোষও দর্শন করে না ?

তর্ক। দৃষ্টদোষ শুনিতে ইচ্ছা করি।

ধর্ম। শুন্বে, শুন "আজন পর্যান্ত মেহ পূর্মক যে কন্তার লালন-পালন করা যায়, পোষিত গৃহ কুক্কুটের ল্যায় তাহাকে বিজ্ঞয় করা কি বিহিত কার্যা? বিশেষত কন্তাবাণিজিকেরা পাত্রের বিদ্যা, বৃদ্ধি, রীতি, চরিত্র, কিচ্ছুই বিবেচনা করে না যাহার নিকটে অভিমত পণ প্রাপ্ত হয় মে ব্যক্তি জরাজীণ, ব্যাধিশীণ, বিবর্ণ, বিত্রপ, নির্গুণ হইলেও তাহার করে ঐ মেহন্য় কন্তারত্মকে বিদর্জন করে, "—আহা! তাহারা কি নির্দয় !! কি নিষ্ঠুরং !!! এই সকল ব্যাপারেই এতদ্দেশে মহা অমঙ্গল ঘটতেছে।

তর্ক। দেশের অপকার কি?

ধর্ম। নয় কেন? "কোন ব্যক্তি, রুগ্ন, ভুগ্ন, অন্ধ্যু বধির হইয়াও ধন গোরবে কোন স্থ্রূপা কানিনীর কর গ্রহণ পূর্বক তাহার অমূল্য যৌবন ধারণের বৈফল্য বি-ধান করিতেছে" কোথা বা "উত্তম বিদ্বান্, রূপবান্, চরি-ত্রবান্, যুবক নির্ধন তায় বিবাহ করিতে অসমর্থ হইতেছে" ইহাতে এপ্রদেশে কত অনিষ্ট ঘটিতেছে দেখ দেখি। ু তর্ক। ভাল, প্রজার পক্ষে এমন্ অনিষ্ট, রাজা কেন বিবেচনা করেন্না?

ধর্ম। ঐতো আক্ষেপের বিষয়! বল্লালি কুপ্রথার পরিবর্তনে ও অপত্য বিক্রয় বারণে যদি রাজ-পুরুষেরা মনোযোগি হন তবেই বঙ্গভূমির স্থেসমৃদ্ধি বৃদ্ধি হয়। কিন্তু তাঁহারা প্রজার ধর্মে হস্তার্পণ করেন্না!

তর্ক। মহাশয়, এতো ধর্মা নয়, যাহা বিহিত কার্য্য তাহাই ধর্ম। এক ব্যক্তি 'যত অভিলাষ ততই বিবাহ করিবে,'কেহ বা 'বিবাহ করিতেই পারিবে না '—ইহা কি প্রকারে বিহিত হয় ? বিশেষত "রাজ্যে ময়ৢয়া-বিক্রয় হইবে না" এরপ রাজনিয়ম আছে, এ নিয়মায়ুসারে কয়্যা বিক্রয় নিষেধ হইতে পারে এবং "স্ত্রীকে ভরণ পোষণ করিতে হয়" এ নিয়মেও ফলে২ বিবাহ-বাণিজ্যা নিবারণ হয়।

ধর্ম। হাঁ বাপু, ভাল বলিয়াছ। আমিও এই বঙ্গরা-জ্যের সাম্যিক উন্নতি দেখিয়া বোধ করি ক্রমশ রাজ-পুরুষেরা এবিষয়ে মনোযোগী হইবেন।

তর্ক। ভটাচার্য্য মহাশয়, আপনিতো কন্সা বিক্রয়ের দোষঘোষণ করিলেন, ভাল, কন্সা ক্রয় করিয়া যাহার। বিবাহ করে তাহাদিগের কিছু দোষ আছে কি?

ধর্ম। কিছ কেমন্?

তৰ্ক। বলুন্ না কি দোষ, শুনিতেং যাই—ভাল, জানা থাকা ভাল।

ধর্ম। ক্রয় করিয়া বিবাহ করিলে বিবাহই সিদ্ধ হয়

না; অন্যেপরেকাকথা "ক্রয় ক্রীতা তু যা নারী ন দা প-ত্মাভিধীয়তে। ন সা দৈবে ন সা পৈত্রে দাসীং তাং কবয়ো বিছঃ"।। ক্রীত বিবাহিত স্ত্রী 'দাসী তুল্যা,' পত্নী নহে। আ র তাহার পুত্রও 'দাস পুত্র' বলিয়া শাস্ত্রে খ্যাত আছে। ''ক্রীতা যা রমিতা মূল্যৈঃ সা দাসীতি নিগদ্যতে। তক্ষা-দেষা জায়তে পুত্রো দাসপুত্রস্ত স স্মৃতঃ "।। এবং বিক্রীত কন্যার পুত্র সকলধর্ম হইতে বহিষ্কৃত তাহাকে চণ্ডা-লতুল্যও কহিয়াছেন। ''বিক্রীতায়াশ্চ কন্সায়াঃ পুত্রো যোজায়তে দিজঃ। স চণ্ডালইব জ্ঞেয়ঃ সর্বধর্ম বহিষ্কৃতঃ"।। অপর রাজা যদি ক্রয় করিয়া বিবাহ করেন্তাহা হইলে मि खीत भूळ ताका। धिकाती इस नाः—वाक्रन यनि कस করিয়া বিবাহ করেন্ তবে সে স্ত্রীর পুত্র তাঁহার শ্রাদ্ধা-ধিকারী হয় না, দে পুত্র সকল পুত্রের অধুম " ন রাজ্ঞা রাজ্যভাক্স স্থাদিপ্রাণাং প্রাদ্ধক্রচ। অধমঃ সর্বর পু ত্রেভাস্তশাত্তং পরিবর্জ্নয়েৎ "।।

তর্ক। মহাশয়, এ সকল প্রমাণ কোথাকার?

ধর্ম। কেন ? অতি প্রাচীন দত্তক মীমাংসায় ধৃত হইয়াছে।

তর্ক। তবেতো ক্রয় করিয়া বিবাহ করাও অতি মন্দ?
ধর্ম। হাঁ (শংস্থাবাদ্য শুনিয়া) চলং আমরা যাই
(কিয়দূরে যাইয়া) এই যে কুলপালকের বাটী, চল প্রাবিষ্ট হওয়া যাউক।

তর্ক। আজা, অগ্রসর হৌন।

[বাটীর মধ্যে উভয়ের প্রস্থান।

### ( be )

### [নিজ শিশুর সহিত স্থমতির প্রবেশ]

স্থমতি। (শিশুরপ্রতি) বাছা একবার ডাক্না, মদ্যে গেল কোথা? ফলারের নেমন্তম হয়েছে, বেলাবেলি ছেলটা নে যাকু না কেন?

শিশু। ওমা, তুই আমাকে ফলারে নে যা, আমি তোসসঙ্গে যাব।

সুমতি। বাছা, আমি কি সেথায় যেতে পারি?

শিশু। কেন পারিস্নে—তুই পারবি।

সুমতি। আনি যে মেয়ে মানুব, কেমন করে যাব?

শিশু। না, তুই মেয়ে মান্তব্ নয়—তুই যাবি—আয়, আমার সঙ্গে আয় (অঞ্লাকর্যন)।

স্থমতি। না বাছা, আমি গেলে লোকে নিন্দে কর্ব্যে; তুই ডাক্, সে এখন তোকে নে যাবে।

শিশু। ওমা, কাকে ডাক্ব ? কে নে যাবে ?

সুমতি। সেই মিন্সেকে ডাক্,—থাকে২ নিউদ্দেশ হয়।

শিশু। কোন মিন্সেকে মা ? যে আমাদ্দের ঘর
ছেয়ে ছিল ?

স্থমতি। না না, তাকে কেন?

শিশু। তবে আবার কোন মিন্সেকে ডাক্বো?

স্থমতি। সেই কতাকে রে কতাকে; ছেলেটাও তেমি!

শিশু। কোন্তাকে, তাই বল্না কেন? আয় তূতু তু।

স্থমতি। (নক্রোধে) না রে পোড়াকপালে ছেলে, কুকু-রকে কেন? শিশু। (সরোদনে) আঁ২, তুইযে বল্যি কোন্তাকে ডাক, তবে আবার কোন্তা কে?

স্থমতি। সেই তোদ্ধের তাকে।

শিশু। (সাভিলাষে) ওমা আমাদ্দের তাকে কি আছে মা, বল্না মা, বল।

স্থমতি। কি দায় হলো! এখানেও কেউ নাই যে বলে দেয়।

[উদর পরায়ণের প্রবেশ]

উদর। (উদরে হস্তদিয়া)

কালেং সবগেল কি হইল ভাই।
পূর্বমত ফলার নয়নে দেখি নাই॥
থাকিত ঘরেতে মোর হাঁড়িপোরা লুচি।
থাইতেং তাহা হইত অরুচি ।
দিনং কতং জুটিত ফলার।
এখন মণ্ডার গন্ধ আর মিলা ভার॥
এমন ভূর্ভাগাদেশে মারী ভয় নাই।
ভাবি সদা কোথা গেলে আদ্য আদ্ধ পাই॥
বিবাহের দফারফা বলালে করেছে।
খাতা পত্র যাহা ছিল হারিয়ে গিয়েছে॥
তাই আমি দৈয়ে হাটে ঘুরিয়া ঘুরিয়া।
ফলার সন্ধান করি খুজিয়াং॥

হায় কিছুই হলো না! এতোটা পরিশ্রম!

পরিশ্রম হলো সার, নাহি মিলিল ফলার, ফল আর জীবনে কি আছে। গৃহ অন্নে নাই রুচি, ত্যজিছি লক্ষীর খুচি, লুচি বিনে কিসে প্রাণ বাঁচে॥

শিশু। ওমা২, এই যে বাবা এয়েচে, আমি বাবার সঙ্গে যাব।

উদর। কিরে তুই এখানে কেন? একা এসিছিদ্ নাকি?

শিশু। (শীত্র গিয়া পিতার অঙ্গুলি ধারণ পূর্ব্বক) এই যে বাবা এয়েচে২, ওবাবা২ আমি মারসঙ্গে এইচি, ঐ মা দাড়িয়ে আছে (হস্তবারা দর্শায়)।

উদর। (সুমতির প্রতি সক্রোধে) কি ! এমন্যোগ্যতা একেবারে রাস্তার উপর ! লক্ষা নাই ! ভাদ্র মাসের তা-লের মত কীল না পেলে বুঝি হবে না ? এই চারি দিগে পুরুষ এখানে আসা, দেক্বি একবার ?

শিশ্ব। বাবা, মা তোকে ডাক্তে এয়েচে।

উদর। আমারে ডাক্তে এসেছে কি আর কাকে ডা-ক্তে এসেছে, তার নিশ্চয় কি ?

স্থমতি। (সভয়ে) ফলারের কথা বল্তে এসেটি। উদর। (সানন্দে) আঁ, কি বল্যি! নিকটে য়ায়২, এ খানে কেহই নাই, এতো লক্ষাই কি? ভাল তুইতে। আর নবধাগমনের বো নোস্, (সুমতিকে নিকটে আ-নিয়া) কি বল দেখি, ফলার জুটেছে, বলিস্ কি! নিমন্ত্রণ না অনিমন্ত্রণ?

স্থমতি। অনিমন্তর আবার কি?

উদর। তুই মেয়ে মান্ত্র্য কি বুঝ্বি? নিমন্ত্রণ অ-পেক্ষা অনিমন্ত্রণে অধিক মজা, নিমন্ত্রণে পেটে যাওয়া হয়, কিন্তু অনিমন্ত্রণে পেটে পিটে ছয়েতেই হয়।

স্থমতি। তা এতো আমি জানিনে; বাড়ুয্যের বাড়ি নিমন্তন হয়েছে, দেখায় বে।

উদর। ঐ ওপাড়ায় কুলপালকের বাড়ি? ফলার কে-মন রকম্?

সুমতি। (সাঞ্চল্ঞে) 'ফলার আবার কেমন রকম্ কথা শুন্লে গা জালা করে।

উদর। হা ক্ষেপি, কিছুই যানিস্নে, ফলার তিন প্রকার উত্তম, মধ্যম, আর অধম। ইহাদের প্রত্যেকের লক্ষণ শুন্বি? শুনে রাখ, যদি কথন কাযে লাগে।

#### উত্তম ফলার।

যিয়ে ভাজা তপ্ত লুচি, ছচারি আদার কুচি,
কচুরি তাহাতে খান ছই।
ছকা আর শাকভাজা, মতিচুর বঁদে খাজা,
ফলারের যোগাড় বড়ই।

নিখুতি জিলাপি গজা, ছানাবড়া বড় মজা, শুনে সক্সক্ করে নোলা। হরেক রকম মণ্ডা, যদি দের গণ্ডাগণ্ডা, যত খাই তত হয় তোলা॥ খুরী পুরী ক্ষীর তায়, চাহিলে অধিক পায়, কাতারি কাটিয়ে স্থখো দই। অনন্তর বাম হাতে, দক্ষিণা পানের সাতে, উত্তম ফলার তাকে কই॥

#### মধ্যম ফলার ॥

সরু চিড়ে স্থাথে দই, মন্তমান ফাকাথই, খাসা মণ্ডা পাত পোরা হয়। মধ্যম ফলার তবে, বৈদিক ব্রাহ্মণে কবে, দক্ষিণাটা ইহাতেও রয়॥

#### অধম ফলার।

গুমো চিড়ে জলো দই, তিতগুড় থেনো থই, পেট ভরা যদি নাই হয়। রৌদ্দুরেতে মাথা ফাটে, হাতদিয়ে পাত চাটে, অধম ফলার তাকে কয়। ্এইতো তিন প্রকার ফলার, তা সেথায় কোন প্রকার?
স্থমতি। তা আমি কি জানি? আমি তো সেথায় যাই
নাই।

উদর। পায়২ যেতে পারিসনে? এবার অবধি যাস্ই।
স্থমতি। (সহাস্থা মুখে) ভাল তাই হবে, এখন তুমি
যাও আর রঙ্গে কায় নাই।

উদর। চল্যেম-ছর্গা ছর্গা।

শিশু। ওবাবা, আমি যাব।

উদর। (সক্রোধে) আঃ, পেচু ডাক্লি, দূর হ, যদি ঈশ্বরের ইচ্ছায় একটা ফলার পেলাম, এই তার দফা রফা হলো।

স্থমতি। ছেলে মানুষ, জ্ঞান কি? তুমি ওকে সঙ্গে নে যাও।

উদর। হাঁঃ, একেতো সেই থুবড়ো মেয়েদ্দের বে, তায় আবার এই অযাতা। তুই ওকে নে ঘরে যা। শিশু। (সরোদনে) আঁ আঁ—ওমা আমি যাব।

স্থমতি। (ঈষৎক্রোধে) আঃ, নে যাওনা কেন—ও কি তোমার ভাগ কেডে থাবে ? ছেলে মানুন, কাঁজ্চে।

উদর। মর মাগি, ওকে নে গে কি হবে ? ও কি ফ-লার কর্ত্তে শিখেছে? (শিশুর প্রতি) কেমন্রে, ফলার কর্ত্তে পার্বি ?

শিশু। হা, আমি পার বো। উদর। ভাল, কেমন পার বি বল দেখি '

উদর। ভাল কেমন্ পার্বি বল্দেখি 'কখানা পাত পাত্বি?' শিশু। আমি 'এক খানা পাত পাত্বো'।

উদর। (সজ্জভঙ্গে) এক খানা পাত? তবে খাবি বা কিসে—নিবি বা কিসে, বলু দেখি?

শিশু। আমি সব্খাব।

উদর। তবেই হলো, আজিও তুই কিছুই শিথ্লিনে? সুমতি। আঃ, শিকিই কেন দেওনা? তুমি কি পেটে থেকে পড়েই শিকেছ? ছেলে মানুষ্, কি জানে, এত তা-ডুনা কর কেন?

উদর। আঃ মলো, এমাগী বলে কি? ফলার কি কেউ কারু শেখায়? আমি আপনাহতেই শিথিছি, কিন্তু ছেলটা তেমন হলো না! হবে কি, তুই যে প্রতিদিন সকালে পাতের তাড়ি, দোত, কলম দে সাজিয়ে গুজিয়ে পাঠশালে পাঠাইস, তাহাতেই উচ্ছন গেল। কালির আঁক পাড়লে ধার কর্জ্জ হয় জানিস্নে আমারও ঐরপ কিছু দিন হয়ে ছিল, মা বাপ্ আমাকে গুরু মহাশ্যের কাছে দশবার দিন পাঠাএছিল, তাতেই আমি নই হবার উপক্রম হয়েছিলাম, কিন্তু আমার অদুই ভাল সেই মা বাপ্ অম্নি অরু পেলে, আর আমায় পায় কে। তুই তেম্নি এ ছেলেটার মাথা থেতে বসিছিদ, প্রকে নই্ট কর্বি?—যা ইচ্ছে, আমি ওরে নে যেতে পারবো না।

শিশু। (সরোদনে) আমি যাব, আঁ২।
স্থমতি। ভাল মন্দ সামগ্রী খেতে পায় না, নে যাও
খেয়ে আস্বে।

উদর। ভালই থেতে পায় না—মন্দ সামগ্রী থেতে পাবে না কেন? তুই মাগি ভারি ছফ, আমার অখ্যাত কচ্চিদ্।

স্থমতি। তুমি একে নে যাও, আর রক্ষে কাষ নাই। উদর। কি আপদ্, ওকে নে গে কি হবে? ও কি থেতে শিখেছে? (শিশুর প্রতি) কেমন রে, তুই কলার কর্ত্তে শিখিছিদ্?

শিশু। (চক্ষুর জল মুছিয়া) হাঁ শিকিচি।
উদর। আছা, বল দেখি কেমন শিখিছিস্ 'ফলারে
গে কি খাবি?'

শিশু। বাবা, 'আমি প্রমান্ন খাব '।

উদর। দেখলি মাগি, দেখলি; ও বানর—ওর কি
বুদ্ধি আছে? ফলারে কি পরমান থাকে? (শিশুর প্রতি)
ওরে মুচি, মতিচুর, সন্দেশ, দই, এই সকল আছে, এরমধ্যে 'আগে কি থাবি?'

শিশু। আমি আগে 'দই খাব'।

উদর। (শিশুকে চপেটাঘাত পূর্ত্ত্তক) মরে যা, এমন সন্তান থাকা চেয়ে না থাকা ভাল! আগে দই থেলে কি আর কিছু থেতে পারে?

[রোক্লদ্যমান শিশুকে অভিমানে ক্রোড়ে নিয়া গৃহে স্থমতির প্রস্থান।

যাকু উৎপাত গেল, এখন আমি যাই (পথে গমন)

কৈ কাহাকেও যে দেখি না, একলাই যাব ? (অগ্রে দে-থিয়া) এই যে ক্যালেঙ্কার মহাশয় আসিতেছেন।

#### [ন্যায়ালঙ্কারের প্রবেশ]

ন্যায়া। কে হে তুমি, কোথায় যাইতেছ? উদর। আমি, মহাশয় বের নিমন্ত্রণে যাবেন্না? ন্যায়া। (নস্ত্য লইয়া অউহাস্ত্য মুখে) বিবাহ কোথায় হে? ও পাড়ায় একটা বুষোৎসর্গ।

উদর। আমি শুনিলাম 'বাঁড়ুয্যের বাড়িয় বে'।

স্থায়া। হাঁ হাঁ, তাই বটে। কুলপালক একটা বৃদ্ধ বর আনিয়াছে তাহাকে চারিটা নেয়ে দিবে, তাই বলি বংসতরী চতুষ্টয় সহিত বৃষোৎসর্গ । তাহা সে স্থানে গমন করিয়া কি হইবে ? কিছুই না, চতুষ্পাটীর অর্দ্ধ মু-দ্রাও পাওয়া ছক্ষর ! কুলীন বরের বিবাহ কি বিবাহ ?

ি উদর। আমি কুলীন মৌলিক খুঁজি না, চৌবাড়ির টাকারও অনুসন্ধান করি না, বুঝিতে পারি 'ফলার ভাল হলেই বে ভাল হয়'।

ন্থায়া। হাঁ, তাহা তোমার পক্ষে বটে। "কন্থাবরযতে রূপং মাতাবিত্তং দিতাশ্রুতং। বান্ধবাঃ কুল মিছন্তি মিন্টান্ননিতরে জনাঃ"। অর্থাৎ কন্যা—বরের উতম রূপ হইলেই তাল বিবাহ বোধ করে; কন্থার মাতা
—যে বরের ঐশ্বর্যা আছে তাহাতে কন্যার বিবাহ হইলেই কৃতার্থা হয়; কন্যার দিতা—বিদ্বান্কে জামাতা করিতে নিতান্তই অভিলাষী থাকে; এবং কন্যার ভ্রাতা

পিতৃব্য-ভাতা, প্রভৃতি বান্ধবগণ—বরের কোলীন্য বিবে-চনা করে; কিন্তু অন্যান্য ব্যক্তিরা উত্তম নিটান্ন পাই-লেই অত্যুক্তম বিবাহ বোধ করে থাকে। স্থৃত্রাং তোমার পক্ষে ফলার ভাল হইলেই বিবাহ ভাল হয়।

উদর। আজা, চিক্বলেছেন। তবে যাবেন্না কি ।
ন্যায়া। চল যাওয়া যাকু, যাওয়াটা ভাল।
উদর। আস্ত্নমহাশয় (উভয়ের কিঞ্জানন)।
ন্যায়া। নাহে, ওপথে স্ত্রীলোকে গ্যনাগ্যন করিতেছে, এই পথেই যাই।

[উভয়ের প্রস্থান।

[জলকলস কক্ষে মাধবী ও মহিলার প্রবেশ]

মাধবী। (স্বগত) আঃ, এপোড়া বসন্তকাল আর কতো কাল থাকিবে? যায়২ তবু যায় না, আর যে বাঁচি না?

ছুরন্ত বসন্ত কাল, এযে যুবতীর কাল, কালপেয়ে কি কাল ঘটায়। পতির বিচ্ছেদ বাণ, কতো আর সহে প্রাণ, বুঝি ত্রাণ নাহি ইথে পায়॥ কলঙ্ক শশাস্কোপরে, স্থাময় বিষকরে, বরিষণ করে নিরন্তর। নাম তার নিশাকর, লোকে কহে স্থাকর, আমি বুঝিলাম বিষাকর॥

মঞ্জরিল তরুগণ, ফল পুজ্পে স্থশোভন, লতায় বেটিত হয়ে শোভে। হেরিয়া চূতমুকুল, অলিকুল অনুকুল, व्याकूल इहेन म्यालाट्ड ॥ বিহঙ্গম ঝাঁকে২, শাখায়২ ডাকে, কল২ ধূনি অবিরত। অতি স্থমধুর স্বরে, গান করে পিকবরে, কুছ্থ শব্দ করে কত। পাথি বহুকথাকহ, বলে বহু কথা কহ, শুনি মনে শোক উপজিল। वरनत পाथित कथा, छरन পाई मरना वाथा, कारनर किकान यणिन॥ कृतक कृतकी मद्भ, यख इत्य तम तद्भ, অনঙ্গের যজ্ঞ পূর্ণ করে। সারি২ শুক সারী, গান করে কত সারি, মরিং কি হলো অন্তরে 🎚 মরাল মরাল ব্ধু, কেলি করে পেয়ে বঁধু, দেখি মোর বঁধ ম**নে** হয়। **पिट**व कि तम पिन विधि, शाव कि तम खननिधि, পাইলেও নাহয় প্রত্যয় ॥

সরোবর স্থানির্মাল, শত্থ শতদল, তাহে আর নানা জলফ্ল। कर्मालनी स्थमः भारतः, नित्रस्त मधुनारनः, পরিতোষ পায় অলিকুল। माधवीत मकतन्त्र, ভदत इदत्र मन्त्रमन्त्र, গন্ধবহ বহে নিরন্তর। মলয় আলয় ছাড়ি, সদা ফেরে বাড়িং, বিরহির দহিতে অন্তর 🏾 এ সব সামন্ত যার, বসন্ত নাম তাহার, অনুমানি মদন প্রেরিত। ছाই হয়ে ছাই হলো, মরে বাঁচে দেখাগেলো. হায়২ একি বিপরীত। এবার করেছি পণ, পূজি সেই ত্রিলোচন, বর মেগে লব মনোমত। কন্দর্পের দর্প চূর্ব, পুন হলে আশাপূর্ব,

মহিলা। (পশ্চান্তাগে দেখিয়া) কেও? ওলো মাধবি
দিদি, চলে আয়ং, একাং কি বল্চিস্?—এটু শীন্ত্রি আয়ং
কলদীই কি এত ভারি? জল বৈ তো নয়।
মাধবী। যাই গো যাই, এটু দাঁড়া। (নিকটে আগমন)

এবার না বাঁচে হলে হত॥

মহিলা। আছিদতো ভাল ? অনেক দিন দেখিনি কেন? (দেখিয়া) কেন বৌন্এত কাহিল হয়েছিদ্? কেন, মুখ মলিন, এমন বিশ্রী কেন হলি?

মাধবী। আর দখি বিশ্রীর কারণ কি জিজ্ঞাসা করি-তেছিস্? এই সরস মধুসময়ে মধুকরের সম্পর্ক না থা-কিলে মাধবীর কি মনোহর শোভা হয়?

মহিলা। না ভাই, তোর কথা বুঝা যায় না, তুই খান্ছই বহি পড়েছিলি, তাই একবারে অধ্যাপক ভট্চায্যির মত কথা কইস্! ভাল করে না বল্যে আমি বুঝ্তে পারি নে। মাধবী। সথি তোমার মন এমন্ সরল যে আমার কথাও বুঝিতে পার না? বলি কি, কুতান্ততুল্য ছুরন্ত এই বসন্তকাল, এ সময়ে কান্ত বিরহে অন্তঃকরণ অশান্ত হইয়াছে তাহাতে কি রূপে সরস্বদনে মদনবাণ সহ্ছ করি? তাই মান মুখে আছি।

মহিলা। সই, তুই মদন মদন কচ্চিস্মদন আবার কে? আমাত্রো এতো বয়েস্ হয়েছে আমি কথন মদন খাইও নি। ছূঁইও নি; তা বল্না ভাই মদন কেমনতর?

নাধবী। (হাস্থা মুখে) মদন কি থেতে ছুঁতে হয় ? সে একজন দেবতা, কিন্তু পূজা করিলে তুই হয় তেমন্দে-বতা নয়।

মহিলা। তবে কেমন্দেবতা? অপদেবতা? এই ভূত টুত যেমন তেম্নি নাকি?

নাধবী। ভূতই এক প্রকার বটে, কিন্তু অন্য ভূতে পেলে মন্ত্র তত্ত্বে ছাড়ে, ইহার আর সে যো নাই। মহিলা। (সভয়ে) ওমা কি হলো? পাছে আমায়
পায়। ওলো মাধবি দিদি, কোথা যাব?রামং!
মাধবী। মরণ্ আরকি, এই যে বলে "হস্তির কাঁধে
এসে যায়, হাম্মা দেখে ভয় পায়" তাই যে দেখি!
মহিলা। না দিদি, যথার্থ আমার ভয় হয়েছে।
মাধবী। ভয় কি লো? সেকি সত্য সত্যই 'ভৄত?'
ভূত নয় রে সে 'অদ্ভৃত'।
মহিলা। তবে সে কি করে? তার ক্ষমতা কি!
নাধবী। ভার অসাধারণ ক্ষমতা! তার বিক্রম অতি
আশ্চর্যা!

মলরের সমীরণ রণরথ যার।
পঞ্চাধিক নাহি শর যুদ্ধ করিবার।
নিজে সে অতন্ত্র কাম ফুলধন্ত্র করে।
যে ধনুর ছিলা বাঁধা মত্ত মধুকরে।
বসন্ত সামন্ত মাত্র নাহি অন্য মিত্র।
তথাপি সে বিশ্বজয়ী এবড় বিচিত্র।
নির্জরও যার বাণে সদা জরহ।
কার সাধ্য তার রণে হয় আগুসর।

নে ছুর্জন্ন মদন কি না করিতে পারে ? এই বিশ্ব সংসা-রে তাহার অসাধ্য কি আছে ?

महर्षि बक्किषि (पव (पविषे पानव।

গন্ধ কিন্নর যক্ষ রাক্ষস মানব । কন্দর্প করিয়া দর্প বাণ যদি ধরে। অনায়াসে ত্রিভুবন পরাজয় করে।

মহিলা। সেকি সই বলিস্কি? মুনিঋষিগণ ফারা বড়জ্ঞানি, তারাও তার বাণে মুগ্ধ হয় ? মাধবী। তার আশ্চর্যা কি?

পুরাণ প্রবন্ধে শুনি বিশ্বামিত্র মহামুনি যিনি তপোধনের প্রধান। বিদ্যাধরী মেনকার, ৰূপ হেরি চমৎকার, তিনিও ধরিতে তারে যান । সর্বদেব পুরোহিত হিতাহিত স্থবিদিত, ब्रह्म्भि मिना धर्मा इछ। ভেয়ের রমণী পেয়ে, নিজ ধর্ম পাসরিয়ে, হন তার সঙ্গমে উদ্যত॥ বয়সে প্রবীণ অতি, পরাশর মহামতি मान कना करतन् मुखन। শুনি স্থি একি রঙ্গ, অত্রি করে মৃগী সঙ্গ, স্মরের এমন শ্রাসন॥ শচীপতি দেবরাজ, শুনলো তাহার কাষ, লাজ নাই দেবতা হইয়া।

কুটীরে না হেরে মুনি, প্রবেশিল সে অমনি,
রঙ্গ করে অহল্যারে নিয়া॥
বিধাতা হইয়া কামী, আপন তনয়া গামী,
স্থা্য করে বড়বা লঞ্জন।
গুরু পত্নী হরে ইন্ফু, ধরেছে কলম্ব বিন্ফু,
আছে দেখ তার নিদর্শন।

সই, সেই পোড়া মদন সব পারে, তার অকার্য্য কি-ছুই নাই।

মহিলা। তাকে কি কেউ শাসন কত্তে পারে না?

মাধবী। কখনই কেহ পারে নাই, কিন্তু একবার মহাদেব সেই কন্দর্পের দর্প চূর্ণ করে ছিলেন।

মহিলা। খুব্ করে ছিলেন। একেবারে মেরে ফে-লিয় ভাল হতো।

মাধবী। হাঁ, একেবারেই নফ করে ছিলেন, কিন্তু তাহার স্ত্রী রতির বড় করুণ রোদন শুনিয়া তাকে আবার প্রাণ দান দেন।

মহিলা। হাঁ দিতে পারেন্, লোকে তাঁহাকে আশু-ভোষ কহে।

মাধবী। সে কন্দর্প তদবধি সেই ভয়ে আর পুরুষের নিকটে যায় না, কেবল অবলা স্ত্রীজাতির প্রতিই দৌরাগ্ন্য প্রকাশ করে! বিশেষত বিরহিণী দেখিলে তাহার অধিক প্রতাপ প্রকাশ পায়। অতএব আমি কান্ত বিহীনা স্ত্রাং তাহার ছঃসহ বাণে দেহ দাহ হইতেছে, আর আমার ছঃখের কথা কি জিজ্ঞাসা করিস্?

মহিলা। তুই ভাই আপনার রূপের গৌরবেই মচিচ্ন্ তোর উপযুক্ত কান্ত কি এ পৃথিবী মধ্যে নাই ?
এতো লোক আছে কেহই তোর কান্ত হইতে পারে না ?
আমার তেমন রূপ নাই ভাই, আমার কত শত কান্ত
গড়াগড়ি ছড়া ছড়ি যাচে।

মাধবী। মহিলে কি কহিলে? পরপুরুষাতিলায করা কুলকামিনী দিগের অতি অন্তুচিত। পতিব্রতোপাখানে দেখিয়াছি "পতিসেবাই আমাদিগের প্রধান ধর্ম্ম"।

মহিলা। (নে । শুনি । হইরা) অলো সই, পতি কি ।
কাকে বলে বল্না শুনি । আমরাতো কুলীনের মেয়ে,
পুরাণ শুন্তে গে কথকের মুখে একবার পতি শন্দ শুনে
জিলাম, আর এই তোর কাছে শুঞ্চি, কথনতো দেখি নাই
সে কেমন!

মাধবী। যে পুরুষ যাহাকে বিবাহ করে সেই তার পতি। কেন স্থি তোর কিবে হয় নাই?

মহিলা। হাঁ, অনেক কাল হলো আমার বে হয়েছিল বটে, তা সে যিনি বে করে ছিলেন সেই তিনিইকি আ-মার পতি?

মাধবী। হাঁ স্থি, সেই তোর পতি।

মহিলা। সে আমার পতি তো নয়, সে কেবল অধ-শ্মেই পতিত। মাধবী। কেন ভাই এমন কথা বল্যি?

মহিলা। বলি কেন, বলি সে তো আমার নয়ন পথে কথন পতিত হলো না, তাহাদ্বারা ছঃসহ যৌবন যাতনা হইতে তো নিস্তার পেলেম না, তবে সে কি পতি? তাকে পতি বল্বো কেন?

মাধবী। (সপরিহাসে) তবে কাকে বল্বি বল?

মহিলা। কেন? বল্বার আবার ভাবনা কি? কতো লোক আছে। আমিতো তোর মত নৈ, কেন হবো? লোকে বলে 'আম ফুরালে আম্সি, যৌবন ফ্রালে কাঁদ্দে বিসি" এমন স্থাথের সময় কেন ছুঃখে কাটাব? তুইও আমার মতে আয়, কেন যৌবন বিফল করিতেছিস্?

মাধবী। মহিলে কি কহিলে? কুলকামিনী দিগের পুরুষান্তর অভিলাষ করা বড়ই মন্দ। যদি বিধি নির-বধি সেই গুণনিধিকে বঞ্চিত করেন্, কি করি! এই অকি ঞ্চিৎকর যৌবন ভার চিরদিন কি স্থিত থাকিবে? কথ-নও কালের মুথে পড়িবে না? না পড়্ক, পরপুরুষের প্রতি কদাচ দৃষ্টি প্রদান করিব না।

মহিলা। তোর ভাই যেমন্ কথা,—'পরপুরুষ আপ-নপুরুষ' কি লো? পুরুষ হলেই হয় আমি যা বৃঝি।

আপনার বল কারে, আপন নাহি সংসারে, শুন সই বলি কিছু সার। সকলি জেন লো পর, পর বিনা হিতকর, কেছ নহে কদাচ কাহার॥ জন্ম হয় পর ঘরে, বিবাহ করিয়া পরে,
পরে দেশান্তরে নিয়া যায়।
পরঘরে হয় বাস, পর দ্রব্যে অভিলাষ,
পরবৈ কে কারে কোথা পায়॥
পরে প্রেম করে দান, পর প্রতি অভিমান,
হয় সবে পর স্থথে স্থথী।
পরতঃথে তৢঃখ পায়, পরের প্রেমের দায়,
পরস্পর দেখ বিধুমুখি॥
অমূল্য যৌবন ধন, পরে হবে বিতর্ন,
পরনিয়া থাকা চির দিন।
পরের সঙ্গের সঙ্গী, পররঙ্গে সদা রঙ্গী,
দেখ সথি পরে পরাধীন॥

শুন্লি, আর কেন? এখন আয় আমার সঙ্গে।
মাধবী। সথি লোকে বলে "কুকর্ম করিলে পরকাল যায়," তাই ভাবি, অল্লকালের নিমিত্ত পরকালটা
নই করিব?

মহিলা। (হাস্তামুখে) মাধবি তোর বোধ নাই "পর-কাল পরের কথা" তা বলে কি এখন উপস্থিত স্থুখে বিমুখ হওয়া যায়?

মাধবী। হাঁ তাও বটে, কিন্তু আপাতত এই যে পোড়া পাড়ার লোকে অখ্যাতি করিবে তার কি করি দিদি ? মহিলা। কে জান্তে পারিবে? তুইও যেমন বৌন্। মাধবী। প্রথমে নাই জান্তুক, কিন্তু 'গর্ভ হয়' তবেই বিজ্ঞাট্।

মহিলা। বিভাট কি? 'তা হয় অপূর্ব্ব একটা মু-খুয়া হবে'।

মাধবী। ছি স্থি, সে কেমন ? লোকে হাসিবে, তার অপেকা ও কর্ম করাও তো ভালো?

মহিলা। ভালো বটে, কেন কর্ব্যি? এতেই লোক নিন্দা কি? কুলীনের মেয়ে গঙ্গাজল ধুয়ে খায় এমন কে আছে? আমি ছুইবার ওকর্ম করে ছি বটে, এখন আর হলে কখন কর্ব্যো না।

নাধবী। ভাই সা বাপ্কিছু মনে কর্ব্যে না?

মহিলা। (হাস্তা মুখে) তুই বড় নেকা, তাঁরা কি জা-নেন না? যখন কুলীনকে দেন তখনি জেনে থাকেন। তা যা হোক, আমি এখন যাই ভাই।

মাধবী। (সকরুণবাকো) দাঁড়া দিদি, যদি সব বলিয় তবে একটা কথা বল, এখন আমি কি করি?

মহিলা। (সজভঙ্গে) আমার সঙ্গে শ্রীহরি, আর কি করি?

মাধবী। ভূই আমায় রক্ষা না করিলে কে করিবে। চল তোর মঙ্গে যাই) যা করিম্।

উভয়ের প্রস্থান।

## [জাহ্নবী ও শাস্ত্রবীর প্রবেশ]

জাহ্নবী। অলো শাস্তুবি, একি শুন্তে পাই লো, সত্যি সত্যিই নাকি 'বে ' ?

শাস্ত্রবী। হাঁ দিদি, বুঝি সত্যিই হলো গো, সব উযুগ হচ্চে দেখিলাম্।

काइतो। शाय कि विनव!

নির্বাণ হইলে দীপ করে তৈল দান। পলায়িত হলে চোর হয় সাবধান। যৌবন বহিয়া গেলে বিবাহ বিধান। মিথ্যানয় লোকে কয় এতিন সমান॥

তাই এখন বিবাহ হলে কি হবে ?

যখন সে সরোবর তুলা কলেবর।
নির্মাল লাবণা জলে ছিল মনোহর।
চিক্কণ চিকুরচয় শোবাল সমান।
জ্রভঙ্গ তরঙ্গ রঙ্গ সদা বিদ্যমান।
কুচ কুমুদের কলি বদন কমল।
তৃষিত পথিক মন মধুপ চঞ্চল।
নয়ন শফরী প্রায় কটাক্ষ মরাল।
স্থাভিত ভুজ্মুণ মৃত্ল মূণাল।

যৌবন জ্বলদ কাল অতীত দেখিয়া।

অমনি সে সরোবর গেল শুকাইয়া।

এখন আইল পান্ত সন্তাপ পাইয়া।
উহাকে শীতল তবে করিব কি দিয়া।

শাস্ত্রবী। হোক্না, দেখা যাকু।
জাত্রবী। তোর বরং হয় হোক্ আমার কি আর
'বের' সময় আছে? আমি অন্তদন্ত হীন হয়েছি, এখন
'তীর্থে' যাওয়াই উচিত।

গায়ে দিয়া নামাবলি, মুখে হরিং বলি,
চলে যাব নানা তীর্য স্থান।
দেব দিছে যথা শক্তি, পূজিব করিয়া ভক্তি,
মুক্তি পথ করিব বিধান॥
এবার সেথোর সাথে, যাইয়া ক্ষেত্রের রথে,
জগন্নাথ করিব দর্শন।
পরে বারানদী বাদ, করেছিন্ম অভিলাম,
বুঝি তার হইল খণ্ডন॥

ভাল শান্তবি, এখন কি আমি 'শিংভেঙে বাছুরের পালে মিঘ্রো?'

শাস্ত্রবী। দিদি, ক্ষতি কি १ হলোই বা। জাহ্নবী। ছি!ছি!বলিস্নে২!লজ্জা করে। হেন কথা কেবা কোথা কবে শুনিয়াছে।
বুড়োমাগী বাসরে আসর করে আছে।
পোড়া মুখে আসে হাসি একথা শুনিয়া।
কেমনে বাসরে শুয়ে রব বর নিরা।
বাঁধিতে হইবে নাকি খোপা পাকা চুলে।
দাঁত গেলো মিষি কি ঘষিব দন্তমূলে।
আহা কি কুলের গুণ পরিসীমা নাই।
হায়রে বল্লাল তোরে বলিহারি যাই।

অলো শান্তবি, সে যা হৌক্, কামিনী কোথায়, কিশোরীই বা কোথায়, জানিস্? আমিতো অনেকক্ষণ তাদের দেখিনাই।

শাস্ত্রবী। এখনকার মেয়ে ছেলের কথা কি বল্বো দিদি! শুন্লেম তারা নাকি বর দেক্তে গেছে।

জাহ্নবী। মরণ্ আর কি, না দেক্তে গেলে হয় না?

# [কামিনী ও কিশোরীর প্রবেশ]

কামিনী। অলো কিশোরি—দেক্তে পেয়েছিন্ কি?
কিশোরী। দিদি দেখিছিও (করতালি প্রদান)
কামিনী। বল্না বৌন্? কেমন—কি কচ্যে—কোথা
আছে।

কিশোরী। কি বল্বো দিদি, তোর চর্ম্ম চক্ষের সা-র্থক ছলো না!

দেখিলাম বাসায় বসিয়া আছে বর। প্রবীণ বয়স শীর্ণ জীর্ণ কলেবর। ৰূপের কি কব কথা অতি অপৰূপ। ভুবনে তাহার কেহ নহে অনুৰূপ। সিদ্ধিতে নাহয় সিদ্ধি আকিঞ্চন গাঁজা। ঢ়লু ঢ়লু আঁথি মুখে উঠিতেছে গাঁজা। পূল ধরে সে বাতুল কপালে আগুন। গুণের মধ্যেতে তার আছে তমোগুণ 1 গঙ্গাকে ধরিয়া শাদা হয়েছে কি কেশ। এবর সে দিগমর খেপা ব্যোমকেশ। তমাক টানিয়া মরে কাশিতে২। বোধ হয় হয় গয়া এবার কাশিতে। মরণ পোঁড়ার মুখো কেনবা এসেছে। চিত্রগুপ্ত বুঝি থাতা ভুলিয়া বসেছে॥

শুন্লি বরের কথা আর 'বেতে' সাধ আচে দিদি?
কামিনী। তুই বুঝিস্নে—হওয়া ভাল রে।
কিশোরী। আমাদের যা হৌক্ বড়দিদির কি কপাল?

কামিনী। কেন লো? তার কি হয়েচে?
কিশোরী। (নিকটে দেখিয়া সপরিহাসে) হাঁ, এই য
নাম কত্তে না কত্তে বড়দিদি, সেজদিদি, তুজনেইএয়েচ।

জান্নবী ৷ কিলো কিশোরি, কি বল্চিস্বল্না শুনি ?

কিশোরী। বড় দিদি, বলি এমন কিচু নয়, তোর কথাই বল্চি, বলি তোর কি কপাল!

জাহ্নবী। কেন লো, আমার আবার কপাল কেমন?
কিশোরী। (করতালি প্রদান পূর্মক) এই " যেমন
দেবা তেমনি দেবী ' মিলেচে ভাল।

শান্তবী। (জাত্নবীকে অধােমখী দেখিয়া) তা চল ্না ভাই, ঘরে গে বাবাকে বলি 'এমন বে কি না দিলেই হয় না!

কামিনী। বাবা কি কর্ব্যে ভাই? তাঁর দোষ কি? সেই বল্লালে বেটাই যতো নফের গোড়া।

শাস্ত্রবী। সে কি ? ও কথা বলিস্নে বাবারই সব দোষ; তিনি কেন কুলের কাঁটা ফেলে যোগ্যবরে আমাদিগকে দিলেন্না; তা যাহৌক্ বড়দিদি এ বের ফল কি বল দেখি শুনি।

জাত্নবী। ফল নাই এমন কথা! দাদশীর দিন শ্বকা-লেই নারিকেল,শশা, কলা, কতোফল আছে।

শুনিতে পারি না আর ঘরে যাই চল এ বিয়া হইলে মাত্র একাদশী ফল।

### [বিরহিপঞ্চাননের প্রবেশ]

বিরহি। এই যে বেলা অবসন্না হইয়াছে। একণ ভগবান মরীটিমালী বিশ্বসংসার ব্যাপিনী কিরণ মালাকে সংহরণ পূর্বক অপূর্ব শান্তমূর্ত্তি ধারণ করিয়াছেন,— স্থাদেব জলধি বলয়িত বস্তন্ধরামণ্ডল বেষ্টন করিয়া প-রিশ্রান্ত পথিকের ন্যায় আতিখ্যাভিলাষে কি পশ্চিমা-চল চূড়ার প্রতি ধাবমান হইতেছেন? একি আশ্চর্য্য! যে সহস্রাংশুমণ্ডল, তুর্লকণীয় কিরণমণ্ডলে মণ্ডিত হইয়া প্রাণিদিগের দর্শন পথাতীত ছিল্য তাহা এক্ষণ স্কুদৃশ্য-ভাবে বিশ্ব ব্রহ্মাণ্ড স্থশোভিত করিতেছে। (সবিস্ময়ে) এই যে সূর্য্যমণ্ডল দেখিতেং আরক্তবর্ণ হইল! এই ক্মলিনীনায়ক নিজ নায়িকা ক্মলিনীর প্রতি যে অনু-রাগ রাশি অপ্রকাশিত রূপে স্বকীয় মান্স মন্দিরে রা-থিয়াছিলেন, সম্প্রতি ভাবি বিয়োগ ভাবনায় হৃদয় বি-দীর্ণ হইবাতে ঐ সঞ্চিত অমুরাগ রাশি গলিত হইয়া প্রকাশ পাইল, তাহাতেই কি আদিতামণ্ডল আরক্তবর্ণ হইতেছে? এই যে রবিমণ্ডল পশ্চিম সিন্ধুসলিলে প-তিত হইল !

অতিরক্তবপুঃশ্বলদাতি র্ব্বস্থহীনো বিগতায়-রোরবিঃ। পততি প্রতিবারি বারুণী বহুসে-বাফলমেতদেবহি॥ শরীর লোহিত বর্ণ শ্বলিত গমন। বস্থ\* হীন হলো রবি করি বিতরণ।। অম্বর† ত্যজিয়া পড়ে জলধির জলে। কেবল বারুণীঃ বছু সেবনের ফলে।

অতি বেগে স্থ্যমণ্ডল স্থাদূর গগনতল হইতে জল-মধ্যে পতিত হইলে তাহার অভিঘাত জন্য সমুখিত জল বিন্দু সকল কি তারাকারে পরিণত হইয়া আকাশমণ্ডল স্থাোভিত করিতেছে ?

আয়মেতি বিস্তৃতকরঃ পুরতো দিজরাজইত্যতিভয়াৎ কৃপাঃ। বিরলীবভূব রবিরাত্তবস্থনহি যাচকেইভিমুখতা স্থলভা॥
দিজরাজ§ সমাগত কর∥প্রসারিয়া।
দেখি বস্থা নিয়া রবি গোল পলাইয়া॥
একথা যথার্থ বটে নাহিক সংশয়।
কৃপা যাচকে দেখি সংকুচিত হয়॥

জগতীতল এক্ষণ অস্মাদৃশ বিয়োগি ব্যক্তির হৃদয়ে নিজতাপ সমূহ সমর্পিত করিয়াই কি স্বয়ং স্থূশীতল হই-ল্বাঃ অহহ! বিরহিজন সন্তাপনে কাহারও সংকোচ নাই! যিনি নির্মাল কাবেরী বারিপুরে আপ্লত হইয়া প্রম

<sup>\*</sup> কিরণ ওধন। † আকোশ ওবক্ষ। ‡ পশ্চিমদিক্ ১ মদ্য। ১ চন্দু ও ব্রাহ্মণ। || কিরণ ও হস্ত। ¶ কিরণ ও ধন।

পবিত্র হইয়াছেন,—যিনি অসামান্য দাক্ষিণ্য ও পরগুণগ্রহণাদিরূপ বিবিধ গুণে জগতে যশোরাশি সমুপার্জ্জন
করিয়াছেন,—যাঁহার লোকত্রয়-চমৎকারি ধীরত্ব,—এবং
যিনি জগতের প্রাণস্বরূপ, তিনিও মাদৃশ ব্যক্তির প্রাণ
প্রয়াণে প্রয়াসী হইয়া অক্লেশে প্রচুর ক্লেশ প্রদানে
উদ্যত!

পিকবর। তুমি মিউভাষিতাদি—গুণে ভূষিত হইমাও আমারদিগের অনিই চেইটা করিতেছে—সপক্ষ
হইয়াও বিপক্ষতাচরণে প্রবৃত্ত হইয়াছ—অথবা তুমি বনচর, সামাজিক নহ, তোমার হিতাহিত বিবেচনা কি?

হে মীনকেতন—তোমার এমন বিসম্বাদিনী প্রবৃত্তি কেন, তোমার যে নিজ নিকেতন মাদৃশ বিয়োগি-মানস, তাহারই বিনাশে উদ্যত হইয়াছ। জান না যদি ঐ মনো-মন্দির ভগ্ন হয়, তাহা হইলে তুমি স্থানভুষ্ট হইয়া মহাক্ষ পাইবে; বিশেষতঃ তুমি নিজ দেহ দাহ জনিত ছঃথ স্বয়ং অন্তভব করিয়াও যে পরদেহ দহিতে প্রবৃত্ত হইয়াছে ইহা আশ্চর্যা!

ভাল মন—তোমাকেই অন্নযোগ করি, তুমি শীঘু গমনে সমর্থ, তোমার পাথেয় বা সহচর সাপেফ নহে,—তোমার পরাধীনতা নাই তথাপি তুমি কেন সেই স্থলোচনা গোচরে গমন করিতেছ না গ অথবা প্রিয়তমা ব্যতীত
তুমি অবস্থান করিতে কদাচ পারগ নহ তুমি অবশ্যই সে স্থানে গমন করিয়াছ, ইহা নিশ্চিত রূপে প্রতীয়মান হইল।

হে অন্তঃকরণ,তুমি সেই রস্তোর সম্ভোগে সদা সন্তোষি রহিয়াছ কিন্তু এই সহতব সহ বর্দ্ধমান, পরমপ্রেমা-স্পদ এবং তোমার বিরহে অহরহ মিয়মাণ যে এই শরীর ইহার প্রতি উপেক্ষা করিয়া সেই অচির পরিচিত চারুলোচনার অন্তুগমনে তুমি কি নিতান্ত নিন্দনীয় হই-তেছ না ?

সেই ইন্দীবরাক্ষীর অপ্রতাক্ষে নয়ন যুগলে জলধারা গলিত হইতেছে,তাহার পীযৃষ সদৃশ মধুরালাপ প্রবণা-ভাবে কর্নিত্বর ক্লেশ পাইতেছে, এবং তাহার পরীরম্ভ স-ম্যোগ না থাকায় কায় যফি সাতিশয় শীর্ণ হইয়াছে; কিন্তু মন, তুমি সে রঙ্গিণীর সততসঙ্গি হইয়াও যে প্রচুর ছঃখ প্রকাশ করিতেছ তাহা আশ্চর্যা! বিশেষতঃ সঙ্গমাবস্থা অপেক্ষা বিয়োগাবস্থাতেই তুমি স্প্রখি;—সকল ইন্দিয়-গণকে বঞ্চনা করিয়া এক্ষণ তাহার অসামান্য রূপলাবন্য নিরীক্ষণ-মধুরালাপ-লহরী এবণ,—অধর-স্থাস্থাদন,—স্থান্ধান সমীরণাঘাণ—এবং সেই অনন্যাদৃশ স্থ-শীতল-শরীর স্পর্শ ইহা সমস্তই তুমি অন্তত্ব করিতেছ তবে তোমার ক্লেশ কি ? অথবা তুমি নিতান্ত লঘ প্রকৃতি,অন্থ্যোগ্য যোগ্য নহ।

বিধাতাকেই ভর্ৎ দনা করা বিধেয়। ভো ভগবন্ বিধাতঃ তুমি কি হেতু আমার ললাটপটে নিষ্ঠুরাক্ষর বিন্যাস করিয়াছ? আমি তোমার কোন অপরাধ করি নাই,! নিরপরাধে ক্লেশ দেওয়া বিবেচকের কর্ম নহে!

## [বিবাহবাতুলের প্রবেশ]

বিবা। কেহে তুমি? বিধাতার বিবেচনার কথা ক হিতেছ, তাহার কি বিবেচনা আছে ? থাকিলে সে আ-পন সৃষ্টি বিন্দ্ত করিতে উদ্যত হইত না! তাহার প্রজা পালন করা দূরে থাকুক, সে তাহাদিগের ভূরিং ক্লেশ ধার্য্য কবিয়াই অনার্য্য বল্লাল রাজাকে রাজ্য দিয়াছিল, বিবেচনা থাকিলে কি এমন হইত?

বিরহি। কে হে, বন্ধু নাকি?

विवा। इं। ভाই, याद कि ? চল न। याहे।

বিরহি। কোথা হে?

বিবা। কুল গালকের বাড়ী, বিবাহ নিমন্ত্রণে।

বিরহি। না ভাই, আর বিবাহ দেখিবার প্রয়োজন নাই।

বিবা। দেখিতে যাওয়া ভালোহে, যদি প্রজাপতির গন্ধ গায়ে লাগে।

বিরহি। আর ভাই প্রজাপতির গন্ধে কায নাই, ঐ গন্ধেই অন্ধ হইয়া সর্মস্ব বিক্রয় পূর্ম্বক সেই বিবাহ-বিষ ক্রয় করিয়াই এই যাতনা পাইতেছি।

বিবা। ভাই বুঝনা, তবু ভাল, হইয়াছে তো, আমার যে এক বারও হইল না।

এবার মরিয়া আমি হইব বৈদিক্। মারিব বল্লালে ঝাঁটা ভাবিয়াছি ঠিক্॥ কাণা খোঁড়া আতুর বা হই যদি অন্ধ।
তবু গর্ভে গর্ভে মোর হইবে সম্বন্ধ ॥
পেটে থেকে পড়িয়া করিব গিয়া বিয়া।
সংসারের স্থখ হবে গৃহিণীকে নিয়া॥
থাড় নাড়া ব্যঞ্জনের কতে। বা আস্বাদ।
দেখিতে হইবে ভাই মনে বড় সাদ॥

বিরহি। (তৎ কথায় বিরক্ত হইয়া) ভাই রাত্রি হইল,ক্রনশঃ বিশ্বব্রহ্মাণ্ড গাঢ়তরতিনিরাবগুণ্ঠিত হই-তেছে।

কমলিনী ব্যথিতা না হেরে দিনমণি।
মানিনী হইয়া মুখ মুদিল অমনি॥
নিশাকর নিজ করে প্রকাশিত করে।
তথাপি আরত ক্ষিতি তিমির অম্বরে॥

আহা! বন্ধাে! দেখ দেখা এই প্রদােষ কালে দােষাক-রের উদয় হওয়াতে কি অপূর্ক শােভা হইয়াছে! বাসর গৃহাগত বরপাতের চতুঃপার্ম বর্ত্তি কুলকামিনীকুলের ন্যায় তারাগণ নিশাকরকে স্থশােভিত করিতেছে!

বিবা। বন্ধো, তুমি বিবাহ দেখিতে যাইবৈ না, ? তবে আমি চল্লেন্।

[বিবাহ বাতুলের প্রস্থান।

বিরহি। (স্থগত) সারং সন্ধ্যা বিধি সমাপিত হইমাছে (শঙ্খ বাদ্য প্রবণ করিয়া) শুনিলাম কুলপালকের
কন্যাদিগের বিবাহ, তাহারি বুঝি শঙ্খবাদ্য। যাহা
হউক সে অন্তুসন্ধানে প্রয়োজন কি, আমি এক্ষণ স্থস্থানে প্রস্থান করি।

# [বিরহিপঞ্চাননের প্রস্থান। [কুলপালক ও ধর্মশীলের প্রবেশ]

কুল। পুরোহিত মহাশয়, বুঝি বর আসিতেছেন, আপনি সত্ত্বর অগ্রসর হইয়া আনয়ন করুন্। আর 
যাহাতে কোন প্রকারে বিবাদ বিষয়াদ না হয়ৢদিখিবেন।
ধর্ম। হাঁ আমিই যাই বটে, তুমি বরসজ্জ প্রভৃতি
প্রস্তুত করিয়া সম্প্রদান স্থানে অবস্থান কর।

ধর্ম । (বাটীরবাহিরে গমনোদ্যত হইয়াই) এই যে আসিতেছেন!

আয়াতি জাতিনিরপেক্ষকুলাবলয়ী ধর্মানুপে-ক্যা চ ধনে পরমার্থবোধঃ। তুর্দদর্শনো গত বযাঃ শতশো বিবাহবাণিজ্যদীক্ষিতমতি ব্ররএষ তুর্ণং॥

জাতিতে উপেক্ষা করি দীক্ষিত কুলেতে। ধর্মেতে অরুচি রুচি কেবল ধনেতে।

## দেখিতে কুৎসিত বুড়ো বিবাহে লালসা। এই বর রঙ্গ স্থলে আসিল সহসা॥

কুল ও ধর্ম উভয়ে। আসিতে আজ্ঞা হয়, আস্কন্?।

[বরের সহিত অনৃতাচার্য্যের প্রবেশ,আ-সনে সকলের উপবেশন]

ধর্ম। (স্বগত) এই বর! কুলপালক ইহাকে কন্যা দিবে, তাহাতেই কুলরকা হইবে! হে বলাল, লোকে তোমাকে যে কিলির চেলা কহে ' তাহা যথার্থ। হে ভগবন্ জগদীশ্বর! তোমার স্কৃশ্য বিশ্বরাজ্য পরিণামে এতাপুশ দুরবস্থা গ্রস্ত হইল!!!

### [অভব্যচন্দ্রের প্রবেশ]

অভব্য। ব্ৰাহ্মণেভ্যোনসং।(উপবেশন)। ধৰ্ম। আপনি কে ! অভব্য। আমি পুৰুত।

ধর্ম। কাহার পুরোহিত আপনি !

অভবা। ঐ যাঃ! নাম ভুলে গিছি! (চিন্তা করিয়া) হাঁ হাঁ, মহাশয় বলিতে পারেন্ ঐ যে মেয়েরা যাতে চা-ইল ঝাড়ে তার নাম কি?

थर्मा। कूल।

অভব্য। হাঁ হাঁ, ঐ বটে, ঐ ব্যক্তিই আমার যজ্ঞা-ন, তার কি এই বাড়ি ! ধর্ম। কুল কি? কুলপালক;—দে এই বটে, সে যে আমার যজমান।

অভবা। কি? সে আমার যজমান।

ধর্ম। আমি তার কুলপূরোহিত চিরকাল আছি।

অভব্য। আমি তার কুল, ডালা, ধু চুনি, সব পুরো-হিত, বহু দিন আছি।

ধর্ম। (সক্রোধে) পরিহাস কর যে? তুনি কোন সম্পর্কে পুরোহিত?

অভব্য। মাতামহ সম্পর্কে আমি পুরোহিত। ধর্মা। কি রূপ ?

অভব্য । কিরূপ আবার কি? আমার মাতামহ-ঠাকুর সেই গ্রাম দিয়া গঙ্গান্ধানে যেতেন, যে গ্রামে কুলপালক বে করে।

ধর্ম। এ অতি অসম্বত কথা!

অভব্য। কিসে অসঙ্গত হলো?

ধর্ম। কাহার মাতামহ কাহার শশুরের প্রামে কথন গমন করিয়াছে ইহাতে যে সে তাহার যজমান হয় ই-হার প্রমাণ কি?

অভব্য। '' মাতামহস্য দোষেণ রাক্ষসোহভূদশাননঃ '' এই শাস্ত্রই প্রমাণ!

ধর্ম। এ বচনের অর্থ কি ?

অভব্য। অর্থ থাকিলে কি যজমানের দারে আসি-তাম্ং

ধর্ম। (হাস্য মুখে) আপনার নাম কি?

অভব্য। শ্রীঅভব্যচন্দ্র দেবশর্মা।
ধর্মা। আপনি তো পণ্ডিত ভাল, উপাধি কিছু আছে?
অভব্য। হাঁ আছে বৈকি, উপাধি জগন্নাথ তর্কপঞ্চানন'।

ধর্ম। 'জগন্ধাথ তর্কপঞ্চানন' উপাধি ংসে আবার কেমন্ ংনাম শুদ্ধ বলুন্দেখি ং

অভব্য। (উচ্চৈঃস্বরে) 'শ্রী অভব্যচন্দ্র দেবশর্মা জগ-ক্লাথ তর্কপঞ্চানন, শুনিলেন?

ধর্ম। (সহাস্য মূথে) হাঁ শুনা গেছে, আমি কালা নই। আপনার বাটা কোথা?

অভব্য। এখন বাটীর প্রয়োজন কি? যখন ডাইল খাই, তখনি তার দরকার।

ধর্ম। বলি তা নয়, আপনার নিবাস কোথা ? অভব্য। আঃ, ওসব্ কথায় কায্ কি ? পেটে বিদ্যে-সাধ্যে থাকে এসো, লাগা যাউক।

ধর্ম। (সজভঙ্গে)। হাঁ, বিচার আচার করিতে পা-রেন্?

অভব্য । (সগর্বে ) পারবো না কেন ? আচার পে-লেই বিচার হয়।

ধর্ম। দেকেমন? অভব্য। তবে শুরুন্।

পান্তাতে আচার পেলে বড় মজা হয়।

পটি ভাতে পাতিলেরু সর্বা শাস্ত্রে কয়। কড়কড়ো হলে কাঁচা তেঁতুলের ঝোল। তপ্ত ভাতে মজা বড়ো যদি মিলে যোল।

ধর্ম। (উচ্চ হাসে) বা, বা, উত্তম বিচার হলো। অভব্য। একবারেই যে, "বাবা" বল্যে গাছে না উট্তেই এক কাঁদি"।

ধর্ম। হাঁ, আবার রসিকতাও যে আছে ? আপনি কিছু পড়ে শুনে থাকেন্?

অভব্য। (সগর্ব্ধে) কিছু কেমন ং রেতে পড়ে থাকি, দিনে শুনে থাকি।

ধর্ম। কোন্শাস্ত্র জানেন্?

অভব্য। সব রকম, কি না জানি;

ধর্ম। ব্যাকরণ সাহিত্য কিছু বলুন্ খনা যাউক এওতো বিবাহের সভা।

অভব্য। হাঁ বলা ভাল বটে, বিদ্যা যতো প্রকাশ হয় সেই লাভ, কিন্তু বুঝে এমন লোক কে?

ব্যাকরণে মোর বিদ্যা বুঝিবে কি পরে।
ভবতি পচন্তি পেটে গজ গজ করে॥
বত্বে নাই শ্বত্ব মোর নত্ব তে অণত্ব।
আঙ্ক আক্ষ সিদ্ধিকলা কেবা করে তত্ব॥
যে করে বিচার তার বুদ্ধি লোপ করি।

খ্যাত আছি শব্দ শাস্ত্রে ব্যুৎপন্ন কেশরী। কাব্যেতে অভব্য নাম দেখ মোর আছে। ল্লোক পড়ি হাড়ি মুচি চণ্ডালের কাছে॥ অলঙ্কার শাস্ত্রে বিদ্যা বলিব কি বল। আমি নাহি ছুঁই পরে ব্রাহ্মণী সকল। কবিতা করিতে শক্তি অতি অনুপাম। वावा किन ना वाथिल कालिमान नाम। কবিতাতে যদি নাহি মিলে চতুষ্পদ। मिलारेग़ा पिरे ठाटर यामि ठजूष्म ॥ পাষও পণ্ডিত আমি নানা শাস্ত্র জানি। স্মৃতিতে বিস্মৃতি নাই দেখ অনুমানি॥ গোবধে ছপণ কড়ি ব্যবস্থা আমার। অবিচারে কেবা পারে হেন শক্তি কার। জ্যোতিষ শাস্ত্রেতে মোর বিদ্যা আছে ভারি। এক হতে দশ অঙ্ক গণে দিতে পারি॥ অনায়ানে দেখে বলি গর্ভবতী হাত। হয় ছেলে নয় নেয়ে নয় গর্ভপাত॥ ন্যায়েতে অন্যায় বিদ্যা বিদ্যমান আছে। ঘটত্ব পটত্ব ভয়ে নাহি এসে কাছে ॥

## গর্বেতে পর্বত ধূমে করো অনুমান। কপালে আগুন মোর আছে বিদ্যমান॥

ধর্ম। (হাস্য মুখে) আপনি অতি উত্তম পণ্ডিত। পুরাণে কিছু দৃষ্টি আছে কি?

অভব্য। পুরণো নতুন সকলি পারি। ধর্ম। পারেন্ কেমন্?

অভব্য। বলি আপনি তো নতুন চাইল পুরণো চা-ইলের কথা বল্চেন ?

ধর্ম। না না তাহা নয়, পুরাণ শাস্ত্র (প্রাচীন বৃত্তান্ত) জানেন?

অভব্য। (সজ্রভঙ্গে) পুরাণ ইতিহাস, তাই বলুন্, আমি আর এটা বুঝে ছিলাম্।

পুরাণে নবীন বিদ্যা হয়েছে আমার।
রাবণ উদ্ধাবে কহে শুন সমাচার॥
দৌপদী কান্দিয়া বলে বাছা হনুমান।
কহং কৃষ্ণ কথা অমৃত সমান॥
পরীক্ষিত কীচকেরে করিয়া সংহার।
সিংহাসন অধিকার করিল লঙ্কার॥
জানকীর কথা শুনে হাসে ছুর্য্যোধন।
সপ্তাহ মধ্যেতে হবে তক্ষক দংশন॥

ইতিহাস কিছু বলিব?

শীমন্ত করিয়া কোলে বেছলা নাচনী। রথের তলায় ওই দেখলো সজনি॥ পঞ্চানন বলে সত্যপীরের বারতা। ব্যাধের রমণী আমি হবে মোর সতা॥

ধর্ম। আর বিদ্যা প্রকাশে কায় নাই, বুঝেছি?
অভব্য। বুঝেছ তো মজেছ,—যে বুঝেছে সেই মজে-ছে।

ধর্ম। কুলপালকের বাটীতে এসেছেন কি করিতে? অভব্য। কেন? বে দিতে।

ধর্ম। বিবাহ দিবার মন্ত্র জানেন?

অভব্য। বিবাহ 'দিবার' মন্ত্র জানি না কিন্তু বিবা-হ 'রাত্রের' মন্ত্র জানি।

धर्म। हाँ, जाहे वनून (मिथे?

অভব্য। বল্যে কি দেকেত পাবেন্? শুন্তেই পাবেন্। ধর্ম্ম। (স্থগত) অভব্যের নিকটেও অভব্য হইলাম! (প্রকাশে) তা বলুন্।

অভব্য। শুরুন্,—" প্রথমে সংকল্প। বিষ্ণুর্নমোদ্য ফলারে মাসি কাড়াকাড়ি পক্ষে পুট্লি তিথে। গোলমাল গোত্রস্য প্রীমোগুচিক্র——"।

ধর্ম। হয়েছেং, আর বলতে হবে না,এতো সংকল্প — তার পর? অভব্য। তার পর মেয়ে গুলো নাইয়ে এনে " যম-দারে মহাঘোরে তপ্তা বৈতরণী নদী। এবং শ্মশানান-লদ্ধোদি পরিত্যাক্তোদি বান্ধবৈঃ" ইহা বলিয়া বি-বাহ দিবে।

ধর্ম। হাঁ, এই বের এই মন্ত্রই বটে। আর কিছু আছে?

অভব্য। পরে গাঁটি ছড়া বাঁধিয়া এই মন্ত্রে আশী-র্বাদ করিবে ''সর্ব্ধনাশো মনস্তাপঃ গৃহদাহস্তথৈব চ , সর্বাচ্ছে ধবলাকারঃ অল্লায়ুর্ভব সম্পুতি"।

তর্ক। (ধর্মশীলের প্রতি) মহাশয়, ইনিই এ বিবা-হের পৌরহিত্য কর্ম্মে উপযুক্ত, আমাদের এস্থানে থা-কায় আর প্রয়োজন কি?

ধর্ম। ভাল বলেছ, চল আমরা গৃহে যাই।

কুল। (পুরোহিতের গমনোদ্যম দেখিয়া) না মহাশয়,
যাবেন্ কেন? আমার অদৃতাধীন উনি এসেছেন, ভালই,
আমি উঁহাকে স্বতন্ত্র দক্ষিণা দিব; বিবাহ নির্কাহ না
হইলে আপনি যাইতে পারিবেন না।

ধর্ম। ভাল, তোমার কথারই থাকিলাম।

কুল। মহাশয় যদিও আমাদিগের জাতিতে বিবাহ বিষয়ে কৌলীন্যই অপেক্ষণীয় বটে তথাপি শিক্ষাচার দৃষ্টান্তে আপনি বরের পরিচয় লোন্।

ধর্ম। (স্থগত) পরিচয় তোমার মাথা আর বল্লালের শ্রাদ্ধ। (প্রকাশে) হাঁ, উচিত বটে। কেমন হে, বাবাজী, লেখা পড়া কি করিয়াছ? —— কৈ ? কিছুই যে বলেন্না? (স্বগত) বধি-রতাও আছে না কি?

অনৃ। আঃ ব্রাহ্মণ পণ্ডিত হইলে কি বিষয় বুদ্ধি মাত্র থাকে না? বিবাহ রাত্রে বর আর চোর—তুল্য; আজি বর কি কোথাও কথা কয়?

ধর্ম। (সক্রোধে) তুমি কেমন ঘটক হে ? পরিচয় লব না?

অন্। অবশ্য-পরিচয় লবেন্ বৈতো নয়, আমিই প-রিচয় দিতেছি, 'বিষ্ঠাকুরের সন্তান, ফুলের সুখটী' আর কি পরিচয়?

ধর্ম। আমি, 'বিষ্ণ্ঠাকুর কি কৃষ্ণঠাকুর—ফুলের মুখটা কি ফলের মুখটা 'তাহা জিজ্ঞাসা করি নাই, লেখা পড়া জিজ্ঞাসা করিতেছি।

অনৃ। হাঁ লেখার বিষয়টা বিস্মৃতক্রমে হয় নাই বটে। ধর্মা। সে কি! জন্মাবিছিলে কেহ কি লিখিতে বি-স্মৃত হয়, এ কেমন কথা?

অনৃ। হবে না কেন ? বিধাতাই ভুলেছেন;—তিনি
যদি ইহাঁর ললাটে 'লিখিবার' কথা লিখিতেন, তাহা
হইলে ইনিও 'লিখতেন,' তাহারি ভুল, ইহাঁর দোষ
কি? আর আপনি 'পাড়ার' কথা জিজাসা করিলেন, তা
যেখায় পড়ামেয়ের বে, সেখার বরের 'পড়ার' কথায়
প্রয়োজন কি?

ধর্ম। (সহাস্থ্য মুখে) বিলক্ষণ! রূপগুণ সকলি ভাল! অনু। (সজ্রভঙ্গে) কিনে মন্দ? ধর্ম। (সক্রোধে) সব্মন্।

অনৃ। মুখের কথা বল্যিইতো হয় না,—কি কি দোষ দেখান্।

ধর্ম। শুন তবে।

অনৃ। বলুন্ আপুনি।

ধর্ম। 'দেখিতে স্থন্দর বর দাদ সব গায়।'

অনু। 'বিনাচকে শালগ্রাম শোভা নাই পায়।'

ধর্ম। 'দেখিতেছি কিছু । আছে জলদোষ।'

অনু। 'এ দোষ ইহার নয় এযে জল দোষ।।'

ধর্মা। 'উভয় চরণ যেন মুকি ভরা ওল।'

অনৃ। 'দেখ দেখি কিবা শোভা দেখিতে এওল। '

ধর্ম। 'বদন্ত রোগের চিত্র মুখেতে বিরূপ।'

অনু। 'শীতলার অন্তগ্রহ নহে অপরূপ।।'

ধর্ম। 'দক্ষিণ নয়ন কেন দেখিতে না পাই।'

অনু। 'যে বলে উহাকে কাণা তার দক্ষু নাই।।'

ধর্ম। কুলের পতাকা রবে এ কর্মা করিয়া।

অন্। (জনান্তিকে) 'দক্ষিণা দিগুণ পাবে শীত্র দেও বিয়া।।'

ধর্ম। (স্বগত) শাস্ত্রে লিখিত আছে "সর্বঃ স্পর্থং সমীহতে"। সকলেই স্বস্থ,প্রয়োজনামুসারে পর্য্যটন করে, বিশেষতঃ "পুরীযস্থাত রোষস্থা হিংসারা স্তক্ষরস্থাত। আ-দার্বাং সমাদায় ধাতা চক্রে পুরোহিতং"।। বিধাতা পুরী-ষের 'পু' রোষের 'রো' হিংসার 'হি' আর তক্ষরের 'ত' এই চারি অক্ষর একত্র করিয়া 'পুরোহিত' করিয়াছেন, বিবাহ করেবে, তাহার ভাল মন্দ আমার কল্যা কার্য্যকি ব আমিতো দিগুণ দক্ষিণা পাইন, তা কার্য্যকি ব আমিতো দিগুণ দক্ষিণা পাইন, তা কার্য্যকি ব আমিতো দিগুণ দক্ষিণা পাইন, তা কার্য্যকি হলো। (প্রকাশে) ওহে কুলপালক, আর পবিচ কার্য্যকি দেও, পরে পরিচ্য হইবে।

। নটের উক্তি।

विदाश নিৰ্বাহ হলো হরি হরি বোল।

यर्थअञ्च ।

मगाश्व ।



AGO, WINE ALE CARE STATES